


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 25 June, 2024 ■ আগরতলা ২৫ জুন ২০২৪ ইং ■ ১০ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## অষ্টাদশ লোকসভার অধিবেশন শুরু

# শপথ নিলেন মোদী সহ নির্বাচিত সদস্যরা

**নয়াদিল্লি, ২৪ জুন (হি.স.)।।** অষ্টাদশ লোকসভার সদস্য হিসেবে শপথ গ্রহণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোমবার বেলা এগারোটা নাগাদ অষ্টাদশ লোকসভার অধিবেশন শুরু হলে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নিম্নকক্ষের সদস্য হিসেবে শপথবাক্য পাঠ করান প্রোটেম স্পিকার ভতুহরি মহতাব। পাশাপাশি কেরলের ওয়ানাড সংসদীয় আসন থেকে কংগ্রেস নেতা রাহুল গান্ধীর পদত্যাগপত্র গ্রহণ করেছেন প্রোটেম স্পিকার ভতু হরি মহতাব। রাহুল গান্ধী রায়বেরেলি লোকসভা আসন রেখে দিয়েছেন।



অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন সোমবার শুরু হয়েছে। এদিন সকালেই প্রোটেম স্পিকার হিসেবে শপথ নেন ভতু হরি মহতাব। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তাঁকে শপথ বাক্য পাঠ করান। অধিবেশন শুরু হলে প্রথমেই তিনি শপথ নিতে ডাকেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে। এরপর এক-এক করে শপথ নেন নবনির্বাচিত সাংসদরা। প্রধানমন্ত্রীর পর শপথ নেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, এরপর শপথ নেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ, তারপর নীতিন গড়করি ও অন্যান্য নবনির্বাচিত সদস্যরা শপথ নেন।

উল্লেখ্য, আগামী বুধবার হবে লোকসভার নতুন অধ্যক্ষ নির্বাচন। বৃহস্পতিবার উভয় সভার যৌথ অধিবেশনে ভাষণ দেবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। সেদিনই শুরু হবে, রাজ্যসভার অধিবেশন। ৩ জুলাই পর্যন্ত সংসদের অধিবেশন চলার কথা।

অষ্টাদশ লোকসভার সদস্য হিসেবে শপথ গ্রহণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোমবার বেলা এগারোটা নাগাদ অষ্টাদশ লোকসভার অধিবেশন শুরু হলে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নিম্নকক্ষের সদস্য হিসেবে শপথবাক্য পাঠ করান প্রোটেম স্পিকার ভতু হরি মহতাব। পাশাপাশি কেরলের ওয়ানাড সংসদীয় আসন থেকে কংগ্রেস নেতা রাহুল গান্ধীর পদত্যাগপত্র গ্রহণ করেছেন প্রোটেম স্পিকার ভতু হরি মহতাব। রাহুল গান্ধী রায়বেরেলি লোকসভা আসন রেখে দিয়েছেন।

অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন সোমবার শুরু হয়েছে। এদিন সকালেই প্রোটেম স্পিকার হিসেবে শপথ নেন ভতু হরি মহতাব। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তাঁকে শপথ বাক্য পাঠ করান। অধিবেশন শুরু হলে প্রথমেই তিনি শপথ নিতে ডাকেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে। এরপর অধ্যক্ষ নির্বাচন না হওয়া পর্যন্ত সভা পরিচালনার কাজে মহতাবকে সহায়তার জন্য নিযুক্ত প্যানেলের সদস্যরা শপথ নেন। এরপর হয় কেন্দ্রীয় ☞ ৬ এর পাতায় দেখুন

## দেশ চালানোর ক্ষেত্রে

# সংসদে ঐক্যের বার্তা প্রধানমন্ত্রীর

**নয়াদিল্লি, ২৪ জুন (হি.স.)।।** দেশ চালানোর ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি হল ঐকমত্য। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, 'সরকার চালানোর জন্য সংখ্যাগরিষ্ঠাতার প্রয়োজন। কিন্তু একটি দেশ চালানোর ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি হল ঐকমত্য।' প্রধানমন্ত্রী মোদী বলেন, তাঁর সরকার চায়, প্রত্যেককে একসঙ্গে নিয়ে ও সংবিধানের পবিত্রতা বজায় রেখে দেশের উন্নয়নের গতি ত্বরান্বিত করতে।



অষ্টাদশ লোকসভার অধিবেশন শুরু হওয়ার আগে সোমবার সকালে সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে এবং দেশের সেবায় ও প্রত্যেককে একসঙ্গে নিয়ে মানুষের আশা আকাঙ্খা পূরণ করার উদ্দেশে অষ্টাদশ লোকসভার অধিবেশন শুরু হয়েছে।

প্রধানমন্ত্রীর কথায়, স্বাধীনতার পর এই প্রথম সাংসদরা নতুন সংসদ ভবনে শপথ নিচ্ছেন। এবারের লোকসভা ভোট অন্যতম উল্লেখযোগ্য কারণ, স্বাধীনতার পর থেকে এই দ্বিতীয়বার দেশের মানুষ কোনও সরকারকে তৃতীয়বারের জন্য দেশ সেবার এবং সরকার গঠনের সুযোগ দিলেন। গণতন্ত্রের সম্মান বজায় রেখে বিরোধীরা সুষ্ঠুভাবে সরকার চালাতে উপযুক্ত পদক্ষেপ নেবেন বলে তিনি জানান।

জনগণ স্লোগান নয়, কাজ চায়। বিরোধীদের উদ্দেশ্যে এই মন্তব্য করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। একইসঙ্গে প্রধানমন্ত্রী বলেছেন, দেশে ভালো ও দায়িত্বশীল বিরোধী দল থাকা দরকার। সোমবার থেকে শুরু হয়েছে অষ্টাদশ লোকসভার অধিবেশন। এদিন অধিবেশন শুরু হওয়ার প্রাক্কালে সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'দেশবাসী বিরোধী দলের কাছ থেকে ভালো পদক্ষেপ আশা করে। আমি আশা করছি গণতন্ত্রের মর্যাদা রক্ষায় বিরোধী দল দেশের সাধারণ নাগরিকদের প্রত্যাশা পূরণ করবে।'

এরপরই প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'জনগণ নাটক, ঝামেলা চায় না। মানুষ কাজ চায়, স্লোগান নয়। দেশের একটি ভাল বিরোধী দল দরকার, একটি দায়িত্বশীল বিরোধী দল এবং আমার পূর্ণ বিশ্বাস যে, এই অষ্টাদশ লোকসভায় জয়ী সাংসদরা সাধারণ মানুষের এই প্রত্যাশাগুলি পূরণ করার চেষ্টা করবেন।'

লোকসভার অধিবেশন শুরুর আগের ভাষণে ইন্দিরা গান্ধীর আমলের কংগ্রেস সরকারকেও আক্রমণ করেন মোদী। বলেন, "৫০ বছর আগে দেশে জরুরি অবস্থা জারি করা হয়েছিল। সেটা দেশের অন্ধকার অধ্যায়। গণতন্ত্রের উপর কালো দাগ। আর কখনও সেই আঁধার নেমে আসবে না এই দেশে।" বিরোধীদের উদ্দেশে তিনি বলেন, "এখনও পর্যন্ত ☞ ৬ এর পাতায় দেখুন

# কোন শক্তিই দেশের সংবিধানকে স্পর্শ করতে পারবে না ঃ রাহুল



***নয়াদিল্লি, ২৪ জুন (হি.স.)।।** কোনও শক্তিই ভারতের সংবিধানকে স্পর্শ করতে পারবে না। বিজেপির বিরুদ্ধে আক্রমণ শানিয়ে এই মন্তব্য করলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। সোমবার সংসদ চত্বরে সাংবাদিকদের রাহুল গান্ধী বলেছেন, 'প্রধানমন্ত্রী ও অমিত শাহ সংবিধানের ওপর যে আক্রমণ চালাচ্ছেন, তা আমাদের কাছে গ্রহণযোগ্য নয়, আমরা তা হতে দেব না। তাই শপথ নেওয়ার সময় আমরা সংবিধানকে হাতে রেখেছিলাম। আমাদের বার্তা হল, ভারতের সংবিধানকে কোনও শক্তি স্পর্শ করতে পারবে না।' উল্লেখ্য, নরেন্দ্র মোদী এবং তাঁর মন্ত্রিসভার সদস্যরা যখন সাংসদ হিসাবে শপথ নিচ্ছেন, তখনই সংসদের বাইরে বিক্ষোভ দেখালেন বিরোধী জোট 'ইন্ডি'-র সাংসদেরা। সোমবার অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশনের দিনই সংবিধান বাঁচানোর দাবি তুলে গান্ধীমূর্তির পাদদেশে বিক্ষোভ দেখান বিরোধী সাংসদদের একাংশ। হাতে সংবিধান নিয়ে বিক্ষোভ দেখান কংগ্রেসের সোনিয়া গান্ধী, মল্লিকার্জুন খাড়গে, তৃণমূলের সুদীপ বন্দ্যোপাধ্যায়, সৌগত রায়, সমাজবাদী পার্টির অখিলেশ যাদব, ডিম্পল যাদব, ডিএমকে-র কানিমোঝিরা।*

*অষ্টাদশ লোকসভার সদস্য হিসেবে শপথ গ্রহণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোমবার বেলা এগারোটা নাগাদ অষ্টাদশ লোকসভার অধিবেশন শুরু হলে, প্রধানমন্ত্রী* ☞ ৬ এর পাতায় দেখুন

## ফল প্রকাশের দাবিতে বিক্ষোভ জিআরবিটি চাকুরী প্রত্যাশীদের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন।।** ফের অতিসত্বর ফলাফল প্রকাশ দাবিতে শ্রম দপ্তরের সামনে বিক্ষোভে সামিল হয়েছেন জিআরবিটি গ্রূপ-ডি চাকুরী প্রত্যাশীরা।

জনৈক পরিক্ষার্থী জানিয়েছেন, ২০২২ সালে জিআরবিটি গ্রূপ-ডি পরীক্ষা নেওয়া হয়েছিল। পরীক্ষা দেওয়ার ৪ বছর অতিক্রান্ত হয়ে গেলেও এখনো পর্যন্ত ফলাফল প্রকাশ ☞ ৬ এর পাতায় দেখুন

## তড়িৎবাহী তারের ছুবলে মৃত্যু বন্যহাতির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন।।** বিদ্যুৎ দপ্তরের গাফিলতিতে উচ্চক্ষমতাসম্পন্ন তড়িৎবাহী তারের ছুবলে মৃত্যু হয়েছে বন্যহাতির। ঘটনাস্থলে ছুটে গিয়েছে বন্য দপ্তরের কর্মী সহ বিদ্যুৎ কর্মীরা।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, আজ সকালে অমরপুর-উদয়পুর সড়কের মাতরাঙ্গিবাড়ি এলাকার জঙ্গলে ☞ ৬ এর পাতায় দেখুন

# পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠ ভাবে করতে নির্বাচন কমিশনের দারস্থ বামেরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন।।** সামনেই রাজ্যে অনুষ্ঠিত হবে ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন। ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনে নিরাপত্তা এবং সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন কমিশনারের সঙ্গে দেখা করলেন সিপিআইএম দলের নেতৃত্বরা। এদিন সাংবাদিক সম্মেলন করে বিস্তারিত তথ্য তুলে ধরেছেন মানিক দে। তিনি বলেন, সামনেই রাজ্যের ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন। এই নির্বাচনে শাসকদল বিজেপি হামলা হুজ্জতি সংঘটিত করে বিরোধী দলের কর্মীদের প্রভাবিত করার চেষ্টা করবে বলে, ধারণা করছেন তারা। বাম নেতৃত্ব মানিক দে বলেন, রাজ্যে এখন শান্তির পরিবেশ নেই। শাসক শিবির দ্বারা প্রায়শই আক্রমণের শিকার হচ্ছেন বিরোধীরা। পঞ্চায়েত নির্বাচনে যাদেরকে প্রার্থী দেওয়া হবে বলে দল ভাবছে তাদের বাড়িঘরে গিয়ে বেশ কিছু জায়গায় তাদের হুমকি দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেন বাম নেতৃত্ব। তাই পঞ্চায়েত নির্বাচন যাতে শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয় সেজন্য রাজ্য ইলেকশন কমিশনারের নিকট তিনি দাবি জানিয়েছেন। পাশাপাশি তিনি রাজ্য নির্বাচন কমিশনারের কাছে আরো বলেন, বিগত নির্বাচনগুলি থেকে পাওয়া অভিজ্ঞতার ভিত্তিতে ধারণা করা যাচ্ছে এই নির্বাচনেও ব্লক এলাকা গুলিতে বিভিন্ন রকম সন্ত্রাসের চেষ্টা করবে শাসকদল বিজেপি। তাই সেসব ক্ষেত্রেও যেন নিরাপত্তা সুনিশ্চিত করা যায় তার দাবি জানিয়েছেন বাম নেতৃত্ব।

## পঞ্চায়েত নির্বাচনে লড়াই করতে প্রস্তুত কংগ্রেস ঃ আশীষ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন।।** আসন্ন পঞ্চায়েত নির্বাচনে লড়াই করতে প্রস্তুত প্রদেশ কংগ্রেস। আজ আমবাসা জেলা কংগ্রেসের উদ্যোগে সাংগঠনিক সভায় একথা বলেন ত্রিপুরা প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা।



এদিনের সভায় উপস্থিত ছিলেন ত্রিপুরা প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সদস্য তথা জেলার প্রাক্তন সভাপতি মানিক দেব, জেলা সভাপতি নিদু মারাক, তিন ব্লকের সভাপতি সহ কংগ্রেস কর্মীগণ। এদিন শ্রী সাহা বলেন, জেলা কংগ্রেসের উদ্যোগে আজ আমবাসা জেলা কংগ্রেসে ভবনে পঞ্চায়েত নির্বাচন নিয়ে জেলার তিনটি ব্লককে নিয়ে আজ সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এদিন তিনি আরও বলেন, কিভাবে পঞ্চায়েত নির্বাচনে মাঠে নেমে লড়াই করা যায় তার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

## শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবিতে বিক্ষোভ বাম ছাত্র যুব সংগঠনের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন।।** শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবি করে রাজপথে বিক্ষোভে নামলো বাম ছাত্র যুব সংগঠন। সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষাগুলিতে একের পর এক দুর্নীতির অভিযোগ উঠে আসছে। এরই পরিপ্রেক্ষিতে সোমবার রাজধানী আগরতলায় বিক্ষবে শামিল হয় বামপন্থী ছাত্র ও যুব সংগঠন। এদিনের এই ছাত্র যুবদের যৌথ সম্মেলন থেকে শিক্ষামন্ত্রীর ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগ দাবি করেছেন নেতৃত্বরা। ছাত্র যুব ভবনের সামনে থেকে বিক্ষোভ শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

ডি ওয়াই এফ আই রাজ্য সভাপতি পলাশ ভৌমিক বলেন, দেশের বিজেপি সরকার শিক্ষা ব্যবস্থাকে খাদের কিনারায় এনে দাঁড় করিয়ে দিয়েছে। গত ১৫ দিনে একের পর এক প্রবেশিকা পরীক্ষায় দুর্নীতির অভিযোগ এবং কেলেঙ্কারি ধরা পড়েছে। এর জন্য কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীকে দায়ী করে তার পদত্যাগ দাবি করেছেন ☞ ৬ এর পাতায় দেখুন

# এমবিবি কলেজে ভর্তি নিয়ে দুই ছাত্র সংগঠনের সংঘর্ষ, আহত ১



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন ।।** কলেজের ভর্তি প্রক্রিয়াকে কেন্দ্র করে এবিভিপি ও টিএসএফ দুই ছাত্র সংগঠনের সংঘর্ষে উত্তপ্ত হয়ে উঠেছে এমবিবি কলেজ চত্বর। তাতে গুরুতর আহত হয়েছেন টিএসএফের ছাত্র খরাং দেব্বর্মা।বর্তমানে সে আগরতলা জিবি হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

ঘটনার বিবরণে টিএসএফের জনৈক ছাত্র জানিয়েছেন , মহারাজা বীরবিক্রম কলেজে ভর্তি প্রক্রিয়া চলছে। সেই ভর্তি প্রক্রিয়াকে কেন্দ্র করে এবিভিপি ও টিএসএফের ছাত্রদের মধ্যে মারপিট শুরু হয়েছিল। তাতে গুরুতর আহত হয়েছেন টিএসএফের এক ছাত্র খরাং দেব্বর্মা। বর্তমানে সে আগরতলা জিবি হাসপাতালে চিকিৎসাধীন আছেন। এই ঘটনার তীব্র নিন্দা জানিয়েছে টিএসএফ ছাত্র সংগঠন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাসলে ছুটে গিয়েছে পুলিশ। তাঁদের অভিযোগ, মারপিটের ঘটনা এমবিবি কলেজের প্রিন্সিপালের সামনে হয়েছে। কিন্তু প্রিন্সিপাল কোন ব্যবস্থা গ্রহণ করছে না। পর্বতীতে সংগঠনের এক প্রতিনিধি দল প্রিন্সিপালের সাথে দেখা করেছেন। কলেজের প্রিন্সিপাল জানিয়েছেন, ☞ ৬ এর পাতায় দেখুন

# রাজ্যের মানুষকে বিভ্রান্ত করতে মিথ্যাচার করছে বামেরা ঃ বিজেপি



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন।।** সিপিআইএমের পাল্টা জবাব দিল বিজেপি। রাজ্যের মানুষকে বিভ্রান্ত করার জন্য একের পর এক মিথ্যাচার করছে সিপিআইএম। রাজ্যের উন্নয়নে বাধা সৃষ্টি করতে চাইছে। সোমবার সাংবাদিক সম্মেলনে এভাবেই বামেদের বিরুদ্ধে সুর চড়ালেন প্রদেশ বিজেপির মুখপাত্র সুব্রত চক্রবর্তী।

গতকাল সিপিআইএম এর উদ্যোগে এক সাংবাদিক সম্মেলনে বিধায়ক দীপক মজুমদারের বিরুদ্ধে আইনি পথে হাঁটার হুঁশিয়ারি দিয়েছিলেন জিতেন্দ্র চৌধুরী। আজ সাংবাদিক সম্মেলনের মাধ্যমে এর উত্তরে প্রদেশ বিজেপির মুখপাত্র বলেন পুর নিগমের মেয়র দীপক মজুমদার ৭ রামনগর বিধানসভা কেন্দ্র থেকে বিপুল ভোটে জয়ী হয়েছে। তিনি কোন ধরনের সংবিধান ভঙ্গ করে শপথ গ্রহণ করেননি। তাই এ বিষয়ে আইনি পথে হাঁটলে বামেদেরই পরাজয় হবে বলে জানান তিনি।

এছাড়াও শান্তিনিকেতন মেডিকেল কলেজের বিষয়ে তিনি বলেন, বাম আমলে রাজ্যের চিকিৎসা পরিষেবা বেহালদশা ☞ ৬ এর পাতায় দেখুন

# রাস্তা সংস্কারের দাবিতে সড়ক অবরোধ



**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৪ জুন।।** রাষ্ট্র সংস্কারের দাবিতে টায়ার জ্বালিয়ে পথ অবরোধ করলো এলাকাবাসীরা। ঘটনা কৈলাসহরের সমরুরপার গ্রাম পঞ্চায়েত এলাকায়। রাস্তা সংস্কার নিয়ে অবরোধকারী ও স্থানীয় পঞ্চায়েতের জনপ্রতিনিধির অভিযোগ পাল্টা অভিযোগ ঘিরে উত্তপ্ত হয়ে উঠে পরিস্থিতি। কৈলাসহরের চন্ডিপুর ব্লকের অধীনে থাকা সমরুরপার গ্রাম পঞ্চায়েতের তিন নং ওয়ার্ড এলাকায় একটি মাটির রাস্তা রয়েছে। এই রাস্তাটির উপর দুই শতাধিক পরিবার নির্ভরশীল বলে অবরোধকারীরা জানায়। ২০১৮ সালের আগে থেকেই রাস্তার বেহাল দশা। সামান্য বৃষ্টি হলেই জল কাঁদায় একাকার হয়ে যায় রাস্তাটি। যার ফলে কচিকাঁচাদের স্কুলে যেতে অসুবিধা হয়, ছোট বড় যানবাহন সেই রাস্তা দিয়ে চলাচল করতে পারেনা। সংশ্লিষ্ট এলাকাতেই রয়েছে একটি মাদ্রাসা, সেই মাদ্রাসার পঠন পাঠানো ব্যাহত হচ্ছে এই রাস্তার কারণে। অবরোধকারীদের বক্তব্য স্থানীয় গ্রাম পঞ্চায়েত থেকে চন্ডীপুর ব্লকের বি ডি ও এমনকি কৈলাসহর মহকুমা শাসককে লিখিতভাবে ও মৌখিকভাবে জানানোর পরও কাজের কাজ কিছুই হয়নি। তাই বাধ্য হয়ে সোমবার বিকেলে পথ অবরোধ করে এলাকাবাসী। দীর্ঘক্ষণ অবরোধের ফলে সাধারণ পথ চলতি নাগরিকদের দুর্ভোগে পোহাতে হয়। পথ অবরোধের নেতৃত্বে ছিলেন চন্ডিপুর ব্লক যুব কংগ্রেসের সভাপতি নজরুল আলী।

অবরোধের খবর পেয়ে ঘটনা চলে ছুটে আসে সমরুরপার গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান দিলীপ দাস, তিনি এসে অবরোধকারীদের সাথে দীর্ঘ সময় আলাপ-আলোচনা করেন এবং আলোচনার মাধ্যমেই অবরোধকারীরা অবরোধ ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২৫২ ▫ ২৫ জুন ২০২৪ ইং ▫ ১০ আষাঢ় ▫ মঙ্গলবার ▫ ১৪৩১ বঙ্গাব্দ

# বাতাসে বিষ !

গোটা বিশ্বেই বায়ু দূষণের মাত্রা বাড়িতেসে। দশন প্রতিহত করিতে জনসচেতনতাই একমাত্র উপায়। দূষণ নিয়ন্ত্রণ করিতে হইলে সর্বস্তরের জনগণকে পরিবেশ সম্পর্কে সচেতন হইতে হইবে। জ্ঞান পাপীর ভূমিকা পালন করগলে বায়ু দূষণ রোধ করা কোনভাবেই সম্ভব হইবে না। বিভিন্ন সমীক্ষায় দেখা গিয়েছে যে,বাতাসে বহিতেছে বিষ। দূষণ বাড়িয়াছে মাত্রাছাড়া। এর খেসারত দিতে হইতেছে আম আদমিকে। বিশেষ করিয়া, শিশুদের শরীরে উদ্বেগজনক প্রভাব ফেলয়াছে এই দূষণ। সাম্প্রতিক এক রিপোর্টে উঠিয়া আসিল এমনই চাঞ্চল্যকর তথ্য। স্টেট গ্লোবাল এয়ার ২০২৪-এর রিপোর্ট অনুযায়ী ২০২১ সালে ভারতে পাঁচ বছরের কম বয়সের ১ লক্ষ ৬৯ হাজার ৪০০ শিশুর মৃত্যু

হইয়াছে বায়ুদূষণ জনিত অসুস্থতার কারণে। যাহার অর্থ, দৈনিক গড়ে ৪৬৪ শিশুকে প্রাণ হারাইতে

হইয়াছে।ইনস্টিটিউট ফর হেলথ মেট্রিক্স অ্যান্ড ইভালুয়েশন পরিচালিত বার্ডেন অব ডিজিজ, ইনজুরি অ্যান্ড রিস্ক ফ্যাক্টরস স্টাডি ২০২১-এ এমনই চাঞ্চল্যকর তথ্য উল্লেখ করা হইয়াছে। এই সমীক্ষায় ১০ হাজারের বেশি আন্তর্জাতিক গবেষক যুক্ত ছিলেন। ১৯৯০ থেকে ২০২১ সাল পর্যন্ত স্বাস্থ্যের উপর পরিবেশগত, আচরণগত ও পুষ্টি সংক্রান্ত বৈশিষ্ট্যের পর্যালোচনা করিয়া তৈরি করা

হইয়াছে রিপোর্টটি। বলা হইয়াছে, পাঁচ বছরের কম বয়সি শিশুরা অত্যন্ত ঝুঁকির মধ্যে রহিয়াছে। জানা গিয়াছে, পিএম ২.৫ নামক একটি ক্ষুদ্রকণাই বিশ্বব্যাপী বায়ু দূষণের জন্য ৯০ শতাংশের বেশি মৃত্যুর জন্য দায়ী। এই কণাগুলি রক্তপ্রবাহে মিশিয়া প্রভাবিত করিতে পারে অঙ্গপ্রত্যঙ্গকে। ফুসফুসের রোগ, হৃদরোগ, স্ট্রোক, ডায়াবেটিস, ডিমেনশিয়ার মতো একাধিক সমস্যার সঙ্গে জড়িত এই কণা। পরিস্থিতি দিন দিন আরও খারাপ হইতেছে বলিয়া দাবি করা হইয়াছে। অপুষ্টির পরেই বায়ুদূষণ বিশ্বব্যাপী শিশু মৃত্যুর দ্বিতীয় কারণ হিসাবে দাবি করা হইয়াছে। এশিয়ার বিভিন্ন দেশে ঘরের ভিতরে রান্না করাই বায়ুদূষণে শিশুমৃত্যুর অন্যতম কারণ। সম্প্রতি ইউনিসেফের সহযোগী মার্কিন গবেষণা সংস্থা হেলথ এফেক্টস ইনস্টিটিউট (এইচইআই)-এ প্রকাশিত রিপোর্টে বলা হয়, ২০২১ সালে গোটা বিশ্বে বায়ুদূষণের ফলে প্রাণ হারাইয়ছেন, ৮১ লক্ষ মানুষ। এর মধ্যে ভারতে মৃতের সংখ্যা ২১ লক্ষ। সারা বিশ্বে মৃতদের ৫০ শতাংশেরই মৃত্যুর কারণ ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজঅর্ডার বা সিওপিডি। ভারতে এই অসুখে আক্রান্ত হইয়াছে মৃতের সংখ্যা ২ লক্ষ ৩৭ হাজার। এই প্রসঙ্গে সেন্ট্রাল পলিউশন কন্টোল বোর্ডের প্রাক্তন অ্যাডিশনাল ডিরেক্টর দীপঙ্কর সাহা বলেন, 'এই রিপোর্ট সত্যিই উদ্বেগের। তবে এর ভিত্তিতে কোনও উপসংহারে আসা ঠিক নয়। কারণ সেই সময় বিশ্বজুড়ে করোনার প্রকোপ ছিল। পাশাপাশি আরও অনেক ফ্যাক্টর কাজ করে। তাই একমাত্র বায়ুদূষণই এই এতগুলি শিশুর প্রাণ কাড়িয়াছে কি না, তাহা খতিয়ে দেখা প্রয়োজন। সরকারের উপযুক্ত ব্যবস্থা নেওয়াও দরকার। শুধু সরকারি উদ্যোগে যথেষ্ট নয় বায়ু দূষণ রোধ করিতে সমাজের সকল স্তরের জনগণকে সচেতন হইতে হইবে। সার্বিক প্রচেষ্টাই এই ভয়ঙ্কর পরিস্থিতি হইতে মুক্তি দিতে পারে।

## জুয়েলারি শোরুমের উদ্বোধন করলেন বলিউড অভিনেত্রী মালাইকা অরোরা

বিকানের, ২৪ জুন (হি.স.) : বলিউড তারকা মালাইকা অরোরা সোমবার বিকানেরে কল্যাণ জুয়েলার্সের নতুন শোরুমের উদ্বোধন করলেন। শোরুমের উদ্বোধনে উচ্ছ্বসিত ভক্তদের উদ্দেশে মালাইকা বলেন, "আজ বিকানেরে কল্যাণ জুয়েলার্সের নতুন শোরুম উদ্বোধন করতে পেরে আমি খুবই আনন্দিত।

বিকানেরের এই নতুন শোরুম সম্পর্কে তথ্য দিতে গিয়ে, কল্যাণ জুয়েলার্সের এক্সিকিউটিভ ডাইরেক্টর রমেশ কল্যাণরামন বলেন, বিকানেরে আমাদের নতুন শোরুম চালু করার সাথে সাথে, আমরা একটি অনন্য ইকো সিস্টেম তৈরি করে আমাদের গ্রাহকদের নির্দিষ্ট চাহিদা মেটাতে চাই, যাতে তাদের কেনাকাটার অভিজ্ঞতা আরও উন্নত হবে।

## সংসদে শপথ নিলেন কঙ্গনা

নয়াদিল্লি, ২৪ জুন (হি. স.) : নতুন ইনিংস শুরু করলেন অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত। সোমবার সরকারিভাবে সাংসদ হিসেবে শুরু করলেন ইনিংস। এদিন ১৮তম লোকসভার প্রথমদিনে সাংসদ হিসেবে শপথ নেন হিমাচল প্রদেশের মেয়ে কঙ্গনা। সংসদে প্রথমদিনে আইভরি শাড়ি পরেছিলেন তিনি।

উল্লেখ্য, মান্ডি লোকসভা কেন্দ্রে কংগ্রেসের বিক্রমাদিত্য সিং-কে হারিয়ে প্রথমবারেই ভোটে জেতেন কঙ্গনা। বিজেপির টিকিট পাওয়ার পর প্রচারে নিজের জন্য যথেষ্ট পরিশ্রম করেন কঙ্গনা। বলিউড-ক্যুইন আগেই জানিয়েছিলেন, তিনি এখন আর তার অভিনয়ের কেরিয়ার নিয়ে ভাবছেন না, এখন তিনি পূর্ণ সময়ের রাজনীতিতে মন দিতে চান।

## কাশ্মীরের বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ড

শ্রীনগর, ২৪ জুন (হি. স.): সোমবার দুপুরে শ্রীনগরে ভয়াবহ অগ্নিকাণ্ড। ঘটনাটি ঘটেছে শ্রীনগরের বহরি কাদালের বাজার মসজিদের কাছে। আগুনের ভয়াবহতা ছিল তীব্র। ক্রমে তা ছড়িয়ে পড়ে চারিদিকে। ঘন কালো ধোঁয়ায় ঢেকে যায় গোটা এলাকা। আতঙ্ক ছড়ায় এলাকাবাসীদের মধ্যে।

ঘনবসতিপূর্ণ এলাকা হওয়ায় আশেপাশের বাড়িগুলিতে আগুন ছড়িয়ে পড়ার সম্ভাবনা তৈরি হয়। তবে এই ঘটনায় হতাহতের কোনও খবর পাওয়া যায়নি। কীভাবে আগুন লাগল তা এখনও পর্যন্ত জানা যায়নি।

## রাজ্যসভায় কক্ষ—নেতা হলেন জেপি নাড্ডা

নয়াদিল্লি, ২৪ জুন (হি. স.) : কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা নির্বাচিত হলেন রাজ্যসভার নতুন কক্ষ—নেতা হিসেবে। লোকসভা নির্বাচনের ফল ঘোষণার পর কেন্দ্রীয় মন্ত্রী হিসেবে শপথ নেন নাড্ডা। তাঁকে স্বাস্থ্যমন্ত্রকের দায়িত্ব দেওয়া হয়। এবার নতুন পদ পেলেন তিনি। পীযূষ গোয়েলের জায়গায় রাজ্যসভার নতুন কক্ষ—নেতা হিসেবে দায়িত্ব নেবেন তিনি।

উল্লেখ্য, সোমবার শুরু হয়েছে লোকসভার প্রথম অধিবেশন। ২০২৪ লোকসভা ভোটের পর এদিন নবনির্বাচিত সাংসদরা শপথবাক্য পাঠ করেন। এর আগে, রাজ্যসভার কক্ষ—নেতা হিসাবে কেন্দ্রীয় মন্ত্রী পীয

# ইউএফও এবং পদার্থবিজ্ঞানের নিয়ম

*ইউএফও, উড়ন্ত চাকি, উড়ন্ত সসারযে নামেই ডাকা হোককল্পিত ভিনগ্রহী প্রাণীদের আকাশযান হিসেবেই পরিচিতি জিনিসটা। প্রায়ই নাকি দেখা যায় বিশ্বজুড়ে। তা নিয়ে কত হই চই, কত-শত গুজব! এসব গুজবের পালে হাওয়া দেন একদল কন্সপিরেসি থিওরিস্ট, যাঁরা আবার নিজেদের বিজ্ঞানী বলে দাবি করতে ভালোবাসেন। আর যাঁরা এগুলো দেখেছেন বলে দাবি করেন, তারা রাতারাতি সেলিব্রেটিতে পরিণত হন। কিন্তু বিজ্ঞান কী বলে? আসলেই কি এই মুহূর্তে পৃথিবীতে ভিনগ্রহের কোনো উন্নত সুপারক্রাফট আসা সম্ভব? যদি সম্ভবই হয়, তাহলে পৃথিবীর বিজ্ঞানীদের নজর এড়িয়ে শুধু গুজব সৃষ্টিকারীদের চোখেই কেন বার বার ধরা দেয়? আসুন ইউএফওর বৈজ্ঞানিক ব্যবচ্ছেদ করা যাক।* **প্রদীপ দেব**

আনআইডেন্টিফায়েড ফ্লাইং অবজেক্ট বা ইউএফও সম্পর্কে প্রচারণা শুরু হয়েছিল গত শতাব্দীর মাঝামাঝি সময়ে। ১৯৪৭ সালের জুলাই মাসে যুক্তরাষ্ট্রের নিউ মেক্সিকো রাজ্যের মরুভূমিতে রসওয়েল নামের জায়গায় কিছু ধাতব ধ্বংসাবশেষ পাওয়া যায়। সেখান থেকেই শুরু। প্রচার করা হতে থাকে যে মহাকাশের অজানা কোনো গ্রহ থেকে আগন্তুকেরা আমাদের পৃথিবীতে এসেছে এ ধরনের উড়ন্ত যানবাহন নিয়ে, সেগুলোরই কোনোটা এখানে বিধ্বস্ত হয়েছে।

এরপর যুক্তরাষ্ট্রের বিভিন্ন জায়গায় অতি---উৎসাহী অনেক মানুষ প্রচার করতে থাকে যে বিশাল চাকতির মতো বস্তু তারা আকাশে উড়তে দেখেছে। বেশির ভাগ ক্ষেত্রেই সেই চাকতিগুলো হঠাৎ দেখা দিয়েই অদৃশ্য হয়ে গেছে। ওগুলোর নাম হয়ে যায় উড়ন্ত চাকতি বা 'ফ্লাইং সসার'। অনেকে এগুলোর ছবিও তুলেছেন, রাডারেও ধরা পড়েছে কয়েকটি চাকতিসদৃশ বস্তু। বিজ্ঞানীরা এসব পরীক্ষা করে দেখেছেন। সব ক্ষেত্রেই প্রমাণিত হয়েছে, এগুলো হয় উড়ন্ত বেলুন কিংবা অন্য কোনো প্রাকৃতিক ঘটনার ফলে সৃষ্ট আকাশচিত্র, যা দূর থেকে উড়ন্ত চাকতির মতো মনে হয়। কিন্তু অতিপ্রাকৃত বিষয়ে বিশ্বাসী বৈজ্ঞানিক যুক্তি মানতে নারাজ। তাঁরা বিভিন্ন ধরনের মনগড়া খবর তৈরি করতে থাকেন। কেউ কেউ ভুয়া ছবি ও ভিডিও প্রচার করতে থাকেন, যা অনেকেই বিশ্বাস করেন। ৭০ বছর ধরে ইউএফও নিয়ে চর্চা করছে কিছু মানুষ। তাদের বিশ্বাস, ইউএফও হলো মহাকাশের অন্য কোনো গ্রহ-নক্ষত্র থেকে আসা নভোযান, যেগুলো অতিদ্রুত যেমন আসতে পারে, তেমনি অতিদ্রুত চলেও যেতে পারে। ইউএফওর ইতিহাস, গ্রহণযোগ্যতা ইত্যাদির পক্ষে-বিপক্ষে অনেক লেখা প্রকাশিত হয়েছে, ভবিষ্যতেও হবে। ২০২১ সালের জুন মাসে যুক্তরাষ্ট্রের অফিস অব দ্য ডিরেক্টর অব ন্যাশনাল ইন্টেলিজেন্স একটি ঘোষণাপত্র প্রকাশ করে, যেখানে এ ধরনের অজানা উড়ন্ত বস্তুর ধারণা থেকে উদ্ভূত বিপদের আশঙ্কা যাচাই ও প্রতিরোধের জন্য ব্যবস্থা চালু রাখার কথা বলা হয়েছে। এটি যুক্তরাষ্ট্রের নিজস্ব নিরাপত্তাব্যবস্থার অংশ। কারণ, ইউএফওর ছদ্মবেশে আকাশপথে আক্রমণ যেন না ঘটতে পারে, তার জন্য তাদের প্রস্তুত থাকতে হবে। যুক্তরাষ্ট্রের দেখাদেখি এ রকম ব্যবস্থা অন্যান্য দেশও নিতে পারে; কিন্তু তার অর্থ এই নয় যে রাষ্ট্রীয়ভাবে ইউএফওর অস্তিত্ব মেনে নেওয়া হচ্ছে।

এ প্রবন্ধে আমরা ইউএফওর রাজনীতি বা অন্যান্য দিক নিয়ে আলোচনা করব না। আমরা শুধু দেখব, আমাদের গ্রহণযোগ্য প্রতিষ্ঠিত পদার্থবিজ্ঞানের নিয়ম মেনে মহাকাশের অন্য কোনো গ্রহ-নক্ষত্র থেকে এসব মহাকাশযানের পৃথিবীতে আসা সম্ভব কি না।

যারা ইউএফওর পক্ষে প্রচারণা চালায়, তারা দাবি করে যে মহাকাশের অন্য গ্রহ থেকে আসা এসব নভোযানের ব্যাস ১৫ মিটার থেকে শুরু করে ১০০ মিটার বা তার চেয়ে বেশি। সেখানে অন্য গ্রহের মানুষও থাকে, যারা আমাদের গ্রহের মানুষের চেয়ে উন্নত। এসব ধারণা যদি সত্যি হয়, তাহলে আমাদের ধরে নিতে হবে, এসব নভোযান পৃথিবীর পদার্থবিজ্ঞানের নিয়ম মেনেই এখানে আসে। মহাবিশ্বের সবকিছুই মহাকর্ষ বলের দ্বারা পরস্পরের দিকে আকৃষ্ট। গ্রহ-উপগ্রহ -নক্ষত্র -গ্যালাক্সিসবকিছুরই নিজস্ব মাধ্যাকর্ষণ বল আছে, তাকে অস্বীকার করার কোনো উপায় নেই। নিউটনের মহাকর্ষ বলের সূত্র সব জায়গাতেই খাটে। পদার্থের ভর, বেগ, ত্বরণ, শক্তি ইত্যাদির যে নিয়ম পদার্থবিজ্ঞানে আছে, কোনো কিছুরই তার বাইরে যাওয়ার উপায় নেই। ইউএফওকেও এসব নিয়ম মানতে হবে। মহাবিশ্বের গতি—প্রকৃতির সবচেয়ে আধুনিক এবং গ্রহণযোগ্য যে পরীক্ষিত তত্ত্ব পদার্থবিজ্ঞানে আছে, তা হলো আইনস্টাইনের আপেক্ষিকতার তত্ত্ব। আপেক্ষিকতার বিশেষ তত্ত্ব বা স্পেশাল থিওরি অব রিলেটিভিটি অনুযায়ী মহাবিশ্বের যেকোনো কাঠামোতে পদার্থবিজ্ঞানের নিয়মগুলো সমানভাবে প্রযোজ্য। তাহলে মহাবিশ্বের যে প্রান্ত থেকেই আসুক না কেন, নভোযানগুলোকে পদার্থবিজ্ঞানের নিয়ম মেনে চলতেই হবে।

আপেক্ষিকতার বিশেষ তত্ত্বের দ্বিতীয় নীতি হলো, শূন্যমাধ্যমে আলোর গতিই হচ্ছে পদার্থের সর্বোচ্চ গতি; অর্থাৎ সেকেন্ডে ১ লাখ ৮৬ হাজার মাইল বা ৩ লাখ কিলোমিটারের বেশি গতিতে কোনো কিছুই চলতে পারে না।

মানুষ মহাকাশে বিভিন্ন ধরনের স্যাটেলাইট বা কৃত্রিম উপগ্রহ পাঠানো শুরু করেছে বিংশ শতাব্দীর মাঝামাঝি। গত ৬০ বছরে সৌরজগতের সব কটি গ্রহ-উপগ্রহের প্রায় সব জায়গা জরিপ করা হয়ে গেছে। আমাদের সৌরজগতের বাইরেও হাজার হাজার গ্রহ আবিষ্কার করে ফেলেছে। মহাকাশের আরও দূরতম স্থানে দূরবীক্ষণ যন্ত্র স্থাপন করে মহাবিশ্ব পর্যবেক্ষণ করার জন্য অতিসম্প্রতি মহাকাশে পাঠানো হয়েছে জেমস ওয়েব টেলিস্কোপ। মহাবিশ্বে পৃথিবী ছাড়া অন্য গ্রহে প্রাণের অস্তিত্ব আছে কি না, তার অনুসন্ধান চলছে গত কয়েক দশক। কিন্তু বিজ্ঞানীরা এখনো কোথাও ভিনগ্রহের প্রাণীর সন্ধান পাননি। তবু যদি কেউ বলেন যে মহাবিশ্বের অজানা কোনো গ্রহ থেকে ইউএফওর মাধ্যমে ভিনগ্রহের প্রাণীরা আমাদের গ্রহে নিয়মিত আসা-যাওয়া করছে, তাহলে আমাদের পদার্থবিজ্ঞানের নিয়মে আমরা হিসাব করে দেখতে পারি, সেটি সম্ভব কি না।

পৃথিবী থেকে মহাশূন্যে মহাকাশযান পাঠাতে হলে পদার্থবিজ্ঞানের যেসব নিয়মকানুন মেনে প্রস্তুতি নিতে হয় এবং মহাকাশযান পাঠানোর ব্যবস্থা করতে হয়, তা আমরা এখন জানি। পৃথিবী থেকে এ পর্যন্ত সর্বোচ্চ যে গতিতে মহাকাশে স্যাটেলাইট পাঠানো সম্ভব হয়েছে, সেটি হলো পার্কার সোলার প্রোব। সূর্যের উদ্দেশে ২০১৮ সালের আগস্ট মাসে পাঠানো হয়েছে এই স্যাটেলাইট। ঘণ্টায় প্রায় সাত লাখ কিলোমিটার বেগে ছুটছে ওই স্যাটেলাইট। ২০২৪ সালে এটি সূর্যের কাছাকাছি পৌঁছাবে। এটি হলো বাস্তবতা, শুধু আমাদের পৃথিবী থেকে সূর্যের কাছাকাছি পৌঁছাতেই ছোট্ট একটি স্যাটেলাইটের সময় লাগছে ছয় বছরের বেশি। সেখানে কথিত ইউএফও আলোর চেয়ে দ্রুতগতিতে আসছে, আবার চলেও যাচ্ছে, এটি অবিশ্বাস্য।

সৌরজগতের সব কটি গ্রহ-উপগ্রহের পূর্ণাঙ্গ জরিপ আমাদের হাতে আছে। সেখানে কোনো প্রাণীর সন্ধান পাওয়া যায়নি। আমাদের সৌরজগতের বাইরে সবচেয়ে কাছের নক্ষত্র আলফা সেনটাউরির দূরত্ব প্রায় ৪ দশমিক ২৫ আলোকবর্ষ; অর্থাৎ সেখান থেকেও কোনো কিছু আলোর বেগেও যদি আসে, সময় লাগবে সোয়া চার বছর। কিন্তু আলোর বেগে যদি আসে, সেটা আলোই হবে, পদার্থ নয়। বৈজ্ঞানিক যুক্তির খাতিরে ধরে নিই, কথিত ইউএফও একটি মহাকাশযান, যার নাম 'কল্পনা', যা আমাদের কাছের নক্ষত্রের জগতের কোনো গ্রহ থেকে পৃথিবীতে আসছে। ধরে নিলাম, সেই গ্রহের দূরত্ব পৃথিবী থেকে পাঁচ আলোকবর্ষ। ধরা যাক, তিনজন নভোচারীসহ নভোযান 'কল্পনা' সেই গ্রহ থেকে পৃথিবীর উদ্দেশে রওনা দিল। আমরা জানি, গ্রহান্তরে রওনা দেওয়া খুব একটা সহজ কাজ নয়। রকেটের সাহায্যে ওই নভোযানকে সেই গ্রহের মাধ্যাকর্ষণের বাইরে পাঠিয়ে দিয়ে পাঁচ আলোকবর্ষ দূরত্ব পেরিয়ে সৌরজগৎ এবং তার অন্য গ্রহ-উপগ্রহগুলোর মাধ্যাকর্ষণ অতিক্রম করে পৃথিবীর কক্ষপথে প্রবেশ করে পৃথিবীর মাধ্যাকর্ষণে ঢুকতে হবে।

ধরে নিলাম, এসব হিসাব করেও মহাকাশযান কল্পনার সর্বোচ্চ গতি ঠিক করা হলো আলোর বেগের অর্ধেক; অর্থাৎ সেকেন্ডে দেড় লাখ কিলোমিটার। সেই গতিতে এলেও পৃথিবীতে আসতে কল্পনার সময় লাগবে ১০ বছর। চলে যাওয়ার জন্য আরও ১০ বছর। তিনজন নভোচারীর ২০ বছরের খাওয়াদাওয়া এবং অন্যান্য রসদ থাকতে হবে নভোযানে। ২০ বছর ধরে নভোযান চলার যন্ত্রপাতি এবং জ্বালানি লাগবে। সৌরশক্তি ব্যবহার করলেও সেই শক্তি তৈরি করার যন্ত্রপাতি লাগবে।

পৃথিবী থেকে যেসব মহাকাশযান পৃথিবীর বাইরে পাঠানো হয়েছে, সেই অভিজ্ঞতার আলোকে ধরে নেওয়া যায়যন্ত্রপাতি, রসদ, জ্বালানিসহ কল্পনার মোট ভর ১০৭ কিলোগ্রাম (১০ হাজার টন)। এই মহাকাশযান উৎক্ষেপণের পর যদি ৯.৮ মিটার/বর্গ সেকেন্ড হারে ত্বরণ হয়, তাহলে সর্বোচ্চ গতি সেকেন্ডে দেড় লাখ কিলোমিটারে পৌঁছাতে সময় লাগবে ১৭৭ দিন। ১৭৭ দিনের মধ্যে আকাঙ্ক্ষিত গতিতে পৌঁছানোর জন্য কল্পনায় শক্তি সরবরাহ করতে হবে প্রতি সেকেন্ডে প্রায় ১ দশমিক ৮ মেগাটন। নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্টের চেয়ে বেশি জটিল এই শক্তি সরবরাহের প্রক্রিয়া। শতকরা ১০০ ভাগ নিশ্চয়তার সঙ্গে এই শক্তি সরবরাহ করতে হবে কল্পনায়। বিভিন্ন গ্রহ-উপগ্রহের মাধ্যাকর্ষণ বল এড়াতে এই শক্তির সরবরাহ নিয়ন্ত্রণ করতে হবে অকল্পনীয় দক্ষতায়। কল্পনার গতি নিয়ন্ত্রণে এই শক্তির নিয়ন্ত্রণ জরুরি। এত বেশি পরিমাণ নিয়ন্ত্রিত শক্তি সরবরাহ করা অসম্ভব। উল্লিখিত পরিমাণ শক্তি থেকে যে পরিমাণ তাপ উৎপন্ন হবে, তার সবটুকুই বিকীর্ণ হয়ে যেতে হবে। এর সামান্য অংশও যদি কল্পনায় রয়ে যায়, তাহলে মহাকাশযানের তাপমাত্রা বেড়ে যাবে কয়েক হাজার ডিগ্রি সেলসিয়াস। স্টিফেন বোলজম্যানের তাপ বিকিরণের সূত্র প্রয়োগ করলে দেখা যায়, কল্পনার ১০০ বর্গমিটার ক্ষেত্রফল বিশিষ্ট উপরিতলের তাপমাত্রা হয় প্রায় ৬ লাখ ডিগ্রি সেলসিয়াস। এই তাপমাত্রার এক শতাংশও যদি মহাকাশযানে শোষিত হয়, মহাকাশযানের তাপমাত্রা হবে ছয় হাজার ডিগ্রি সেলসিয়াস। সেই তাপে কল্পনা বাষ্প হয়ে যাবে। যদি কল্পনার বেগ কমানো হয়, তাহলে শক্তির হার কম লাগবে। ধরা যাক, আলোর বেগের অর্ধেকের পরিবর্তে আলোর বেগের ১ শতাংশ বেগে কল্পনা পৃথিবীতে আসছে। সে হিসাবে পৃথিবীতে আসতে এর সময় লাগবে ৫০ বছর, যেতে সময় লাগবে আরও ৫০ বছর। তখন ১০০ বছরের রসদ লাগবে। কল্পনা আরও ভারী হয়ে যাবে। কিন্তু ১০০ বছরের যাত্রাপথ কিছুতেই আলোর গতিতে আসা-যাওয়া হতে পারে না।

আমরা দেখেছি, প্রচণ্ড গতিতে কোনো কিছু পৃথিবীর বায়ুমণ্ডলের বাইরে থেকে পৃথিবীতে আসার সময় পৃথিবীর বায়ুমণ্ডলের সঙ্গে সংঘর্ষে প্রচণ্ড তাপের সৃষ্টি হয়। আলোর গতির কাছাকাছি কোনো গতিতে যে তাপ তৈরি হবে, সেই তাপে মহাকাশযান অক্ষত থাকার কথা নয়। সুতরাং দেখা যাচ্ছে, প্রচলিত পদার্থবিজ্ঞানের কোনো নিয়মেই ইউএফও পৃথিবীর বাইরের কোনো অজানা গ্রহ থেকে আসতে পারে না। যদি বলা হয়ে থাকে, ওরা এই মহাবিশ্বের পদার্থবিজ্ঞানের নিয়মে চলে না, অন্য কোনো নিয়মে চলে, তাহলে বলতে হবে, ওটা নিছক কল্পনা, বাস্তবের সঙ্গে তার কোনো সম্পর্ক প্রমাণিত হয়নি।

# হারানো নিউট্রিনোদের খোঁজে

**ইশতিয়াক হোসেন চৌধুরী**

পৃথিবীতে আসা নিউট্রিনোদের প্রধান উৎস সূর্য। সেখানে নিউক্লিয়ার বিক্রিয়ার মাধ্যমে তৈরি হচ্ছে অজস্র নিউট্রিনো। প্রতি সেকেন্ডে এদের উৎপন্ন হওয়ার সংখ্যা প্রায় ১০৩৮টি। এই বিপুল সংখ্যক নিউট্রিনোরা সূর্য থেকে ছড়িয়ে পড়ে সবদিকে। বিজ্ঞানীরা হিসেব করে দেখেছেন, আমাদের শরীরের প্রতি বর্গ সে.মি. এলাকা ভেদ করে প্রতি সেকেন্ডে প্রায় ১০১২টি নিউট্রিনো চলে যাচ্ছে। এক সেকেন্ড! একটু ভাবুন তো, বিজ্ঞানীরা কীভাবে সূর্য থেকে উৎপন্ন বা আমাদের শরীর ভেদ করে চলে যাওয়া এসব নিউট্রিনোর সংখ্যা গুনলেন? এরা তো প্রায় কোনো কিছুর সঙ্গেই বিক্রিয়া করে না। তাহলে কোন জাদু বলে এদের সংখ্যা নির্ধারণ করলেন বিজ্ঞানীরা?

সূর্য থেকে আসা নিউট্রিনোদের সংখ্যা নির্ধারণে বিজ্ঞানীদের প্রথম চেষ্টা ছিল পুরোপুরি তাত্ত্বিক। এ জন্য তাঁরা ব্যবহার করেন 'স্ট্যান্ডার্ড সোলার মডেল'। এ মডেল অনুসারে সূর্যের আকার, এর ভেতরে চলমান নিউক্লিয়ার বিক্রিয়ার স্বরূপ, এ থেকে নির্গত শক্তির পরিমাণ ইত্যাদি তথ্য কাজে লাগিয়ে নির্ধারণ করা যায় উৎপন্ন নিউট্রিনোদের সংখ্যা। হিসাব করে বের করা নিউট্রিনোদের সব কিন্তু পৃথিবীতে আসে না। অধিকাংশই হারিয়ে যায় মহাশূন্যে। কতগুলো নিউট্রিনো পৃথিবীতে আসতে পারে, সেটিও তাত্ত্বিকভাবেই হিসাব করে বের করতে পারেন পদার্থবিদরা। এরপর শুরু হয় ফলাফল যাচাই করার পালা। সেজন্য ডিজাইন করা হয় বিশেষ ধরনের সংবেদনশীল এক্সপেরিমেন্ট। কাজটি মোটেও সহজ ছিল না। কারণ আর কিছু নয়, নিউট্রিনোদের চরম নিস্ক্রিয়তা। অবশেষে প্রথম সফলতা আসে মার্কিন পদার্থবিদ রে ডেভিসের হোমস্টেক এক্সপেরিমেন্টের মাধ্যমে, ১৯৬৫ সালে। এক্সপেরিমেন্টটি করা হয়েছিল যুক্তরাষ্ট্রের দক্ষিণ ডাকোটায় অবস্থিত হোমস্টেক খনিতে। সেখানে মাটির প্রায় এক মাইল গভীরে স্থাপন করা হয়েছিল বিশাল আকৃতির ট্যাংক। তাতে রাখা হয়েছিল প্রায় এক লাখ গ্যালন টেট্রাক্লোরোইথিলিন। এগুলোই ছিল নিউট্রিনো গণনা করার মূল হাতিয়ার। মাটির গভীরে থাকায় এরা অন্য প্রায় সব ধরনের বিকিরণের প্রভাব থেকে মুক্ত ছিল। সূর্য থেকে আসা নিউট্রিনোদের খুব সামান্য অংশ টেট্রাক্লোরোইথিলিনের সঙ্গে মিথস্ক্রিয়ায় অংশ নেয়। ফলে এগুলোতে থাকা ক্লোরিন পরমাণুরা পরিণত হয় তেজস্ক্রিয় আর্গনে। স্বাভাবিক ক্লোরিনে প্রোটনের সংখ্যা ১৭টি। অন্যদিকে আর্গনে প্রোটনের সংখ্যা ১৮টি। অর্থাৎ, নিউট্রিনোদের সঙ্গে মিথস্ক্রিয়ার ফলে ক্লোরিনে থাকা একটি নিউট্রন রূপান্তরিত হয় প্রোটনে। এভাবেই পাওয়া যায় তেজস্ক্রিয় আর্গন পরমাণু। কিছুদিন পর এই আর্গনগুলো ক্ষয় প্রক্রিয়ার মাধ্যমে আবারও ক্লোরিনে রূপান্তরিত হয়। ডিটেক্টরের মাধ্যমে এই তেজস্ক্রিয় আর্গনদের শনাক্ত করার মাধ্যমেই নিউট্রিনোদের প্রকৃত সংখ্যা জানা সম্ভব হয়। অবশ্য তেজস্ক্রিয় আর্গনদের দেখা পাওয়া ছিল খুব কঠিন। এক্সপেরিমেন্টের মাধ্যমে প্রতিদিন গড়ে একটি করে আর্গন খুঁজে পাওয়া যেত।

বেশ কয়েক বছর ধরে এক্সপেরিমেন্টটি চালানো হয়। পরীক্ষার প্রথম ফলাফল ঘোষণা করা হয় সত্তরের দশকের শুরুতে। এতে বেশ চমক অপেক্ষা করছিল কণাপদার্থবিদদের জন্য। সূর্য থেকে যে পরিমাণ নিউট্রিনো পৃথিবীতে আসার কথা, বাস্তবে খুঁজে পাওয়া যায় তার চেয়ে অনেক কম। মাত্র তিন ভাগের এক ভাগ। তাহলে এক্সপেরিমেন্টের কোথাও ভুল হয়েছে? নাকি স্ট্যান্ডার্ড সোলার মডেলেই রয়েছে গলদ?

**নিউট্রিনোদের রূপ বদল**

সবকিছু আবার গোড়া থেকে শুরু করা হলো। তাত্ত্বিক পদার্থবিদরা আবার হিসাব কষে বের করলেন সূর্য থেকে পৃথিবীতে আসা নিউট্রিনোদের সংখ্যা। কোনো ভুল পাওয়া গেল না। অন্যদিকে সব ধাপের কাজের নির্ভুলতা নিশ্চিত করে এক্সপেরিমেন্টের পুনরাবৃত্তি করা হলো। কিন্তু তাতেও পাওয়া গেল হুবহু একই ফল। সূর্য থেকে আসার পথে যেন নিউট্রিনোরা বেমালুম গায়েব হয়ে যাচ্ছে!

হারানো নিউট্রিনোদের খোঁজে এবার বিজ্ঞানীরা সম্পূর্ণ 'আউট অফ দ্য বক্স' চিন্তা-ভাবনা শুরু করলেন। আপাতদৃষ্টিতে অসম্ভব সব আইডিয়া নিয়ে কাজ শুরু হলো। তেমনি একটি আইডিয়ার নাম নিউট্রিনোদের স্পন্দন। এ ধারণার সূত্রপাত ঘটে ইতালিয়ান পদার্থবিদ ব্রুনো পন্টিকর্ভের হাত ধরে। স্ট্যান্ডার্ড মডেল থেকে আমরা জানি, নিউট্রিনোরা তিন ধরনের হতে পারে। ইলেকট্রন নিউট্রিনো, মিউওন নিউট্রিনো এবং টাউ নিউট্রিনো। নিউট্রিনো স্পন্দন তত্ত্ব অনুসারে, একধরনের নিউট্রিনো স্বতঃস্ফূর্তভাবে অন্য ধরনের নিউট্রিনোতে রূপান্তরিত হতে পারে। অর্থাৎ, ইলেকট্রন নিউট্রিনোরা রূপান্তরিত হতে পারে মিউওন বা টাউ নিউট্রিনোতে। আবার, ক্রমান্বয়ে ঘটতে পারে উল্টোটাও।

সহজে বোঝার জন্য একটি বাস্তব উদাহরণ দেওয়া যাক। ধরুন, বাসার ফ্রিজে দশ বোতল কোক রেখে দেওয়া হলো। পরের দিন ফ্রিজ খুলে দেখা গেল, কোকের সংখ্যা কমে হয়ে গিয়েছে নয়টি। আর ভেলকিবাজির মতো উদয় হয়েছে একটি পেপসির বোতল। বোতলগুলোকে কোনো ধরনের স্পর্শ না করে ফ্রিজটা বন্ধ করে রাখা হলো। কয়েকদিন পর সেটি আবার খুলে দেখা গেল, কোকের বোতলের সংখ্যা আরও কমে গেছে। নেমে এসেছে অর্ধেকে। অন্যদিকে পেপসির বোতলের সংখ্যা বেড়েছে সমান সংখ্যক। আরও কয়েকদিন পর ফ্রিজ খুললে দেখা যাবে, কোকের বোতলের কোনো অস্তিত্বই নেই। দশটি বোতলই পেপসিতে পরিপূর্ণ। এই ঘটনার পর থেকে ক্রমান্বয়ে ঘটবে উল্টো ঘটনা। পেপসি কমে গিয়ে বাড়বে কোকের সংখ্যা। ব্রুনোর তত্ত্ব অনুসারে, ঠিক এমন করেই নিউট্রিনোদের রূপ বদলের খেলা চলতে থাকে। পুরো বিষয়টাই এক ধরনের কোয়ান্টাম মেকানিক্যাল ইফেক্ট। ব্রুনোর তত্ত্ব যদি সঠিক হয়, তাহলে এক্সপেরিমেন্টে নিউট্রিনোদের সংখ্যা কম পাওয়ার একটি যৌক্তিক ব্যাখ্যা খুঁজে পাওয়া যায়। সূর্যের বুকে সংঘটিত হওয়া বিভিন্ন ধরনের নিউক্লিয়ার বিক্রিয়া থেকে কেবল উৎপন্ন হয় ইলেকট্রন নিউট্রিনোরা। কারণ, অন্য ধরনের নিউট্রিনো উৎপন্ন হতে যে পরিমাণ শক্তি প্রয়োজন পড়ে, তা সূর্যের কেন্দ্রে থাকে না। উৎপন্ন হওয়ার পর সেগুলো পৃথিবীতে আসার পথে যদি মিউওন নিউট্রিনো বা টাউ নিউট্রিনোতে রূপান্তরিত হয়, তাহলে স্বাভাবিকভাবেই এক্সপেরিমেন্টের মাধ্যমে শনাক্তকৃত মোট নিউট্রিনোর সংখ্যা কম হবে। কারণ হোমস্টেক এক্সপেরিমেন্ট বা একই মূল নীতি অনুসরণ করে ডিজাইন করা অন্য এক্সপেরিমেন্টগুলো ইলেকট্রন নিউট্রিনো ছাড়া অন্যদের শনাক্ত করতে পারে না। আমরা যদি ইলেকট্রন নিউট্রিনোদের সঙ্গে একই দিক থেকে আসা অন্য নিউট্রিনোদেরকেও শনাক্ত করার প্রযুক্তিগত সক্ষমতা অর্জন করতে পারি, তাহলে খোঁজ মেলার কথা হারানো নিউট্রিনোদের। সেই সঙ্গে নিশ্চিতভাবে প্রমাণিত হবে নিউট্রিনোদের স্পন্দন তত্ত্ব। পরবর্তীতে ঠিক এ কাজটাই করা সম্ভব হয় সাডবারি নিউট্রিনো অবজারভেটরিতে। সাডবারি নিউট্রিনো অবজারভেটরি স্থাপন করা হয় কানাডাতে। মাটির নিচে প্রায় দুই কিলোমিটার গভীরে। এতে নিউট্রিনো টার্গেট হিসেবে ব্যবহার করা হয় ভারী পানি। এদের পরিমাণ ছিল প্রায় ১ হাজার টন। ডিটেক্টর হিসেবে অবজারভেটরিতে ব্যবহার করা হয় ৯ হাজারেরও বেশি ফটোমাল্টিপ্লায়ার টিউব। নিউট্রিনোরা যখন কালেভদ্রে ভারী পানির সঙ্গে বিক্রিয়া করে, তখনই উৎপন্ন হয় চেরেনকভ রেডিয়েশন। ভিন্ন ধরনের নিউট্রিনোর মিথস্ক্রিয়ার জন্য আলাদা সংখ্যক ফোটন উৎপন্ন হয়। আবার ফোটনদের উৎপন্ন হওয়ার প্যাটার্নও হয় আলাদা। ফলে ফটোমাল্টিপ্লায়ার টিউবের মাধ্যমে সহজেই শনাক্ত করা যায় সব ধরনের নিউট্রিনোদের। আর এভাবেই খোঁজ মেলে সূর্য থেকে আসার পথে হারিয়ে যাওয়া নিউট্রিনোদের। সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় নিউট্রিনোদের স্পন্দন। এই এক্সপেরিমেন্ট থেকে আরেকটি গুরুত্বপূর্ণ তথ্য নিশ্চিত করতে সক্ষম হন বিজ্ঞানীরা। নিউট্রিনোদের ভর কোনোভাবেই শূন্য হতে পারে না। কারণ, একধরনের নিউট্রিনোরা অন্য ধরনের নিউট্রিনোতে রূপান্তরিত হতে হলে অবশ্যই খুব সামান্য হলেও ভরের অস্তিত্ব থাকতে হবে। তবে নিউট্রিনোদের ভরের সঠিক মান বিজ্ঞানীরা এখনও নিশ্চিতভাবে বের করতে পারেননি। তবে তাঁদের চেষ্টা থেমে নেই। দেখা যাক, এবার তাঁরা আবার কোনো চমক দেখাতে পারেন কি না!

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে এগিয়ে চলেছে, এখনও পর্যন্ত ৬১ শতাংশ বৈদ্যুতিকীকরণ সম্পন্ন



মালিগাঁও, ২৪ জুন, ২০২৪: বিশ্বের মধ্যে বৃহত্তম 'গ্রিন রেলওয়ে' হওয়ার দিকে মিশন মোডে এগিয়ে চলেছে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে। মোট শূন্য কার্বন নির্গত অর্জন এবং ১০০ শতাংশ বৈদ্যুতিকীকরণ অর্জনের লক্ষ্য হিসেবে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে তার জোনের মধ্যে আন-ইলেক্ট্রিফাইড ব্রড গজ রুটের সমস্ত বৈদ্যুতিকীকরণের কাজের গতি বৃদ্ধি করে লক্ষ্যের দিকে এগিয়ে চলেছে। এখনও পর্যন্ত উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ২৫৮৩ আরকেএম (রুট কিলোমিটার) বৈদ্যুতিকীকরণ অর্জন করেছে, যা ৪২৬০ রুট কিলোমিটার নেটওয়ার্কের ৬১ শতাংশ।

আটটি উত্তর পূর্বাঞ্চলয়ী রাজ্যে এখনও পর্যন্ত ১৩৯৯.৩৪ রুট কিলোমিটার বৈদ্যুতিকীকরণের কাজ সম্পূর্ণ হয়েছে। উত্তর পূর্বাঞ্চলে মোট বৈদ্যুতিকীকরণ রুটের মধ্যে অসমে ১২২৯.৩৪ রুট কিলোমিটার, মণিপুরে ২.৮১ রুট কিলোমিটার, মেঘালয়ে ৯.৫৮ রুট কিলোমিটার, নাগাল্যান্ডে ৬.০০ রুট কিলোমিটার এবং ত্রিপুরায় ১৫১.৫৯ রুট কিলোমিটার ইতিমধ্যে বৈদ্যুতিকীকরণ হয়ে গেছে।

এছাড়াও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে অধিক্ষেত্রের অধীনে ইতিমধ্যে বিহারে ৩১৮.৮৭ রুট কিলোমিটার এবং পশ্চিমবঙ্গে ৮৬৪.৯৪ রুট কিলোমিটার বৈদ্যুতিকীকরণ হয়েছে।

সমগ্র জোনের বিভিন্ন সেকশনে ইন্ডিয়ান রেলওয়ে কনস্ট্রাকশন ইন্টারন্যাশনাল লিমিটেড (ইরকন), রেল ইন্ডিয়া টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক সার্ভিস (রাইটস),উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে/কনস্ট্রাকশন দ্বারা বৈদ্যুতিকীকরণের কাজ পর্যায় ক্রমিকভাবে সম্পাদন করা হচ্ছে। বৈদ্যুতিকীকরণের ফলে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে-এর মধ্যে ট্রেন চলাচলের উল্লেখযোগ্য উন্নতি হবে ও উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে রেল নেটওয়ার্ক শক্তিশালী হবে এবং পরিবহণের একটি পরিবেশ অনুকূল, দ্রুত, শক্তি সাশ্রয়ী পদ্ধতি প্রদান করবে। দূষণ হ্রাস হওয়ার পাশাপাশি অতিরিক্তভাবে আমদানিকৃত ক্রুড অয়েলের উপর নির্ভরশীলতাও হ্রাস করবে, যার ফলে মূল্যবান বিদেশি মুদ্রা সঞ্চয় হবে। এর ফলে বাধাহীনভাবে পরিবহনের সুবিধা হওয়ার পাশাপাশি ট্রেনের গড় গতিও বৃদ্ধি পাবে, ফলে ট্র্যাকশন পরিবর্তনের জন্য হওয়া সময় বাচিয়ে ট্রেন চলাচলের সময়ানুবর্তিতা বজায় রাখা সম্ভব হবে।

## যোদ্ধারা ফিরলেন, মহিলা সাংসদদের সঙ্গে ছবি দিয়ে এক্স-বার্তা মহুয়ার

নয়াদিল্লি, ২৪ জুন (হি. স.): সোমবার থেকে শুরু হয়েছে সংসদের অধিবেশন। প্রায় এক দশক পরে আবার ফিরেছে জোট সরকার। এদিকে বিরোধী জোটের মিলিত শক্তির অন্যতম স্তম্ভ একাধিক মহিলা সাংসদ।

এবার সেই মহিলা সাংসদদের সঙ্গে একত্র হয়ে ছবি দিলেন তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্র। সোমবার এক্স হ্যান্ডলে ছবি শেয়ার করেছেন মহুয়া। তাতে দেখা যাচ্ছে, মহুয়ার সঙ্গে রয়েছেন এনসিপি (শরদ পওয়ার) দলের সুপ্রিয়া সুলে, সমাজবাদী পার্টির ডিম্পল যাদব, কংগ্রেস সাংসদ তামিলনাড়ুর কারুর আসন থেকে নির্বাচিত জ্যোতিমণি, ডিএমকে নেত্রী ও দক্ষিণ চেন্নাইয়ের সাংসদ থামিগাচি থঙ্গপান্ডিয়ান ওরফে সুমতি ও ডিএমকে নেত্রী কানিমোঝি। এক্স হ্যান্ডলে পাশাপাশি ২০২৪ ও ২০১৯ সালের দুটি ছবি দিয়ে মহুয়া ক্যাপশনে লিখেছেন, ''দ্য ওয়ারিয়র্স আর ব্যাক'' (যোদ্ধারা আবার ফিরলেন)।

## সোমবার সংসদে শাড়িতে সারিবদ্ধভাবে তৃণমূলের প্রথমবারের মহিলা সাংসদরা

নয়াদিল্লি, ২৪ জুন (হি. স.): চব্বিশের লোকসভা ভোটে জিতে সোমবার প্রথমবার সংসদে পা রাখলেন জুন মালিয়া, রচনা বন্দ্যোপাধ্যায়, সায়নী ঘোষরা। আর পয়লা দিনেই ফটোসেশনে মেতে উঠতে দেখা গেল তাঁদের।

এদিন শাড়িতে বাঙালি সাজেই সেজেছিলেন তৃণমূলের নারী ব্রিগেড। জুন মালিয়ার পরনে ছিল আইভরি রঙের শাড়ি। অন্যদিকে নিলাম্বরী সাজে সংসদে ধরা দিলেন সায়নী ঘোষ। ''দিদি নম্বর ওয়ান'' রচনাকে দেখা গেল সবুজ রঙের শাড়িতে। এদিন চার নতুন মহিলা সাংসদ জুন মালিয়া, শর্মিলা সরকার, মিতালি বাগ ও রচনা বন্দ্যোপাধ্যায়কে নিয়ে মধ্যাহ্নভোজ করাতে যান সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। সূত্রের খবর, তাঁদের মধ্যে আবার এক সাংসদ দলের অগ্রজর কাছে নৈশভোজের দাবিও জানিয়েছিলেন। সেটা শুনেই তিনি বলেন, আগে লাঞ্চ, তার পর না হয় একদিন ডিনার হবে। তবে দলের সেই অগ্রজ সাংসদের দাবি, মধ্যাহ্নভোজ কোথায়, কফি খেয়েছি তো!

## কোটি কোটি মানুষকে প্রতারণা করেছে বিজেপি : অখিলেশ যাদব

নয়াদিল্লি, ২৪ জুন (হি.স.): নিট ও নেট পরীক্ষায় অনিয়ম ইস্যুতে বিজেপি তথা কেন্দ্রের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন সমাজবাদী পার্টির প্রধান তথা সাংসদ অখিলেশ যাদব। সোমবার সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে অখিলেশ যাদব বলেছেন, 'এটা নতুন কিছু নয়, এটা বিজেপির নতুন পন্থা।'

সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব এদিন বিজেপির বিরুদ্ধে আক্রমণ শানিয়ে বলেছেন, 'আপনি যদি ইতিহাস দেখেন, বিজেপি নিজেদের লোকজনকে খুশি করার জন্য পেপার ফাঁস করে। উত্তর প্রদেশে এটি অনেক বড় ইস্যু, এখন তা দিল্লিতে এসে পৌঁছেছে। তাঁরা কোটি কোটি মানুষের সঙ্গে প্রতারণা করেছে।'

**PNIT NO: e-PT-II /EE/RD/ GNT-DIV/GNT/2024-25 DATED-19/06/2024**

On behalf of the 'Governor of Tripura' the Executive Engineer, R.D Gonda Twisa Division, Gonda Twisa, Dhalai District, Tripura invites e-tender from eligible bidders up to 3.00 P.M. on 02/07/2024 for 1) Construction of science lab( chemistry) at Gondatwisa HS School under Damburnagar RD block, Gondatwisa Dhalai, Tripura.II) Construction of Muhini kr para para awc building with kitchen at ratan nagar vc under R.D Ganda Twisa Sub- Division. III) Construction of SK para awc building with kitchen at ratan nagar vc under R.D. Ganda Twisa Sub- Division. IV) Construction of Health sub- centre at Tribhagya Para Para at Kalajhari ADC Village under Gonda Twisa RD Sub Division. For details visit website https:// tripuratenders.gov.in and contact at M-9436183234 (during office hours only). Any subsequent corrigendum will be available in the website only.

**ICA/C/410/24**

**Er. A. Tripuka)**
**Executive Engineer R.D. Gonda Twisa Division**

## দর্শকদের জন্য কড়া বার্তা দিল উয়েফা

বাসেল, ২৪ জুন (হি. স.): মাঠে প্রবেশ করলেই দর্শকদের জন্য থাকছে কড়া শাস্তি। এমনটাই কড়া বার্তা দিল উয়েফা।

শনিবার ইউরো চ্যাম্পিয়নশিপের তুরস্ক ও পর্তুগাল ম্যাচে ৬ জন দর্শক হুট করে মাঠে ঢুকে খেলার মাঝেই সেলফি তোলার জন্য বিরক্ত করে রোনাল্ডোকে।

তাদের মধ্যে এক খুদে ভক্তের সঙ্গে বেশ হাসি মুখেই ছবি তুলেছেন রোনাল্ডো। তবে বাকিদের আচরণে বেশ বিরক্ত হয়েছিলেন সিআর—সেভেন।

এরপরই ফুটবলারদের নিরাপত্তা নিয়ে উঠেছে প্রশ্ন। তাই এই অনাকাঙ্ক্ষিত ঘটনার পরিপ্রেক্ষিতে উয়েফা এই কড়া বার্তা দিয়েছে। উয়েফা জানিয়েছে, ভবিষ্যতে এরকম হলে কড়া শাস্তির ব্যবস্থা থাকবে।

রবিবার রাতে উয়েফা জানিয়েছে, জার্মানির ১০টি স্টেডিয়ামের নিরাপত্তা বাড়ানো হচ্ছে। নিয়ম ভেঙে যদি দর্শকরা মাঠে ঢুকে পড়ে তাহলে সেইসব দর্শককে স্টেডিয়াম থেকে বের করে দেওয়া হবে। ঠিক হয়েছে এইসব দর্শককে প্রতিযোগিতার বাকি কোনো ম্যাচে স্টেডিয়ামে ঢুকতে দেওয়া হবে না। তার বিরুদ্ধে ফৌজদারি অভিযোগ দায়ের করা হবে।

## ২০২৩ সালে প্রতি মাসে ১৪ লক্ষেরও বেশি ভিসার আবেদন জমা পড়েছে : এস জয়শঙ্কর

নয়াদিল্লি, ২৪ জুন (হি.স.): দ্বাদশ পাসপোর্ট সেবা দিবস উপলক্ষ্যে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর ভারতে ও বিদেশে থাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি জানান, বিদেশ মন্ত্রক ২০২৩ সালে ভারতীয় নাগরিকদের ১.৬৫ কোটি পাসপোর্ট-সম্পর্কিত পরিষেবা প্রদান করেছে এবং প্রতি মাসে ১৪ লক্ষেরও বেশি ভিসা আবেদন জমা পড়েছে।

ভারত এবং বিদেশে থাকা সমস্ত পাসপোর্ট কর্তৃপক্ষকে শুভেচ্ছা জানিয়ে জয়শঙ্কর উল্লেখ করেছেন, বিদেশ মন্ত্রক কেন্দ্রীয় পাসপোর্ট সংস্থার সঙ্গে এই উপলক্ষকে চিহ্নিত করছে এবং সময়মত ভারতের নাগরিকদের পাসপোর্ট এবং সম্পর্কিত পরিষেবা প্রদানের জন্য আমাদের প্রতিশ্রুতি নির্ভরযোগ্য, স্বচ্ছ এবং দক্ষ পদ্ধতিতে পুনর্নবীকরণ করছে।

## দেশ চালানোর ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি হল ঐকমত্য : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৪ জুন (হি.স.): দেশ চালানোর ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি হল ঐকমত্য। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, 'সরকার চালানোর জন্য সংখ্যাগরিষ্ঠতার প্রয়োজন। কিন্তু একটি দেশ চালানোর ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি হল ঐকমত্য।' প্রধানমন্ত্রী মোদী বলেন, তাঁর সরকার চায়, প্রত্যেককে একসঙ্গে নিয়ে ও সংবিধানের পবিত্রতা বজায় রেখে দেশের উন্নয়নের গতি ত্বরান্বিত করতে।

অষ্টাদশ লোকসভার অধিবেশন শুরু হওয়ার আগে সোমবার সকালে সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে এবং দেশের সেবায় ও প্রত্যেককে একসঙ্গে নিয়ে মানুষের আশা আকাঙ্খা পূরণ করার উদ্দেশে অষ্টাদশ লোকসভার অধিবেশন শুরু হয়েছে।

প্রধানমন্ত্রীর কথায়, স্বাধীনতার পর এই প্রথম সাংসদরা নতুন সংসদ ভবনে শপথ নিচ্ছেন। এবারের লোকসভা ভোট অন্যতম উল্লেখযোগ্য কারণ, স্বাধীনতার পর থেকে এই দ্বিতীয়বার দেশের মানুষ কোনও সরকারকে তৃতীয়বারের জন্য দেশ সেবার এবং সরকার গঠনের সুযোগ দিলেন। গণতন্ত্রের সম্মান বজায় রেখে বিরোধীরা সুষ্ঠুভাবে সরকার চালাতে উপযুক্ত পদক্ষেপ নেবেন বলে তিনি জানান।

**SHOW CAUSE NOTICE**

WHEREAS, Shri Abhijit Sarkar, LDC attached to Nazarat Section of this office is absenting unathorizedly from his duties w.e.f 1st July, 2023 onwards without any prior intimation & permission with the competent authority.

AND WHEREAS, on scrutiny of his service records it is observed that he is a habitual absentee and not performing his duties regularly and showing negligence towards Govt. duty which tantamounts to misconduct willful absence from Govt. duty without any valid reasons may entail Disciplinary Action against him under CCS (Leave) Rules & CCS (Conduct) Rules. This office had issued several Memo and notice in previous occasions but no fruitful changes noted on his part and his act of unauthorized absent is doing for unbecoming of a Govt. Servant at all times. Thus he fails to maintain his sincerity and dedication towards Govt duty, and violated the provisions of CCS (Conduct) Rules & CCS (Leave) Rules which attract disciplinary action against him.

NOW THEREFORE, he is hereby given an opportunity to report for his duty immediately and submit his justification for such repeated unauthorized absence/ misconduct on his part and also to justify that why disciplinary action should not be taken against him for such repeated misconduct on his part. His reply should reach within 15 (fifteen) days from the publication of this notice failing which it will be presumed that he has nothing to say in the matter and stern Disciplinary Action under relevant rules will be taken against him as deemed fit.

**ICA/D-355/24**

**Signed by**
**Vishal Kumar**
**West Tripura District**

To
Shri Abhijit Sarkar, LDC attached to Nazarat Section
O/o the D.M & Collector, West Tripura
for information and compliance

**SHORT NOTICE INVITING TENDER**

Notice inviting Tender in sealed cover is hereby invited from the interest supplier, dealer, SHG/ /VO/CLF groups and bidders for "Supply Citizen Information Board (CIB)" for MGNREGA of Amarpur RD Block during Financial Year 2023-24 & 2024-25". The sealed Quotation should reach to the office of the Block Development Officer, Amarpur R.D. Block, Gomati District latest by 08/07/2024 by 3.00 PM.

The interested bidder shall quote zone wise (Zone I & Zone II and Zone III) rate as per format given below. The tender will be received form 10.00 AM to 3.00 PM in all working days w.e.f. 23/06/2024 to 08/07/2024 in the office of the undersigned and tender will be opened on 08/ 07/2024 at 4.00 P.M.

| Sl. No. | Name of items | Brand/Quality | Zone-I (10 GPs) | Estimate Rate/Quantity (RD Scheduled Approved Rate | Unit Price (in words) | Total Price (in figure) |
|---|---|---|---|---|---|---|
| | Citizen Information Board (CIB) | Individual | 1.Thakcharra 2.Rangamati 3.Purba Rangamati 4.Bampur 5.Birganj 6.Rankang 7.Paschim Dalak 8.Paschim Malbasa 9. Mailak10. Debbari | Rs.3500/ | | |
| | | Community | | Rs.4900/- | | |
| Sl. No. | Name of items | Brand/Quality | Zone-II ( 9 VCs) | Estimate Rate/Quantity (RD Scheduled Approved Rate | Unit Price (in words) | Total Price (in figure) |
| | Citizen Information Board (CIB) | Individual | 1.Bhomracherra 2.Khedarnal 3.Kurma Cherra 4.Nutanbazar 5.Paharpur 6.Paschim Duluma 7.Purba Duluma 8.Uttar Chellagang 9.Malbasa | Rs.3500/ | | |
| | | Community | | Rs.4900/- | | |
| Sl. No. | Name of items | Brand/Quality | Zone-III (9 VCs) | Estimate Rate/Quantity (RD Scheduled Approved Rate | Unit Price (in words) | Total Price (in figure) |
| | Citizen Information Board (CIB) | Individual | 1.Dalak, 2.East Sarbong 3.Guingia 4.Lalgiri 5.Purba Malbasa 6.Rajkang 7.Sarbong 8.West Sarbong 9.Burburia | Rs.3500/ | | |
| | | Community | | Rs.4900/- | | |

**ICA/C/400/24**

**Sd/-Illegible**
**Block Development Officer, Amarpur R.D. Block**
**Gomati District**

## কোতোয়ালিতে পুকুর থেকে ব্যক্তির দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য

রাঁচি, ২৪ জুন (হি. স.) : সোমবার কোতোয়ালি থানা এলাকার একটু পুকুর থেকে এক ব্যক্তির দেহ উদ্ধার করেছে পুলিশ। পরে বিষয়টি কোতোয়ালি থানায় জানানো হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রিমস মর্গে পাঠায়। নিহতের নাম রাজেশ তিওয়ারি (৪০), কিশোরগঞ্জ ৩ নম্বর রোডের বাসিন্দা। রাজেশ তিওয়ারির ভাই কোতোয়ালি থানায় মামলা করেছেন। থানার ইনচার্জ রঞ্জিত সিং জানিয়েছেন, ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠায়।

## প্যারিস অলিম্পিকের জন্য ভারত তীরন্দাজিতে পুরুষ ও মহিলা দলের নাম ঘোষণা করেছে

নয়াদিল্লি, ২৪ জুন (হি. স.): সোমবার বিশ্ব তীরন্দাজ র‍্যাঙ্কিংয়ের উপর ভিত্তি করে ভারত প্যারিস অলিম্পিকের জন্য পুরুষ ও মহিলা দলের নাম ঘোষণা করেছে।

ভারত প্যারিসের পাঁচটি পদক ইভেন্টে পুরুষ এবং মহিলা দল, ব্যক্তিগত এবং মিশ্র বিভাগে প্রতিদ্বন্দ্বিতা করবে।

ভারতের স্কোয়াড:
পুরুষ: তরুণদীপ রাই, ধীরাজ বোম্মাদেভারা এবং প্রভিন যাদব।
মহিলা: দীপিকা কুমারী, ভজন কৌর এবং অঙ্কিতা ভকত।

## সরকার পালাচ্ছে না; লুকানোর মতো কিছু নেই, নিট প্রসঙ্গে মন্তব্য মন্ত্রী চিরাগের

নয়াদিল্লি, ২৪ জুন (হি.স.): নিট পরীক্ষায় অনিয়ম ইস্যুতে মুখ খুললেন লোক জনশক্তি পার্টির প্রধান তথা কেন্দ্রীয় মন্ত্রী চিরাগ পাসোয়ান। সোমবার সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে চিরাগ পাসোয়ান বলেছেন, 'তদন্ত চলছে এবং যেই দোষী প্রমাণিত হবে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে... সরকার মোটেও পালিয়ে যাচ্ছে না এবং আমাদের লুকানোর কিছু নেই... সরকার নিশ্চিত করছে যে ভবিষ্যতে এমন ঘটনা যাতে না ঘটে।'

সংবিধানের প্রতিলিপি নিয়ে বিরোধীদের বিক্ষোভ প্রসঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী চিরাগ পাসোয়ান বলেছেন, 'প্রধানমন্ত্রী মোদী বহুবার বলেছেন, দেশ চলবে সংবিধানের ভিত্তিতে... এই সরকার চলছে তাঁর নেতৃত্বে।'

**No.F.9(47)-DM/S/NAZ/2024/586**
**Dated- 19 Junc, 2024**
**ABRIDGED NOTICE INVITING TENDER**

Scaled tender is invited from the questioner for supply of various type of vehicles as per need basis for various programme and meetings and office duty purpose under office of the DM & Collector, South Tripura for a period of 01 (one) year. Tender shall be received on 27/06/2024 upto 03:30 PM in the office of the DM & Collector, South Tripura, Belonia. Detail notice issued Vide No.F.9(47)-DM/S/NAZ/ 2024/ 582, dated- 15th June, 2024 may be seen in the office notice board or visit official website www.southtripura.nic.in

**No.F.9(47)-DM/S/NAZ/2024/587**
**Dated- 19 June, 2024**
**ABRIDGED NOTICE INVITING TENDER**

Sealed tender is invited from the questioner for supply of food items. catering services etc as per need basis for various programme and meetings and office duty purpose under office of the DM & Collector, South Tripura for a period of 01 (one) year. Tender shall be received on 27/06/ 2024 upto 03:30 PM in the office of the DM & Collector, South Tripura, Belonia. Detail notice issued Vide No.F.9(47)-DM/S/NAZ/2024/581, dated- 15th June, 2024 may be seen in the office notice board or visit official website www.southtripura.nic.in

**ICA/C/430/24**

**Sd/-illegible**
**Addl. District Magistrate & Collector**
**South Tripura, Belonia.**

**PNIT NO: e-PT-III /EE/RD/ GNT-DIV/GNT/2024-25 DATED- 20/06/2024**

On behalf of the Governor of Tripura' the Executive Engineer, R.D Gonda Twisa Division, Gonda Twisa, Dhalai District, Tripura invites e-tender from eligible bidders up to 3.00 P.M. on 03/07/2024 for 1) Establishment of 15(Fifteen) MT Capacity Solar powered cool Chamber for Storing of Mango Fruit along with all necessary civil works like Side Development, Foundation,Fencing etc. on "Turn Key" basis including 03 years operation and running maintenance at Gonda Twisa. Sub-Head:- Construction of cold Storage/Chamber for Gandachara Market at 60 card Pachim Gandachara ADC Village.(03 Unit)For details visit website https:// tripuratenders.gov.in and contact at M-9436183234 (during office hours only). Any subsequent corrigendum will be available in the website only.

**ICA/C/411/24**

**Er. A. Tripura)**
**Executive Engineer R.D. Genda Twisa Division**

**Agartala Municipal Corporation**
**Electrical DIVISION,**
**AGARTALA, WEST TRIPURA**
**PRESS NOTICE INVITING e-TENDER**

The Executive Engineer, Electrical Division, Agartala Municipal Corporation, West Tripura invites on behalf of the Hon'ble Mayor, Agartala Municipal Corporation" percentage rate e-tender from the Central & State public sector undertaking/enterprise and eligible Bidders/Firms/Agencies having experienced in similar nature of works/ appropriate class of Internal Electrical Enlistment registered with PWD/TTAADC/ MES/CPWD/ Railway/ Other State PWD up to 3.00P.M.on 27-06-2024 for the following work:-

| Sl No. | Name of the work | Estimated Cost | Earnest Money | Time for Completion | Last Date and Time for Document Downloading and bidding |
|---|---|---|---|---|---|
| 1 | DNIeT-EE(Elect)/ AMC/07/2024-25 | 3,30,195.00 | 6,604.00 | 10(Ten) days | Date: 27/06/2024 Time : 15:00 Hrs |

For more details kindly visit: https://tripuratenders.gov.in
The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in
For and on behalf of the Hon'ble Mayor,AMC

**Sd/**
**Executive Engineer,**
**Electrical Division,**
**Agartala Municipal Corporation**

**PRESS NOTICE INVITING e-TENDER NO: PNIe-T No. 06/EE/DWS/DMN/2024-25**

The Executive Engineer, DWS Division Dharmanagar, North Tripura on behalf of the 'Governor of Tripura', invites online percentage / item rate e-tender for the following work-

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|
| 1 | 24/EE/DWS/DMN/2024-25 | Rs 9,61,919.00 | Rs. 19,238.00 | 365 days | Appropriate Class |
| 2 | 25/EE/DWS/DMN/2024-25 | Rs 9,61,919.00 | Rs. 19,238.00 | 365 days | Appropriate Class |
| 3 | 26/EE/DWS/DMN/2024-25 | Rs 9,09,064.00 | Rs. 18,181.00 | 365 days | Appropriate Class |
| 4 | 27/EE/DWS/DMN/2024-25 | Rs 9,09,064.00 | Rs. 18,181.00 | 365 days | Appropriate Class |
| 5 | 28/EE/DWS/DMN/2024-25 | Rs 9,69,939.00 | Rs. 19,399.00 | 365 days | Appropriate Class |
| 6 | 29/EE/DWS/DMN/2024-25 | Rs 9,69,939.00 | Rs. 19,399.00 | 365 days | Appropriate Class |
| 7 | 30/EE/DWS/DMN/2024-25 | Rs 9,66,433.00 | Rs. 19,329.00 | 365 days | Appropriate Class |
| 8 | 31/EE/DWS/DMN/2024-25 | Rs 9,66,433.00 | Rs. 19,329.00 | 365 days | Appropriate Class |

Last Date and Time for Document Downloading and Bidding: 09-07-2024 up to 15.00 Hrs
Date and Time for Opening of BID: 09-07-2024 at 16.00 Hrs
Document Downloading and Bidding at Application: https://tripuratenders.gov.in
Bid Fee: Rs/- 1,000.00 (non refundable).
All details are available in the https://tripuratenders.gov.in

**ICA/C/420/24**

**Executive Engineer**
**DWS Division Dharmanagar, North Tripura.**

# হরেকরকম

হরেকরকম
হরেকরকম

## কানপাকা রোগ

আমাদের পঞ্চ ইন্দ্রিয়ের একটি কান। কান আমাদের শব্দ শুনতে, ভারসাম্য বজায় রাখতে সহায়তা করে। মানবদেহের কানকে চিকিৎসা বিজ্ঞানের সুবিধার জন্য তিনটি ভাগে ভাগ করা হয়েছে। বহিঃকর্ণ, মধ্যকর্ণ এবং অন্ত:কর্ণ। কান দিয়ে পূঁজ/রস পড়া সাধারনত মধ্যকর্ণের রোগ।

কান পাকা যেহেতু মধ্যকর্ণের সংক্রমণ, তাই এতে কানের পর্দা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়। তবে অনেক সময় বহিঃকর্ণের কিছু প্রদাহের কারনেও কানে পুঁজ/রস হতে পারে। এই কান দিয়ে পূঁজ/রস পড়া খুবই অপ্রীতিকর এবং যে কোন বয়সে দেখা দিতে পারে। কিন্তু আমাদের দেশে প্রধানত শিশুদের মধ্যে এটা বেশি দেখা যায়। আর শহরবাসীর তুলনায় গ্রামের মানুষের মধ্যে এই রোগটি বেশি দেখা যায়। এর পেছনে কারণ হিসেবে বলা হয়ে থাকে দারিদ্র্যতা, অপুষ্টি, স্বাস্থ্য সচেতনতার অভাব, স্বাস্থ্য শিক্ষার অভাব ইত্যাদি।

কান পাকা রোগ কেন হয়?:

১) আমাদের সবারই ইউস্টেশিয়ান টিউব নামক একটা টিউব আছে যার এক মাথা থাকে মধ্য কর্ণে এবং আরেক মাথা থাকে নাকের



পেছনে ন্যাজোফেরিংস নামক স্থানে। বাচ্চাদের ক্ষেত্রে এই টিউবটা থাকে খাটো, অপ্রশস্ত এবং একদম সোজাসুজি। তাই মায়েরা শিশুদেরকে বুকের দুধ অথবা বোতলের দুধ/তরল মাথার দিকটা একটু উঁচু না করে ফ্লাট/কাত অবস্থায় খাওয়ালে তখন এই দুধ/তরল কিছুটা হলেও মধ্য কর্ণে চলে যায় এই টিউব দিয়ে। পরবর্তীতে যা থেকে মধ্য কর্ণে ইনফেকশন হয়ে কান পাকা রোগ সৃষ্টি হয়।

২) যেসব বাচ্চাদের ঘন ঘন ঠান্ডা লাগে, আপার রেসপিরেটরী ট্রাক্ট ইনফেকশন বেশি হয়, টনসিলে ইনফেকশন হয়, ঘন ঘন সর্দি থেকে সাইনোসাইটিস হয়, এডিনয়েড বেশ বড় থাকে, তাদের ক্ষেত্রে ইউস্টেশিয়ান টিউবের নরমাল কর্মক্ষমতা কমে গিয়ে টিউবের কাজে ব্যাঘাত ঘটায়। এসব কারণে প্রথম দিকে হঠাতকরে কানে প্রচন্ড ব্যথা শুরু হয়, জ্বর থাকে, এরপর কানের পর্দা ফুটো হয়ে রস বেরিয়ে আসে। ঐ সময় ঠিকমতো এবং পর্যাপ্ত চিকিতা না পেলে পর্দার ছিদ্রটি স্থায়ী হয়ে যায় এবং পরবর্তীতে কানে ইনফেকশন হবার কারণে কান দিয়ে রস/পুঁজ আসে। বড়দের ক্ষেত্রেও এসব সমস্যায় দীর্ঘদিন ভুগলে এই সমস্যা দেখা দিতে পারে।

৩) কানে আঘাত জনিত কারণে পর্দা ছিদ্র হয়ে গেলে এবং এর তাতণিক চিকিতা না করানো হলে পরবর্তীতে ঠান্ডাজনিত কারণে সর্দি/কাশি/গলা ব্যথা হলে কানের পর্দা দুর্বল হয়ে কান দিয়ে পূঁজ/রস আসতে পারে।

লক্ষণ :

১) কান দিয়ে পূঁজ বের হওয়া। এই তরল দুর্গন্ধযুক্ত বা দুর্গন্ধহীন হতে পারে। অনেক সময় পূঁজ রক্তমিশ্রিত থাকতে পারে। কান পাকা রোগের মধ্যে কয়েকটি ধরন আছে, যেখানে কান কিছুদিন শুকনা থাকে আবার কিছুদিন পরপর ভেজা পাকে অর্থাতরস বা পুঁজ বের হয়। আবার আরেক ধরনের কান পাকা রোগ আছে, যেখানে কান কখনোই শুকায় না।

২) কানে কম শোনা ও বন্ধ বন্ধ অনুভূতি লাগা, এমনকি সারাক্ষণ অস্বস্তি বোধ হওয়া।

৩) কানে বা মাথার ভিতরে শো শো শব্দ হওয়া, মাথা ঘুরানো, ভারসাম্য নষ্ট হওয়া।

৪) হঠাতপ্রদাহের ফলে অনেকের কানে তীব্র ব্যথা সহ জ্বর আসতে পারে।

চিকিতা : কানের ইনফেকশন শুরু হলে প্রথম দিকে যদি চিকিতা করানো হয় তাহলে কান পাকা প্রতিরোধ করা সম্ভব। কিন্তু কানের ভেতর কোথায় কি হয়ে এই কান পাকাটা হয়েছে সেটা না জেনে যদি কেউ অন্ধভাবে চিকিতা করতে থাকে তাহলে সেটার ফল ভালো হবে না। তাই সচেতন থাকি-সুস্থ্য থাকি। সময়মত চিকিতা না করালে কি হতে পারে:- কানের পর্দায় স্থায়ী ছিদ্র হয়ে থাকবে, কানে কম শুনতে পারে ও মাস্টয়ডাইটিস নামক জটিল রোগে আক্রান্ত হওয়ার সম্ভবনা দেখা দেয়।

## কর্নফ্লাওয়ার এর উপকারিতা

রান্নাঘরের অতি পরিচিত একটি সামগ্রী হল কর্নফ্লাওয়ার। নানা ধরনের মুখরোচক রান্না বিশেষ করে চায়নিজ খাবার তৈরি করতে এটি সর্বাধিক ব্যবহৃত হয়ে থাকে। শুধু রান্নার কাজে বা খাবার মুচমুচে করার ক্ষেত্রে নয় যে কোন ছোট খাটো সমস্যার সমাধান নিমিষেই করে দিতে পারে কর্নফ্লাওয়ার। এতে ২২ গ্রাম শর্করা, ৩ গ্রাম প্রোটিনে মোট ১১০ ক্যালরি উপস্থিত। এছাড়া ২৯ গ্রামের মধ্যে ২ গ্রাম ফাইবার এবং ১.৫ গ্রাম ফ্যাট ও এতে থাকে।



কর্নফ্লাওয়ার অর্থ কি ?

ভুট্টা চূর্ণ বা ভুট্টার গুঁড়োকে আমরা সাধারণভাবে কর্নফ্লাওয়ার বলে থাকি। কর্নফ্লাওয়ার ভুট্টার সম্পূর্ণ শাঁস থেকে নেয়া হয়, যাতে ফাইবার, প্রোটিন, স্টার্চসহ, ভুট্টার যাবতীয় পুষ্টিগুণে ভরপুর। কর্নফ্লাওয়ার এর ছবি, কর্নফ্লাওয়ার পাউডার কর্নফ্লাওয়ার এর উপকারিতা ? কর্নফ্লাওয়ার এর ব্যবহার তেলাপোকা জনিত ঝামেলা থেকে মুক্তি তেলাপোকার যন্ত্রণা সহ্য করতে হয় কমবেশি সকলকেই।এই যন্ত্রণা থেকে মুক্তি পেতে সমান পরিমাণের কর্ণফ্লাওয়ার ও প্লাস্টার অফ প্যারিস এক সাথে মিশিয়ে নিয়ে একটি পেস্ট বানিয়ে নিয়ে তেলাপোকার লুকোনোর জায়গা গুলিতে কর্নফ্লাওয়ার দিয়ে রাখলে পোকার উপদ্রব থেকে মুক্তি পাওয়া সম্ভব। তাছাড়া ঘরের মেঝেতে, দরজার কোণায় উপদ্রবকারী অন্যান্য পোকামাকড়ের বাসা থাকলে , বাসার মুখ এই পেস্ট দিয়ে বন্ধ করে দিলে পোকা জনিত সমস্যার সমাধান হতে পারে। জানলার কাঁচ পরিষ্কার ও ঝকঝকে করতে জানালার কাঁচ পরিষ্কার রাখতে কর্ণফ্লাওয়ারের সঙ্গে খানিকটা জল মিশিয়ে মিশ্রন তৈরি করতে হবে। সেই মিশ্রণটি জানালার কাঁচে লাগিয়ে একটি শুকনো নরম কাপড় দিয়ে আলতো করে ঘষে মুছে ফেলতে হবে আর তারপর জল দিয়ে ধুয়ে ফেললেই তফাত খুব সহজেই বোঝা যাবে। জানলার কাঁচ একেবারে ঝকঝকে- চকচকে আর পরিষ্কার দেখতে লাগবে। কাপড়ে লাগা রক্তের দাগ দূর করতে

কাপড় থেকে রক্তের দাগ দূর করতে হলে কর্ণফ্লাওয়ার জলে মিশিয়ে পেস্টের মতো বানাতে হবে। এরপর তা কাপড়ে লাগা রক্তের দাগের উপর ঘষে লাগিয়ে দিতে হবে ও কিছু সময়ের জন্য রেখে একটি টুথব্রাশ দিয়ে ঘষে তুলে দিলে দাগ মিলিয়ে যায়। যদি দাগ খুব কঠিন হয়ে থাকে তাহলে আরো ১ বার একই ভাবে ওপরের পদ্ধতিটি পুনরায় প্রয়োগ করতে হবে আর তারপর কাপড় ধুয়ে রোদে শুকিয়ে নিলে দেখা যাবে কাপড়ে আর কোনো দাগ অবশিষ্ট নেই। তেলের দাগ তুলতে কর্নফ্লাওয়ারের ভূমিকা পোশাকে তেলের দাগ লাগলে সেই স্থানে কর্নফ্লাওয়ার ছড়িয়ে দিলে ১৫ থেকে ২০ মিনিট পর সাবান দিয়ে জায়গাটা ধুয়ে দিলেই দেখা যাবে সে দাগ উঠে গেছে। পোশাকে আরও কঠিন রকমের কিছু দাগ লাগলে খানিকটা কর্নফ্লাওয়ার জলের সাথে মিশিয়ে একটা পেস্ট তৈরি করে দাগের জায়গায় লাগিয়ে কিছুক্ষণ রেখে দিতে হবে। তারপর অল্প ভেজা থাকা অবস্থায় নরম টুথব্রাশ দিয়ে ঘর্ষণ করলে দেখা যাবে যে দাগ মিলিয়ে গেছে।

কাপড় থেকে কালির দাগ তুলতে

কাপড় থেকে কালির দাগ তুলতে কর্নফ্লাওয়ারের সাথে দুধ মিশিয়ে পেস্টের মতো তৈরি করে নিতে হবে। এরপর তা দাগের উপর লাগিয়ে রাখতে হবে কিছুক্ষণ। শুকিয়ে গেলে একটি টুথব্রাশ দিয়ে ঘষে তুলে নিলে কাপড় থেকে কালির দাগ খুব সহজেই উঠে যাবে। শিশুর ডায়াপার র্যাশ দূর করার ক্ষেত্রে ডায়াপার জনিত র্যাশ শিশুদের ক্ষেত্রে একটি খুব সাধারণ ব্যাপার।তবে কর্ণফ্লাওয়ারের ব্যবহার, এ ক্ষেত্রে কিছুটা সুরাহা দেবে। ডায়াপার পরিবর্তনের সময় শিশুর দেহে কর্ণফ্লাওয়ার দিয়ে দিতে পারলে র্যাশ ওঠা বন্ধ হয়ে যাবে। এছাড়াও শিশুদের রোজকার স্নানের জলে এক চতুর্থাংশ কাপ কর্ণফ্লাওয়ার গুলে নিলেও সমস্যা সমাধান হতে পারে। তরল পদার্থকে ঘনীভূত করতে অনেক সময় তরকারির ঝোল বেশি পাতলা হয়ে গেলে এবং অনেক জ্বাল দিয়ে ও যখন ঝোল ঘন হয় না তখন ঝোল ঘন করতে তরকারি কে আঁচে বসিয়ে কিছুটা কর্ণফ্লাওয়ার দিয়ে দিলেই মুশকিল আসান ! তরকারির ঝোল ঘন হয়ে যাবে এবং স্বাদও বাড়বে।

তৈলাক্ত ত্বকের উপযোগী তৈলাক্ত ত্বকে সাধারণ পাউডার ব্যবহার না করে যদি অল্প কর্ণফ্লাওয়ার ট্যালকম পাউডারের সাথে মিশিয়ে ত্বকে ব্যবহার করতে পারা যায় তাহলে ত্বক মসৃণ দেখতে লাগবে। কর্ণফ্লাওয়ার অতিরিক্ত তেল শোষণ করে ত্বকের সৌন্দর্য বৃদ্ধি করবে।

পুড়ে যাওয়া ত্বকের ক্ষেত্রে

রান্না করতে গিয়ে কোথাও পুড়ে গেলে ফার্স এএড হিসেবে কর্নফ্লাওয়ার ব্যবহার করা যেতে পারে। পুড়ে যাওয়া ত্বকের ঘরোয়া চিকিৎসার জন্য কর্ণফ্লাওয়ারের কার্যকারিতার প্রমাণ মিলেছে। ৮ কাপ ঈষদুষ্ণ গরম জলে ১ টেবিল চামচ কর্ণফ্লাওয়ার ও ১ টেবিল চামচ বেকিং সোডার মিশ্রণ তৈরি করে তাতে গজ বা পরিষ্কার কাপড় চুবিয়ে পুড়িয়ে যাওয়া অংশে আধঘন্টা লাগিয়ে রাখলে জ্বালা যন্ত্রণার উপশম হবে এবং আরাম ও মিলবে।তাছাড়া এটি পোড়াভাবের ফলে তৈরি হওয়া জ্বলুনি কমাতে সাহায্য করে এবং ত্বকের মৃত চামড়া দ্রুত সরিয়ে ফেলতে ও কার্যকরী।

তৈলাক্ত চুলে কর্নফ্লাওয়ারের জাদু আজকাল কর্মব্যস্ত জীবনে মানুষের সময়ের খুবই অভাব।কোনো অনুষ্ঠানে বেরোবার আগে চুল তৈলাক্ত দেখতে লাগল মেজাজ খারাপ হয়ে যায়। এমন সমস্যা তো হয়েই থাকে। আর এই সমস্যার চটজলদি সমাধান দিতে পারে একমাত্র কর্নফ্লাওয়ার। নির্দ্বিধায় চুলের উপর খানিকটা কর্নফ্লাওয়ার ছড়িয়ে চুল ভাল করে আঁচড়ে নিলেই চুলের তেলতেলে ভাব সম্পূর্ণ দূর হয়ে যাবে।তাই শ্যাম্পু করার সময় বা সুযোগ না থাকলে কর্নফ্লাওয়ারই চুলের একমাত্র ভরসা। তাছাড়া, কর্নফ্লাওয়ারের শোষণ ক্ষমতা ও এক্সফলিয়েশন উপাদানের উপস্থিতির কারণে তৈলাক্ত চুলের ক্ষেত্রে এটি দারুণ কাজ করে থাকে। মাথার ত্বকে অতিরিক্ত খুশকির সমস্যা ও দূর করে থাকে যার জন্য কর্নফ্লাওয়ারের এত প্রসিদ্ধি।

বাসনপত্রের কালচে ভাব দূর করতে রূপার গয়না বা বাসনপত্রে কালচে ভাব দেখা দিলে জলের মধ্যে কিছুটা কর্নফ্লাওয়ার মিশিয়ে ভাল করে গুলে তার মধ্যে কিছুক্ষণ ডুবিয়ে রাখতে হবে। তারপর নরম ব্রাশ দিয়ে হালকা ঘষে পরিষ্কার জলে ধুয়ে নিলেই রূপার গয়না বা বাসনপত্রের কালচে ভাব উধাও হয়ে যাবে।

বিরক্তিকর ব্ল্যাকহেডস থেকে মুক্তি দিতে কর্নফ্লাওয়ারের শোষণ ক্ষমতা এবং মৃত চামড়া দূর করার জন্য এক্সফলিয়েশন উপাদান যথাকার কারণে কর্নফ্লাওয়ার প্রাকৃতিকভাবেই মানবদেহের বিশেষ অঙ্গ থেকে ব্ল্যাকহেডস দূর করতে সক্ষম। পা ঘামার সমস্যা থেকে মুক্তি পেতে গরমকালে জুতা মোজা পরলে অনেকেরই পা ঘেমে যাওয়ার প্রবণতা থাকে। সেক্ষেত্রে জুতো পরার আগে কিছুটা কর্নফ্লাওয়ার পায়ে হালকা করে লাগিয়ে নিলে পা ঘামার সমস্যা থেকে মুক্তি পাওয়া সম্ভব। তাছাড়া জুতায় দুর্গন্ধ হলে জুতার মধ্যে কিছুটা কর্নফ্লাওয়ার ছড়িয়ে রাখতে পারলে এ ক্ষেত্রে উপকারী ফল পাওয়া যায়। সারারাত রেখে সকালে জুতো জোড়া ঝেড়ে নিলে আর দুর্গন্ধ থাকবে না।

শাড়িতে মাড় দেওয়ার কাজে লাগে

চটজলদি শাড়িতে মাড় দিতে হলে জলের সাথে কর্নফ্লাওয়ার মিশিয়ে গরম করতে হবে। মিশ্রণটি ঘন হয়ে গেলে সেটিকে মাড় হিসেবে ব্যবহার করা যেতে পারে। পরে শাড়িটি শুকিয়ে গেলে ইস্ত্রি করে নিলে শাড়ি নতুনের মতো লাগবে।

গিঁট ছাড়াতে প্রয়োজন কর্নফ্লাওয়ার

কোনও অনুষ্ঠান বাড়ি যাওয়ার সময় অসতর্কতার কারণে যদি চেইন বা ব্রেসলেটে খুব বাজে ভাবে গিঁট লেগে যায় তাহলে গিঁট ছাড়াবার জন্য এলোমেলো টানাটানি না করে পরিবর্তে গিঁটের উপর কর্নফ্লাওয়ার ছিটিয়ে নেওয়া যেতে পারে। তারপর যদি গিঁট খোলার চেষ্টা হয় তবে দেখা যাব যে সেটি সহজেই খোলা যাচ্ছে , আর সমস্যা থাকছে না। দড়ি বা ফিতের গিটের ক্ষেত্রেও এই একই পদ্ধতি প্রযোজ্য। কর্নফ্লাওয়ারের গুণাবলির অন্ত নেই। বহুল ব্যবহৃত এই উপাদানটি গ্রহণে কোন পার্শপ্রতিক্রিয়া নেই বলেই স্বীকৃতি লাভ করেছে। তাই কেবল রান্নার কাজেই নয়, দৈনন্দিন খুঁটিনাটির অনেক রকম সমস্যার সমাধানে কর্নফ্লাওয়ারের ব্যবহার ও জনপ্রিয়তা দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে।

## রোজ বিটের জুস পান করেন? শরীরের কতটা ক্ষতি করছেন জানেন?

স্বাস্থ্যকর সবজির মধ্যে অন্যতম হল বিট। ভারতীয়রা স্যালাডের সঙ্গে বিট খেতে বেশি পছন্দ করেন। অনেকে আবার মিহি করে কুঁচিয়ে রান্না করে খেতেও ভালবাসেন। বিটরুটের রস ভিটামিন, আয়রন এবং ফলিক অ্যাসিডের চমতার উত, যা লাল রক্ত কণিকার উতাদন বাড়ায়, হিমোগ্লোবিনের মাত্রা এবং কোষে অক্সিজেন সরবরাহ বাড়ায়। বিটে আয়রন থাকায় চিকিতকরাও শরীরে রক্তের অভাব মেটাতে বিট খাওয়ার পরামর্শ দেন। কিন্তু আপনি কি জানেন, অতিরিক্ত বিটরুটের রস পান করা শরীরের পক্ষে মারাত্মক ক্ষতিকারক? হ্যাঁ, বিটের উপকারিতা থাকলেও এর পার্শপ্রতিক্রিয়াও রয়েছে।

আসুন জেনে নেওয়া যাক, অত্যধিক পরিমাণে বিটের রস



পানের ফলে শরীরের কী কী রোগ দেখা দিতে পারে -

বিটুরিয়া

বিট বা বিটযুক্ত রঙিন খাবার খাওয়ার পরে লাল বা গোলাপী রঙের প্রস্রাব হওয়াকে বলা হয় বিটুরিয়া। যাদের শরীরে আয়রনের ঘাটতি রয়েছে, তাদের মধ্যে এই সমস্যা বেশি দেখা গিয়েছে।

কিডনিতে পাথর

গবেষণা অনুসারে, বিট অক্সালেট সমৃদ্ধ এবং কিডনিতে পাথর হওয়ার অন্যতম কারণ হতে পারে। বিট ইউরিনারি অক্সালেট নিঃসরণ বাড়ায়, যা শরীরে ক্যালসিয়াম অক্সালেট পাথরের বিকাশ ঘটাতে পারে। তাই যারা কিডনিতে পাথরের সমস্যায় ভুগছেন, তাদেরকে চিকিতকরা বিট বা বিটের রস খাওয়া বন্ধ করার পরামর্শ দেন। অ্যানাফিল্যাক্সিস অতিরিক্ত বিটরুট খাওয়ার ফলে অ্যানাফিল্যাক্সিস হতে পারে। যার ফলে শরীরে তীব্র অ্যালার্জি দেখা দিতে পারে। ত্বকে লাল ব্যাশ, চুলকানি, ফুলে যাওয়া, হাঁপানি, আমবাত, গলা শক্ত হওয়া এবং ব্রঙ্কোস্পাজমও হতে পারে।

মলের রঙ পরিবর্তন

বিটরুট গ্রহণের ফলে মলের রঙ লালচে হতে পারে। কালো এবং ট্যারি মলও বিটুরিয়ার লক্ষণ হতে পারে।

পেট খারাপ

বিটরুটে নাইট্রেট থাকে। ইউএস ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস-এর একটি প্রকাশনা অনুসারে, শরীরে উচ্চ মাত্রার নাইট্রেটের কারণে পেটে ব্যথা হতে পারে। তাছাড়া, বিটের জুস পানের ফলে কেউ কেউ পেটের রোগে ভুগতে পারেন।

গর্ভাবস্থায় সমস্যা বিটে নাইট্রেটের উপস্থিতি গর্ভবতী মহিলাদের জন্য অত্যন্ত ক্ষতিকারক হতে পারে। গর্ভাবস্থায় অত্যধিক নাইট্রেট গ্রহণের ফলে এনার্জির অভাব, মাথা ব্যথা, মাথা ঘোরা এবং চোখ, মুখ, ঠোঁট, হাত ও পায়ের চারপাশের ত্বকের রঙ নীল-ধূসর হয়ে যেতে পারে।

লিভারের ক্ষতি গবেষকদের মতে, বিটরুটের অত্যধিক ভোজনের ফলে লিভারে ধাতব আয়ন জমা হতে পারে, যা লিভারের মারাত্মক ক্ষতি করতে পারে। ক্যালসিয়ামের অভাব রিপোর্ট অনুসারে, অত্যধিক বিটরুটের রস শরীরে ক্যালসিয়ামের মাত্রা হ্রাস করতে পারে। বিশেষজ্ঞদের মতে, যে সব মহিলাদের শরীরে ক্যালসিয়ামের মাত্রা কম থাকে, তাদের অত্যধিক বিটরুট রস বা বিট না খাওয়াই ভাল।

## উচ্চ রক্তচাপ দূরে রাখতে পারে যে উপায়গুলি

বয়সের সঙ্গে এই উচ্চ রক্তচাপের পরিস্থিতি তৈরি হওয়ার শঙ্কা থাকলেও এটি পারিবারিক সূত্রেও হওয়ার ঝুঁকি থাকে। এটি কম্বোডিয়ার মেডিকেল অফিসার ডা. জ্যাকোব হাসকালোভিসি বলেন, “প্রত্যেকেরই নিজের রক্তচাপ সম্পর্কে জানা ও সচেতন হওয়া উচিত। এরজন্য নিয়মিত পরীক্ষা করা এবং নিজে থেকেই চিকিৎসকের কাছ থেকে এই বিষয়ে জিজ্ঞেস করতে হবে।'' যারা প্রচুর পরিমাণে সোডিয়াম গ্রহণ করেন তাদের উচ্চ রক্তচাপের ঝুঁকি বেশি থাকে।

ডা. হাসকালোভিসি ব্যাখ্যা করে বলেন, ''উচ্চ রক্তচাপ ক্লান্তিবোধ, দুর্বলভাব, ব্যথা এমনকি হার্ট অ্যাটাক বা স্ট্রোক হওয়ায় ঝুঁকি বাড়িয়ে তোলে। সঠিক চিকিৎসার অভাবে উচ্চ রক্তচাপ কিডনি, হৃদপিণ্ড ও দৃষ্টিশক্তির সমস্যা সৃষ্টি করে। লবণ উচ্চ রক্তচাপ বাড়ায়। কেননা এতে করে দেহ জল ধরে রাখে যা, শিরাগুলোতে চাপ সৃষ্টি করে।'' দৈনন্দিন খাদ্যাভ্যাস থেকে সামান্যতম লবণের পরিমাণ কমানো শরীরের জন্য উপকারী। সম্ভব হলে রান্নার লবণের পরিবর্তে স্বাদযুক্ত মসলা ব্যবহার করা যেতে পারে। প্রক্রিয়াজাত খাবার, ফাস্টফুড ও ভারি নোনতা খাবার থেকে বিরত থাকা উচিত। সামান্যতম সোডিয়াম গ্রহণের পরিমাণ কমানো হৃদপিণ্ড সুস্থ রাখতে এবং উচ্চ রক্তচাপ পাঁচ থেকে ছয় মি.মি এইচজি পর্যন্ত কমাতে সহায়তা করে। রক্তচাপের ওপর সোডিয়াম গ্রহণের প্রভাব বিভিন্ন গোষ্ঠীর মধ্যে বিভিন্ন রকমের হয়ে থাকে।

সাধারণভাবে, দিনে ২৩০০ মি.লি. গ্রামের বেশি সোডিয়াম গ্রহণ করা উচিত। প্রাপ্তবয়স্কদের জন্য দৈনিক ১৫০০ মি.লি. গ্রাম বা এর কম সোডিয়াম গ্রহণ করা উচিত। এছাড়া মানসিকচাপ নিয়ন্ত্রণে রাখা জরুরি। মানসিকচাপে থাকলে শরীর তা মোকাবেলা করার জন্য হরমোন তৈরি করে। অথবা স্বাভাবিকের চেয়ে চাপ বৃদ্ধি করে। এতে হৃদপিণ্ড দ্রুত স্পন্দিত হয়। ডা. হাসকালোভিসি জানান, “সময়ের সাথে সাথে উচ্চ চাপ উচ্চরক্তচাপের সৃষ্টি করে। শরীরচর্চা, ঘুম, ভালো বন্ধু, অর্থপূর্ণ জিনিস ও শান্ত মুহূর্ত চাপ নিয়ন্ত্রণে সাহায্য করে। এছাড়াও, অনেকে ধ্যান, মালিশ করা, প্রকৃতিতে হাঁটাহাঁটি করা অথবা মনের ওপর নিয়ন্ত্রণ অনুশীলন মানসিক চাপ কমাতে সহায়তা করে।”

## চল্লিশের পরের কিছু পরিবর্তন সুস্থ থাকতে যা করণীয়

“কুঁড়িতে বুড়ি আর চল্লিশে চালশে” এই প্রবাদগুলোই এখন চিরাচারিত সত্য। বয়স বেড়ে যাওয়ার সাথে সাথে শরীর ও মনে পরিবর্তন আসে। আর এই পরিবর্তনগুলো মেনে নেওয়াই ভালো থাকার মূলমন্ত্র। নারী এবং পুরুষের শরীরের গঠনে বেশকিছু পার্থক্য রয়েছে। পুরুষদের তুলনায় মেয়েদের শরীর অনেক বেশি জটিল। এ কারণেই নারীদের বেশি করে নিজেদের খেয়াল রাখা উচিত। বয়স চল্লিশের কোঠায় পৌঁছালে নারীরা বেশ কিছু সমস্যার মুখোমুখি হয়। তাই এটা সাবধানতার সময়, নিজের দিকে আলাদা করে নজর দেওয়ার সময়। এসময় তাই প্রাত্যহিক জীবনযাত্রায় পরিবর্তন আনুন। নিয়ন্ত্রণহীন প্রস্রাব বিড়ম্বনা সাধারণত প্রসবকালীন এবং প্রসব পরবর্তী সময় বা মনোপজের পরে প্রস্রাব নিয়ন্ত্রণ করতে না পারার সমস্যাটা দেখা যায়। এমনকি কখনও কখনও জোরে কাশি দিলে বা উচ্চস্বরে হাসলেও প্রস্রাব আটকে রাখা দায় হয়ে পড়ে। চল্লিশ বছর পার করা নারীদের ক্ষেত্রে এমন বিব্রতকর পরিস্থিতির ঘটনা ঘটে প্রায় ৪০ শতাংশ। পরামর্শ: এই যন্ত্রণাদায়ক পরিস্থিতি থেকে বের হতে যোগ ব্যায়াম করতে পারেন। ঘনঘন ভুলে যাওয়া চল্লিশ বছর পর বা মনোপজের পর নারীর জীবন-জীবিকায় বিশাল এক পরিবর্তন ঘটে। যেমন- ছোট ছোট বিষয়গুলো ভুলে যাওয়া। তবে এটাকে স্মৃতিভ্রষ্টের রোগ মনে করার কোনো কারণ নেই। কারণ এসবই মনোপজের জন্য হয়।

পরামর্শ: বিষয়টি মনের মধ্যে পুষে না রেখে চিকিতককে জানিয়ে নিশ্চিত হয়ে নিন যে এটা অন্য কোনো রোগ নয়। চুল পড়া মানুষ মাত্রই কমবেশি চুল পড়ার বিষয়টি মোকাবিলা করতে হয়। কখনও বেশি কখনও কম। গর্ভাবস্থায় নারীদের চুলের স্বাস্থ্য বৃদ্ধি পায়। আবার শিশু ভূমিষ্ঠ হওয়ার পরই ঝরতে থাকে। হরমোনাল পরিবর্তনে যেমন চুল পড়ে আবার মনোপজের কারণেও চুল পড়তে পারে। পরামর্শ: এসব ক্ষেত্রে চুলপড়া কমাতে সহায়ক শ্যাম্পু ব্যবহার করুন বা ভিটামিন, আয়রন, ক্যালসিয়াম যুক্ত খাদ্য গ্রহণ করুন। পুষ্টিহীনতা চল্লিশের পর থেকে নারীর শারীরিক সক্ষমতা কমতে শুরু করে। বিভিন্ন পুষ্টি ও আয়রনের ঘাটতি দেখা দেয়। ফলে স্বাভাবিকভাবেই শরীর এত মাত্রায় ক্লান্ত হয়ে পড়ে যে, কোনো কাজ করতেই মন চায় না। অসুস্থতার মাত্রাও বেড়ে যায়। পরামর্শ: এমনটা যাতে আপনার সঙ্গে না ঘটে, তা সুনিশ্চিত করতে প্রতিদিনকার ডায়েটে মাংস, ডিম, নানাবিধ বীজ, বাদাম এবং ব্রাউন রাইসের মতো আয়রন সমৃদ্ধ খাবার রাখতে হবে। হাড়ের সমস্যা চল্লিশের পর থেকে নারীদের হাড়ের স্বাস্থ্যের অবনতি ঘটতে শুরু করে। তাই এই সময় বেশি করে ক্যালসিয়াম সমৃদ্ধ খাবার খাওয়া শুরু করতে হবে। সেই সঙ্গে সকালে গায়ে রোদ লাগাতে হবে। এতে শরীরে ভিটামিন ডি-এর ঘাটতি দূর হবে। ফলে হাড় ভালো থাকবে।

পরামর্শ: ক্যালসিয়াম সমৃদ্ধ খাবার খেতে হবে নিয়মিত। ক্যালসিয়াম সমৃদ্ধ খাবারগুলোর মধ্যে অন্যতম হলো-দুধ, দই, পনির, ব্রকলি, বাদাম প্রভৃতি।

## পেটের জেদি চর্বি গলবে এই পানীয়তেই

অফিসের কাজের গুঁতো সামলাতে গিয়ে প্রাণ ওষ্ঠাগত। নাওয়া-খাওয়ার পর্যন্ত সময় নেই। পুজোর দু”দিন ছুটির লোভে তাড়াতাড়ি কাজ সামলাতে গিয়ে মিস হয়ে যাচ্ছে লাঞ্চটাইম। ফলে পেটের খিদে মেটাতে তখন ফাস্টফুড। একটানা বসে কাজ করা, তাড়াহুড়োয় তেল-মশলাদার খাবার খেয়ে ওজন তো বাড়েনি বরং কমেছে। আর শরীর যদি পর্যাপ্ত পরিমাণ খাবার না পায় এবং নিয়মমাফিক শরীরচর্চা না হয় তাহলে মেটাবলিজম কমবেই।



খাবার ঠিকমতো হজম না হলে শরীরে জমা হয় অতিরিক্ত টক্সিন। এই অতিরিক্ত টক্সিন আর চর্বি জমা হওয়ার ফলে শরীরে একাধিক সমস্যা দেখা দেয়। আর মেদ জমতে শুরু করলে প্রথমে তা পেটেই জমতে শুরু করে। এই মেদ ঝরানো কিন্তু বেশ মুশকিলের।

শরীরে মেদ জমলে অলস আর ক্লান্তিভাব লেগেই থাকে। শরীরে ক্লান্তি থাকলে মেটাবলিজম কমবেই। এর অর্থ হল শরীরে যে পরিমাণ খাবার যাচ্ছে তার থেকে পর্যাপ্ত পরিমাণ শক্তি উতন্ন হচ্ছে না। ওবেসিটির সমস্যা হলে সেখান থেকে শরীরে বাসা বাঁধে একাধিক রোগ। আজ তৃতীয়া। ঠাকুর দেখা, প্যান্ডেল হপিং ইতিমধ্যে শুরু হয়ে গিয়েছে। তবুও হাতে ৫ দিন সময় আছে অষ্টমী পর্যন্ত। হাজার হোক অষ্টমীর বিশেষ সাজগোজের দিকে সকলেরই নজর থাকে। পছন্দের শাড়ি, ব্লাউজ গায়ে চাপানোর আগে ঝরিয়ে ফেলুন পেটের অতিরিক্ত চর্বি। আর এভাবে অতিরিক্ত চর্বি জমার ফলে শরীরের বিপাক ক্রিয়া কমে যায়। এই কয়েকটি পানীয় যদি নিয়ম করে এই ৫ দিন খেতে পারেন তাহলে উপকার পাবেনই। অ্যাপেল সিডার ভিনিগার- -এর মতে অ্যাপেল সিডার অন্ত্র পরিষ্কার রাখতে খুব ভাল কাজ করে। এর ফলে শরীরের পিএইচ ভারসাম্য বজায় থাকে। পাকস্থলীর মধ্যেকার অ্যাসিডের ভারসাম্য বজায় রাখে। ফলে বিপাক ক্রিয়া বাড়ে। এতে বিপাক ক্রিয়া বাড়ে। রোজ সকালে অ্যাপেল সিডার ভিনিগার খান। তবেই তফাত বুঝতে পারবেন। ব্ল্যাক কফি- ব্ল্যাক কফি আমাদের শরীরের জন্য খুব ভাল। সেই সঙ্গে ফ্যাট গলাতেও সাহায্য করে। সবচেয়ে ভাল যদি ওয়ার্ক আউটের আগে খেতে পারেন। এতে শরীরে শক্তিও পাওয়া যাবে সেই সঙ্গে ওজনও কমবে তাড়াতাড়ি। তবে চিনি ছাড়া ব্ল্যাক কফি খেতে হবে।

# বাংলাদেশের জাতীয় সংসদে মুজিব ও স্বাধীনতা এর শুভ উদ্বোধন করেন শেখ হাসিনা



মনির হোসেন,ঢাকা,২৪ জুন।। বাংলাদেশের প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা সোমবার জাতীয় সংসদ ভবনে নির্মিত "মুজিব ও স্বাধীনতা" এর শুভ উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী জাতীয় সংসদ ভবনের ১ম লেভেলে স্থাপিত "মুজিব ও স্বাধীনতা" পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রধানমন্ত্রীর সাথে জাতীয় সংসদের স্পীকার ড় শিরীন শারমিন চৌধুরী এমপি উপস্থিত ছিলেন। এসময় স্পীকার "মুজিব ও স্বাধীনতা" এ প্রদর্শিত বিভিন্ন স্থিরচিত্র ও ঘটনাপ্রবাহ সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন।

পরিদর্শন শেষে প্রধানমন্ত্রী পরিদর্শন বইতে স্বাক্ষর করেন এবং "মুজিব ও স্বাধীনতা" এর প্রশংসা করেন। তিনি জাতীয় সংসদে "মুজিব ও স্বাধীনতা" স্থাপনের জন্য স্পীকার ড় শিরীন শারমিন চৌধুরী এমপিসহ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান। এসময় জাতীয় সংসদের ডেপুটি স্পীকার মো: শামসুল হক টুকু এমপি, চীফ হুইপ নূর-ই-আলম চৌধুরী এমপি, হুইপ ইকবালুর রহিম এমপি, হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপন এমপি, হুইপ নজরুল ইসলাম বাবু এমপি, হুইপ সাইমুম সরওয়ার কমল এমপি, হুইপ মাশরাফী বিন মোর্তজা এমপি এবং হুইপ সানজিদা খানম এমপি উপস্থিত ছিলেন। পরবর্তীতে মন্ত্রিপরিষদ সদস্যসহ জাতীয় সংসদ সদস্যগণ "মুজিব ও স্বাধীনতা" পরিদর্শন করেন।

উল্লেখ্য যে, "মুজিব ও স্বাধীনতা" সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিহাস সংরক্ষণ ও প্রজন্ম থেকে প্রজন্মে ছড়িয়ে দেয়ার এক অনন্য প্রয়াস। এখানে প্রথম কক্ষে বাংলার প্রাচীন ইতিহাস থেকে শুরু করে বঙ্গবন্ধুর শৈশব ও কৈশোর, খোকা থেকে শুরু হয়ে তারুণ্যে মুজিব ভাই হয়ে ওঠা, ভারত ভাগ ও পাকিস্তান প্রতিষ্ঠা, উত্তাল ভাষা আন্দোলন ও ১৯৫০ এর দশকের রাজনৈতিক পট পরিবর্তন, বাঙালির মুক্তির সনদ ৬ দফা, উনসত্তরের গণঅভ্যুত্থান ও ১৯৭০ এর নির্বাচন পর্যন্ত প্রদর্শিত হয়েছে।"৭০ এর ঐতিহাসিক নির্বাচনে বিজয়ের প্রেক্ষাপট থেকে শুরু করে দ্বিতীয় কক্ষের ঘটনাপ্রবাহ এগিয়ে গেছে ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের ইতিহাসের দিকে। বঙ্গবন্ধুর বজ্রকণ্ঠে ৭ মার্চের ভাষণ, পাকিস্তানী হানাদার বাহিনী কর্তৃক ২৫ মার্চের গণহত্যা, ২৬ মার্চ প্রথম প্রহরে স্বাধীনতার ঘোষণা, দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধে সর্বস্তরের মানুষের অকাতর সংগ্রাম এবং মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনাদের আত্মত্যাগের ধারাবর্ণনা স্থান পেয়েছে এই কক্ষে। তৃতীয় কক্ষে বাংলাদেশের গৌরবোজ্জ্বল বিজয়, মুক্তিযোদ্ধাদের বীরত্বপূর্ণ অবদানের সাথে আরো রয়েছে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন, যুদ্ধবিধ্বস্ত দেশকে পুনর্গঠন, আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশের পরিচিতি সুসংহত করার স্বর্ণালী ইতিহাস। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের সংগ্রামী জীবন ও বঙ্গবন্ধুর পারিবারিক জীবনের কিছু খণ্ডচিত্র প্রদর্শিত হয়েছে। এরপর বাংলাদেশের ইতিহাসের কালো অধ্যায় ১৯৭৫ সালের ১৫ আগস্ট এর নির্মম হত্যাকাণ্ডের ঘটনা স্থান পেয়েছে। জাতীয় সংসদের সংশ্লিষ্ট উর্ধতন কর্মকর্তাগণ এসময় উপস্থিত ছিলেন।



ডিফেন্স সার্ভিসেস স্টাফ কলেজ, ভারত এবং ডিফেন্স সার্ভিস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজ, বাংলাদেশের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

## দিল্লিতে তাপপ্রবাহের আর সম্ভাবনা নেই, ৩-৪ দিন বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা

নয়াদিল্লি, ২৪ জুন (হি.স.): রাজধানী দিল্লিতে তাপপ্রবাহের আর কোনও সম্ভাবনা নেই। তাপমাত্রা খানিকটা বাড়তে পারে, আগামী ৩-৪ দিনের মধ্যে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সোমবার ভারতীয় আবহাওয়া দফতরের আবহাওয়া বিজ্ঞানী সোমা সেন বলেছেন, 'আমরা আশা করছি আগামী ৩-৪ দিনের মধ্যে গুজরাট, মধ্যপ্রদেশ, ঝাড়খণ্ড এবং বিহারে বর্ষা অগ্রসর হবে। হালকা বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।'

আবহাওয়া বিজ্ঞানী সোমা সেন বলেছেন, 'তাপপ্রবাহের পরিস্থিতি উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। তবে, পশ্চিম উত্তর প্রদেশ, রাজস্থান, পঞ্জাব, হরিয়ানা, বিহারের কিছু স্থানে তাপপ্রবাহ পরিস্থিতি থাকতে পারে।' দিল্লির আবহাওয়ার বিষয়ে তিনি বলেছেন, 'আমরা দিল্লিতে তাপমাত্রা সামান্য বৃদ্ধির আশা করছি... তাপপ্রবাহের পরিস্থিতি প্রত্যাশিত নয়।'

## তামিলনাড়ুতে আইন-শৃঙ্খলা বজায় রাখতে ব্যর্থ হয়েছে ডিএমকে সরকার : ডি জয়কুমার

চেন্নাই, ২৪ জুন (হি.স.): তামিলনাড়ুর ডিএমকে সরকারের তীব্র সমালোচনা করলেন এআইএডিএমকে নেতা ডি জয়কুমার। সোমবার ডি জয়কুমার বলেছেন, 'ডিএমকে সরকার রাজ্যে আইনশৃঙ্খলা বজায় রাখতে ব্যর্থ হয়েছে। রাজ্যে অবৈধ মদ ও মাদক প্রকাশ্যেই। মুখ্যমন্ত্রী যিনি স্বরাষ্ট্র দফতরের দায়িত্বও পালন করেন, তার দিকেই প্রশ্ন উঠছে। গত বছর ভিল্লুপুরম এবং চেঙ্গলপাট্টুতে যখন একই রকম ঘটনা ঘটেছিল তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন যে তিনি এমন দুঃখজনক ঘটনা ঘটতে দেবেন না? তাহলে এখন কী করে হল?'

ডি জয়কুমার আরও বলেছেন, 'অবৈধ মদ সেবনে আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য কোনও সঠিক ওষুধ নেই। পর্যাপ্ত ওষুধ থাকলে অনেক জীবন বাঁচানো যেত। এটি আমাদের নেতা পালানিস্বামী উত্থাপন করেছিলেন এবং তারপরে স্টেট মেডিক্যাল বিভাগ জরুরিভাবে ওষুধ সংগ্রহ করেছিল।' জয়কুমারের কথায়, 'কেন মামলাটি সিবিআইয়ের কাছে হস্তান্তর করা হচ্ছে না? তারা ভয় পাচ্ছেন যে সিবিআই তদন্ত করলে শাসক সরকারের অনেক শীর্ষ নেতা ধরা পড়বে। তারা এক সদস্যের কমিশন গঠন করেছে। তাতে কি লাভ? সেটা শুধু খাতিরেই। এই ধরনের কমিশন আসল বিষয়টিকে ঘোলা করে দেবে।'

# স্বস্তি পেলেন না কেজরিওয়াল, ২৬ জুন জামিন স্থগিতের বিষয়ে শুনবে সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ২৪ জুন (হি.স.) : জেলমুক্তি স্থগিত রেখেছে দিল্লি হাইকোর্ট, জামিনের জন্য সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। কিন্তু, সোমবার শীর্ষ আদালত কেজরিওয়ালের আবেদন ২৬ জুন পর্যন্ত পিছিয়ে দিয়েছে। আগামী ২৬ জুন জামিন স্থগিতের বিষয়ে শুনবে সুপ্রিম কোর্ট। আবগারি দুর্নীতি মামলায় কেজরিকে গ্রেফতার করেছিল ইডি। গত বৃহস্পতিবার দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত তাঁর জামিন মঞ্জুর করে। ইডি কেজরির জামিন ৪৮ ঘণ্টা পিছিয়ে দেওয়ার আবেদন করেছিল। যা গ্রাহ্য হয়নি। বিচারক ন্যায় বিন্দু কেজরিকে জামিন দেন। সেই নির্দেশকে চ্যালেঞ্জ করে হাইকোর্টে মামলা করে ইডি। ইডির আবেদনে সাড়া দিয়ে কেজরিওয়ালের জামিন স্থগিত রাখে দিল্লি হাইকোর্ট। এরপর রবিবারই শীর্ষ আদালতের শরণাপন্ন হন কেজরি।

সোমবার কেজরিওয়ালের প্রতিনিধিত্বকারী সিনিয়র আইনজীবী অভিষেক মনু সিংভি জামিনে স্থগিতাদেশ দেওয়ার হাইকোর্টের রায় নিয়ে প্রশ্ন তোলেন। হাইকোর্টের নির্দেশ না দেওয়া পর্যন্ত মুখ্যমন্ত্রী কেন মুক্ত হতে পারবেন না বলে প্রশ্ন করেছেন সিংভি। কেঁসুলি বলেছেন, মুখ্যমন্ত্রীর পক্ষে জামিনের আদেশ রয়েছে। এরপর এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের পক্ষ থেকে এএসজি এসভি রাজু সুপ্রিম কোর্টকে বলেছেন, হাইকোর্টের আদেশ দু''এক দিনের মধ্যে আসবে। সুপ্রিম কোর্ট তখন বলে, এটি অধস্তন আদালত নয়, এটি একটি হাইকোর্ট। আগামী ২৬ জুন জামিন স্থগিতের বিষয়ে ফের শুনানি হবে সুপ্রিম কোর্ট।

## অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৬ ডলারের কাছাকাছি, পেট্রোল এবং ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ২৪ জুন (হি.স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেল প্রতি প্রায় ৮৬ ডলার এবং ডব্লিউটিআই ক্রুডের দাম ব্যারেল প্রতি প্রায় ৮১ ডলার। সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি সোমবার পেট্রোল এবং ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।

আন্তর্জাতিক বাজারে, ব্র্যান্ডেড ক্রুড সপ্তাহের প্রথম দিনে ০.০৬ ডলার বা ০.০৭ শতাংশ হ্রাসের সাথে ব্যারেল প্রতি ৮৫.১৮ ডলারে প্রবণতা করছে। একই সময়ে, ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) ক্রুডও ব্যারেল প্রতি ০.০৯ ডলার বা ০.১১ শতাংশ কমে৮০.৬০ ডলারে লেনদেন করছে,। ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, দিল্লিতে পেট্রোল স্থিতিশীল রয়েছে ৯৪.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৭.৬২ টাকায়। মুম্বইতে পেট্রোল ১০৪.২১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯২.১৫ টাকায় পাওয়া যাচ্ছে। একই সময়ে, কলকাতায় পেট্রোলের দাম ১০৩.৯৪ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৯০.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০০.৭৫ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৯২.৩৪ টাকায় বিক্রি হচ্ছে।





কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং রাসায়নিক ও সার মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা সোমবার নয়াদিল্লিতে 'স্টপ ডায়রিয়া ক্যাম্পেইন ২০২৪' চালু করেছেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং রাসায়নিক ও সার মন্ত্রকের প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল এবং আয়ুষ (স্বাধীন দায়িত্ব) এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী যাদব প্রতাপরাও গনপতরাও উপস্থিত রয়েছেন।

## হরিয়ানার হিসারে দুষ্কৃতীর গুলিতে খুন নবদম্পতি, তদন্তে পুলিশ

হিসার, ২৪ জুন (হি.স.): হরিয়ানার হিসারে দুষ্কৃতীদের গুলিতে খুন হলেন নবদম্পতি। সোমবার ঘটনাটি ঘটেছে হিসার জেলার হান্সি শহরে। তেজবীর সিং যিনি নারনাউন্দের বাদালা গ্রামের বাসিন্দা ও মীনা হান্সির সুলতানপুর গ্রামের বাসিন্দা। পুলিশ জানিয়েছে, সোমবার সকালে তাঁরা লালা হুকামচাঁদ জৈন পার্কে বসেছিলেন, সেই সময় দুই হামলাকারী মোটরবাইকে আসে।

দুষ্কৃতীরা তাঁদের দু''জনকে গুলি করে হত্যা করে পালিয়ে যায়। পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সিভিল হাসপাতালে পাঠিয়েছে। সূত্রের খবর, নবদম্পতির মধ্যে গত দুই বছর ধরে সম্পর্ক ছিল এবং তাঁরা দুই মাস আগে বাড়ি থেকে পালিয়ে বিয়ে করে। মেয়েটির পরিবার তাঁদের এই সম্পর্কের বিরুদ্ধে ছিল। তেজবীর নয়ডায় একটি বেসরকারি সংস্থায় কাজ করতেন।

# জরুরি অবস্থা নিয়ে কংগ্রেসকে নিশানা মোদীর

নয়াদিল্লি, ২৪ জুন (হি. স.): সোমবার বসেছে অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন। মন্ত্রিসভার শপথগ্রহণ ও অধিবেশন শুরুর মাঝে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস রেল দুর্ঘটনা, নিট ও নেট-সহ একাধিক সর্বভারতীয় পরীক্ষা কেলেঙ্কারি নিয়ে সরকারকে নিশানা করতে তৎপর বিরোধী শিবির। কিন্তু সোমবার সাংসদ হিসেবে শপথ নিয়েই বিরোধীদের সেই খোঁচার পালটা নিশানা করলেন নরেন্দ্র মোদী। নিজের ভাষণে জরুরি অবস্থার 'কালো দিনে'র কথা স্মরণ করিয়ে কংগ্রেসকে চাপে রাখার কৌশল নিলেন তিনি। ১৯৭৫ সালের ২৫ জুন দেশে 'জরুরি অবস্থা' জারি হয়েছিল। সোমবার সাংবাদিকদের সামনে সংক্ষিপ্ত বক্তব্যে সেকথা মনে করিয়ে দিলেন মোদী। তিনি বলেন, সংসদকে যাঁরা সম্মান করেন, তাঁরা দিনটি ভুলতে পারবেন না। ২৫ জুন সংবিধানের যে কালো দাগ লেগেছিল, মঙ্গলবার তার ৫০ বছর পূরণ হবে। প্রধানমন্ত্রী আরও বলেন, আমরা গৌরবের সঙ্গে সংবিধানকে রক্ষা করতে পেরেছি। দেশবাসী সংকল্প নেবে যে ভবিষ্যতে কেউ আর এই কালো দিন আনার সাহস দেখাতে পারবে না। আমরা জনগণের স্বপ্ন পূরণে সংকল্পবদ্ধ।

## রাশিয়ার উপাসনালয়ে বন্দুকবাজদের হামলা, নিহত একাধিক

মস্কো, ২৪ জুন (হি. স.): রাশিয়ার উত্তর ককেশাস অঞ্চলের দাগেস্তানের দুটি শহরে বন্দুকবাজদের হামলায় ৮ জন পুলিশ ও একজন ধর্মযাজক-সহ অন্তত ১৫ জন নিহত হয়েছেন। সেই সঙ্গে নিহত হয়েছেন ৬ জন সন্দেহভাজন বন্দুকবাজও। দাগেস্তানের গভর্নর সের্গেই মেলিকভ এই তথ্য জানান। জানা গেছে, স্থানীয় সময় রবিবার সন্ধ্যায় দাগেস্তান অঞ্চলের দেরবেন্ত ও মাখাচকালা শহরে ইহুদিদের একটি উপাসনালয় (সিনাগগ), একটি অর্থোডক্স চার্চ ও পুলিশের একটি তল্লাশিচৌকিতে হামলা চালায় বন্দুকবাজরা।

## প্রধানমন্ত্রী মোদীকে চিঠি লিখলেন দিল্লির মন্ত্রীরা, জল সঙ্কট সমাধানের আহ্বান

নয়াদিল্লি, ২৪ জুন (হি.স.): দিল্লিতে জল সঙ্কটের সমাধানের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে একটি চিঠি লিখেছেন দিল্লির মন্ত্রীরা। সেই চিঠিতে জাতীয় রাজধানীতে জল সঙ্কটকে অগ্রাধিকার ভিত্তিতে সমাধান করার জন্য প্রধানমন্ত্রীর কাছে অনুরোধ করেছেন তাঁরা। সোমবার দিল্লির পরিবেশ মন্ত্রী গোপাল রাই এই কথা বলেছেন। এক সাংবাদিক সম্মেলনে বক্তব্য রেখে দিল্লির মন্ত্রী গোপাল রাই, সৌরভ ভরদ্বাজ, কৈলাশ গেহলট এবং ইমরান হুসেন বলেছেন, অতিশীর অনির্দিষ্টকালের অনশন চতুর্থ দিনে প্রবেশ করেছে এবং তাঁর স্বাস্থ্যের অবনতি হচ্ছে। সোমবার অতিশীর অনশনস্থলে বৈঠকের পরই দিল্লির মন্ত্রীরা জল সঙ্কটের প্রেক্ষিতে প্রধানমন্ত্রীকে চিঠি দেওয়ার সিদ্ধান্ত নেন।

## শপথ শিক্ষামন্ত্রীর, নিট নিয়ে স্লোগান বিরোধীদের

নয়াদিল্লি, ২৪ জুন (হি. স.) : সোমবার বসেছে অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন। নিট—নেট বিতর্কে দেশজুড়ে চলা তোলপাড়ের ঝাপটা এসে লাগল অষ্টাদশ লোকসভার প্রথম দিনেই। প্রথামাফিক সোমবার অধিবেশনের প্রথমদিন নবনির্বাচিত সাংসদদের শপথগ্রহণ ছিল। কিন্তু শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের নাম ঘোষণা হতেই নিম্নকক্ষ জুড়ে "শেম, শেম" স্লোগান ওঠে। নিজের আসন ছেড়ে প্রোটেম স্পিকারের আসনের পাশে যাওয়া পর্যন্ত বিরোধী বেঞ্চ থেকে লাগাতার স্লোগান দেওয়া হয়। উল্লেখ্য, অধিবেশনের শুরুর দিনে সাধারণত শান্তিতে শপথবাক্য পাঠের পর্ব চলে। কিন্তু সেই শান্তিতে ব্যাঘাত ঘটলো শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের নাম ঘোষণা হতেই। বিরোধীরা একযোগে তাঁকে উদ্দেশ করে শেম শেম স্লোগান দিতে থাকেন। তাঁর আসন থেকে পোডিয়াম পর্যন্ত যেতে যতটুকু সময় লেগেছে, ততক্ষণ বিরোধী বেঞ্চ থেকে তাঁর বিরুদ্ধে স্লোগানে মুখর হয়ে ওঠে লোকসভা কক্ষ। প্রসঙ্গত, রাহুল গান্ধী থেকে অন্যান্য বিরোধীরা ইতিমধ্যেই একযোগে নিট-ইউজি ও নেট-ইউজিসি নিয়ে সুর চড়াতে শুরু করেছে।

## যোগ করা সময়ের গোলে স্কটল্যান্ডকে হারিয়ে আশা বাঁচিয়ে রাখল হাঙ্গেরি

স্টুটগার্ট, ২৪ জুন (হি. স.): স্টুটগার্টে রবিবার রাতে 'এ' গ্রুপের ম্যাচটিতে স্কটল্যান্ডের বিরুদ্ধে ১-০ গোলে জিতেছে হাঙ্গেরি। ৮৬তম মিনিটে বদলি নেমে এক্সট্রা টাইমের শেষ মিনিটে ব্যবধান গড়ে দেওয়া গোলটি করেন হাঙ্গেরির কেভিন চোবোথ। এই নাটকীয় জয়ে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের নক আউট পর্বে যাওয়ার আশা বাঁচিয়ে রাখল তারা। প্রথম দুই ম্যাচে হাঙ্গেরি হেরেছে। এই জয়ে ৩ পয়েন্ট নিয়ে গ্রুপে তৃতীয় হয়েছে তারা। চার তৃতীয় সেরা দলের একটি হিসেবে নক আউটে যাওয়ার আশা টিকিয়ে রাখল তারা।

## চণ্ডীগড়ে শপিং মলে টয়ট্রেন উল্টে মৃত্যু শিশুর

চণ্ডীগড়, ২৪ জুন (হি. স.): চণ্ডীগড়ের একটি শপিং মলে উল্টে গেল টয়ট্রেন। টয়ট্রেন উল্টে যাওয়ার পরপরই সেখানে বছর ১১-র এক শিশুর মৃতু হয়।

সোমবার পুলিশ সূত্রে জানা গেছে, চণ্ডীগড়ের একটি শপিং মলে টয়ট্রেন উল্টে গিয়ে ১১ বছরের এক বালকের মৃত্যু হয়। ঘটনার সিসিটিভি ফুটেজ ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। তাতে দেখা যাচ্ছে, চলতে চলতে ইউটার্ন নেওয়ার সময়ই টয়ট্রেনটি উল্টে যায়। তার জেরেই পড়ে গিয়ে মাথায় আঘাত পায় ওই শিশুটি। তাকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত ঘোষণা করে। পুলিশ ইতিমধ্যেই ওই টয়ট্রেন চালানোর অনুমতিতে নিষেধাজ্ঞা জারি করেছে এবং শপিং মলের টয়ট্রেন অপারেটরের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে বলেও জানিয়েছেন চণ্ডীগড়ের ডিএসপি রাম গোপাল।



সোমবার আগরতলায় যত্রতত্র পার্কিং-র বিরুদ্ধে ট্রাফিক দফতরের অভিযান চলেছে।

## মৃত্যু যুবকের

● আটের পাতার পর

ভাবেই মেনে নিতে পারছে না তার মা ও বাবা। জানা যায় দু বছর আগে ইলিন দেববর্মার বিয়ে হয়। পরবর্তীতে মৃতদেহটি পুলিশ আসার পর ময়নাতদন্ত করে পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

## সদস্যরা

● প্রথম পাতার পর

মন্ত্রীদের শপথ গ্রহণ। তারপর নবনির্বাচিত সাংসদদের, রাজ্যের নামের আদ্যক্ষর অনুযায়ী শপথ নেওয়ার জন্য ডাকা হবে। আগামী বুধবার হবে নতুন অধ্যক্ষ নির্বাচন। বৃহস্পতিবার উভয় সভার যৌথ অধিবেশনে ভাষণ দেবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। সেদিনই শুরু হবে, রাজ্যসভার অধিবেশন। ৩ জুলাই পর্যন্ত সংসদেরঅধিবেশন চলার কথা।

## প্রধানমন্ত্রীর

● প্রথম পাতার পর

বিরোধীরা আমাকে হতাশ করেছে। তবে আশা করছি, সংসদে তারা সুষ্ঠু ভাবে তাদের দায়িত্ব পালন করবে। মানুষ স্লোগান নয়, কাজ চায়।"

তৃতীয় মেয়াদে তিনগুণ বেশি পরিশ্রম করব, ফলও পাব তিনগুণ, দেশবাসীকে আশ্বস্ত করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোমবার প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'দেশবাসী আমাদের তৃতীয়বারের মতো কাজ করার সুযোগ দিয়েছে। আমাদের দায়িত্ব তিনগুণ বেড়েছে...তাই, আমি দেশবাসীকে আশ্বস্ত করছি, আমাদের তৃতীয় মেয়াদে আমরা তিনগুণ বেশি পরিশ্রম করব এবং তিনগুণ ফল পাব।' সোমবার থেকে শুরু হয়েছে অষ্টাদশ লোকসভার অধিবেশন।এদিন অধিবেশন শুরু হওয়ার প্রাক্কালে সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'দেশবাসী বিরোধী দলের কাছ থেকে ভালো পদক্ষেপ আশা করে। আমি আশা করছি গণতন্ত্রের মর্যাদা রক্ষায় বিরোধী দল দেশের সাধারণ নাগরিকদের প্রত্যাশা পূরণ করবে। জনগণ নাটক, ঝামেলা চায় না। মানুষ বিষয় চায়, স্লোগান নয়। দেশের একটি ভাল বিরোধী দল দরকার, একটি দায়িত্বশীল বিরোধী দল এবং আমার পূর্ণ বিশ্বাস যে, এই অষ্টাদশ লোকসভায় জয়ী সাংসদরা সাধারণ মানুষের এই প্রত্যাশাগুলি পূরণ করার চেষ্টা করবেন।'প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'সংসদীয় গণতন্ত্রে, এটি একটি গৌরবময় দিন... স্বাধীনতার পর প্রথমবারের মতো আমাদের নিজস্ব সংসদ ভবনে শপথ গ্রহণ অনুষ্ঠান হচ্ছে। পুরনো সংসদ ভবনে এটা হতো। এই তাৎপর্যপূর্ণ দিনে, আমি সকল নবনির্বাচিত সাংসদকে আন্তরিক স্বাগত জানাই, তাদের শুভেচ্ছা ও শুভকামনা জানাই।'

## সড়ক

● প্রথম পাতার পর

প্রত্যাহার করে নেয়। উপপ্রধান দিলীপ বাবু সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে বলেন যে, আসন্ন পঞ্চায়েত ভোটের পূর্বে নিজেদের অস্তিত্ব জানান দিতে স্থানীয় বিভিন্ন ইস্যুকে হাতিয়ার করে জনগনের ক্ষোভকে কাজে লাগিয়ে বিরোধী শিবির শাসক দলকে চাপে রাখতে চাইছে। তাই, রাস্তা অবরোধ করে মানুষকে বিভ্রান্ত করছে।তাছাড়াও উপ প্রধান জানান যে, গ্রাম পঞ্চায়েতের তিন নং ওয়ার্ড এলাকার রাস্তাটি মেরামতের জন্য পঞ্চায়েত কয়েকবার উদ্যোগ নিয়েছিল, কিন্তু প্রতিবারেই পঞ্চায়েত কর্তৃপক্ষ ব্যর্থ হতে হয়েছে। কারন, এলাকায় মাটির রাস্তা ইট সোলিং কিম্বা সি.সি রোড করতে হলে রাস্তার নির্দিষ্ট পরিমাণে প্রশস্ত থাকতে হয়, তাছাড়া চব্বিশ জুন সোমবার যারা রাস্তা সংস্কারের জন্য সড়ক অবরোধ করে জনসাধারণকে দুর্ভোগে ফেলেছে তারাই রাস্তার জন্য জমি দিতে রাজি হয়নি। পঞ্চায়েতের কিছু বাধ্যবাধকতা আছে। সেই কারণে রাস্তা তৈরির জন্য স্বেচ্ছায় জমি না দিলে পঞ্চায়েত রাস্তা তৈরি করে দিতে পারবে না। আর অবরোধকারীরা যে অভিযোগ এনেছে তা সম্পূর্ণ ভিত্তিহীন। এই রাস্তা নির্মাণের জন্য সংশ্লিষ্ট এলাকাবাসী কখনোই গ্রাম পঞ্চায়েত কিংবা বিডিওকে আবেদন করেনি। সমরুরপার পঞ্চায়েতও চায় গোটা পঞ্চায়েত এলাকার সমস্ত রাস্তা ইট সোলিং কিংবা সিসি রোড নির্মাণ করতে। তবে, উন্নয়নমূলক কাজের জন্য সকলের সহযোগিতার প্রয়োজন রয়েছে বলে দিলীপ বাবু জানান।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# "কিংপিনের" স্ত্রীর সঙ্গে ছবি, নিট-কাণ্ডে নীতীশকে খোঁচা লালুর দলের

পাটনা, ২৪ জুন (হি. স.) : নিট-ইউজি পরীক্ষায় দুর্নীতির অভিযোগ নিয়ে দেশ যখন উত্তাল, তখন দেশের রাজনীতির পারদও চড়ছে। আরজেডি নেতা তেজস্বী যাদবকে নিশানা করে লালুর দলকে এই কেলেঙ্কারির কাঠগড়ায় তুলেছিল শাসক দল। তারই জবাবে সোমবার মুখ্যমন্ত্রী নীতীশ কুমারকে বিঁধল লালুপ্রসাদ যাদবের দল। নিট প্রশ্নফাঁসের অন্যতম এক অভিযুক্তের স্ত্রীর সঙ্গে নীতীশ কুমারের ছবি পোস্ট করে কেলেঙ্কারির ইন্ধনদাতা বলে কটাক্ষ করেছে আরজেডি।

রাষ্ট্রীয় জনতা দল এক্স—এ নীতীশ কুমারের সঙ্গে নিট দুর্নীতিতে অন্যতম অভিযুক্ত সঞ্জীব মুখিয়ার স্ত্রী-র একটি ছবি পোস্ট করে। আরজেডির প্রশ্ন, নিট প্রশ্নফাঁসের কিংপিন সঞ্জীব মুখিয়াদের কে বা কারা রক্ষা করছে? আরজেডির আরও দাবি, সঞ্জীব মুখিয়ার স্ত্রী-র মুখ্যমন্ত্রীর কাছে সরাসরি পৌঁছানোর মতো ক্ষমতা আছে এবং তিনি শাসকদলের অত্যন্ত ঘনিষ্ঠ।

# ছেলে ধরা সন্দেহে গণপিটুনি গোপালনগরে

বনগাঁ, ২৪ জুন (হি.স.) : গত কয়েকদিনে রাজ্যে ছেলে ধরার প্রকোপ বেড়েছে! এবার বনগাঁতেও একই ঘটনার সূত্রপাত। সোমবার গোপালনগর থানার মামুদপুর চারাতলা এলাকায় এক যুবককে ছেলে ধরা সন্দেহে মারধরের অভিযোগ উঠল স্থানীয়দের বিরুদ্ধে। এর আগে বনগাঁ ঠাকুরপল্লী গাইঘাটার বেড়ি গোপালপুর এলাকায় এই ঘটনা ঘটে। খবর পেয়ে পুলিশ এসে উদ্ধার করে নিয়ে যায় তাকে।

এদিন স্থানীয়দের কাছে জানা গিয়েছে , এক সন্দেহজনক যুবককে দীর্ঘ সময় ধরে এলাকায় ঘোরাঘুরি করতে দেখা যায়। স্থানীয়রা জিজ্ঞাসাবাদ করে জানতে পারে, গতকাল রাতে তাকে চার জন এই এলাকায় গাড়িতে করে এনে ছেড়ে দিয়ে চলে গেছে। তার পরিচয় জানতে চাওয়া হলে অসংলগ্ন কথাবার্তা বলতে শুরু করে। কোনো কথার সঠিক উত্তর দিতে পারেনি। এরপর ছেলেধরা সন্দেহে তাকে বেধড়ক মারধর করে এলাকাবাসী। সেই ছবি পরে সোশাল মিডিয়ায় ভাইরাল হয়ে পরে। পথ চলতি অনেক মানুষ ক্যামেরা বন্দী করেছিল ওই ঘটনা। তারাই পরে ছড়িয়ে দেয় সোশাল মিডিয়ায়।

# মালদায় কাটমানি না দেওয়ায় মেলেনি রূপশ্রী প্রকল্পের টাকা

মালদা, ২৪ জুন (হি.স.) : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দুর্নীতি মুক্ত হওয়ার বার্তা দিচ্ছেন দিকে দিকে। অথচ তার বার্তা কানেই নিচ্ছেনা নেতা কর্মীরা। তাই ফের একবার সামনে এল কাট মানির অভিযোগ। ঘটনাটি ঘটেছে মালদার চাঁচল ২ নং ব্লকের জালাল পুর গ্রাম পঞ্চায়েতের শিমুলতলা এলাকায়। কাটমানি দিতে না পারায় মেলেনি রুপশ্রী প্রকল্পের টাকা। ব্লক প্রশাসনের দ্বারস্থ হয়েছেন ওই বধূ।

মালদার চাঁচল ২ নং ব্লকের জালাল পুর গ্রাম পঞ্চায়েতের শিমুলতলা এলাকার বাসিন্দা আনোয়ার হোসেনের মেয়ে আজিনা খাতুনের বিবাহ হয় গত বছর ডিসেম্বর মাসে। আনোয়ার দৃষ্টিশক্তিহীন। দিন আনে দিন খাওয়া পরিবার। ভেবেছিলেন রূপশ্রী প্রকল্পের টাকা পেলে মেয়ের বিয়ের খরচের জন্য অনেক সুবিধা হবে। বিবাহের দিন বাড়িতে এসেছিলেন সংশ্লিষ্ট দফতরের আধিকারিকেরা। কিন্তু অভিযোগ, যারা এসেছিলেন তারা ১০ হাজার টাকা দাবি করেছে। কিন্তু দরিদ্র আনোয়ারের সেই টাকা দেওয়ার ক্ষমতা হয়নি। তাই বিয়ের সাত মাস হলেও তার মেয়ে রূপশ্রী প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত।

## সংগঠনের

● প্রথম পাতার পর

বাম ছাত্র যুব সংগঠন। পাশাপাশি এই কেলেঙ্কারিতে যারা জড়িত রয়েছে তাদের বিরুদ্ধে কঠিন থেকে কঠিনতর শাস্তির ব্যবস্থা দাবি জানিয়েছেন তিনি।

## বন্যহাতির

● প্রথম পাতার পর

সানীয় মানুষ জঙ্গল থেকে লাকড়ি সংগ্রহ করে গিয়ে দেখেতে পান একটি বন্যহাতি মাটিতে পড়ে রয়েছে। সাথে সাথে তারা খবর পাঠিয়েছেন বন্য দপ্তরের কর্মী সহ বিদ্যুৎ কর্মীদের। জানা গিয়েছে প্রায় মাটি থেকে ৮ ফুট উচ্চতায় থাকা এসটি লাইন ঝুলে ছিল। তাতেই মৃত্যু হয়েছে বন্যহাতির।

## বিজেপি

● প্রথম পাতার পর

ছিল। ছোট বড় যেকোনো ধরনের চিকিৎসার জন্যই রাজ্যবাসীকে বহি:রাজ্যে যেতে হতো। কিন্তু বর্তমানে বিজেপি সরকার রাজ্যের ক্ষমতায় আসার পর রাজ্যের চিকিৎসা পরিষেবাকে ঢেলে সাজানো হচ্ছে। প্রতিক্ষেত্রে শিক্ষা ব্যবস্থায় উন্নতি হচ্ছে। সেই উন্নয়নের পথে বাধা সৃষ্টি করতে রাজ্যের জনগণকে উস্কানিমূলক বক্তব্যের মাধ্যমে বিভ্রান্ত করার চেষ্টা করছে বামেরা।

এছাড়াও সিপিআইএম দল সাংবাদিক সম্মেলনে অভিযোগ এনেছিল রাজ্যের ৯৬১ স্কুল বন্ধ করে দিয়েছে রাজ্য সরকার। এই অভিযোগ খণ্ডন করে প্রদেশ বিজেপির মুখপাত্র বলেন ভুল তথ্য ছড়িয়ে দিচ্ছে সিপিআইএম। এই স্কুলগুলিতে বন্ধ করা হয়নি। এই স্কুলে ৫০ জনেরও কম ছাত্রছাত্রী ছিল। পাশাপাশি ওই স্কুলগুলি তিন কিলোমিটারের মধ্যে অন্য বিদ্যালয় রয়েছে। সেই কারণেই বিদ্যালয়েগুলিকে একত্রিকরণ করা হয়েছে। এছাড়াও রেগার কাজ সম্পর্কে তিনি বলেন বিরোধীরা বলছেন রাজ্যে রেগার কাজ নেই। কিন্তু ২০২৪-২৫ অর্থ বছরেও রাজ্যে রেগার কাজ হচ্ছে এবং সেগুলি সঠিক সময়ে টাকাও মিটিয়ে দেওয়া হচ্ছে। বিরোধীদের অভিযোগকে খন্ডন করে বিরোধীদের বিরুদ্ধে মিথ্যা প্রচারের অভিযোগ তোলেন এদিন প্রদেশ বিজেপির মুখপাত্র সুব্রত চক্রবর্তী।

## চাকুরী প্রত্যাশীদের

● প্রথম পাতার পর

করেনি শ্রম দপ্তর। এ—বিষয়ে একাধিকবার শ্রম দপ্তরের দ্বারস্থ হয়েও কোন জবাব মিলছে না। এখনো পর্যন্ত নিয়োগ প্রক্রিয়া বন্ধ হয়ে আছে। সামনেই পঞ্চায়েত নির্বাচন হতে চলছে। তার আগেই ফল প্রকাশ করা হলে চাকুরী প্রত্যাশীদের ভবিষ্যতে জন্য ভালো হত।তাই আজ আবারও অতিসত্বর ফল প্রকাশের দাবিতে শ্রম দপ্তরে সামনে বিক্ষোভে সামিল হয়েছেন তাঁরা।

## রাহুল

● প্রথম পাতার পর

*নরেন্দ্র মোদীকে নিম্নকক্ষের সদস্য হিসেবে শপথবাক্য পাঠ করান প্রোটেম স্পিকার ভতু হরি মহতাব। পাশাপাশি কেরলের ওয়ানাড সংসদীয় আসন থেকে কংগ্রেস নেতা রাহুল গান্ধীর পদত্যাগপত্র গ্রহণ করেছেন প্রোটেম স্পিকার ভতু হরি মহতাব। রাহুল গান্ধী রায়বেরেলি লোকসভা আসন রেখে দিয়েছেন।*

## আহত ১

● প্রথম পাতার পর

ছাত্রছাত্রীদের কলেজে ভর্তি প্রক্রিয়াকে কেন্দ্র করে এবিভিপি ও টিএসএফ দুই ছাত্র সংগঠনের মধ্যে মারপিট হয়েছে। তাতে এক ছাত্র গুরুতর আহত হয়েছে। সাথে সাথে পুলিশকে খবর পাঠানো হয়েছে।এদিন তিনি বলেন, নতুন ছাত্র ছাত্রীদের মার্গদর্শনের জন্য কলেজে যথেষ্ট শিক্ষক শিক্ষিকা রয়েছেন। আলাদা করে কোনো সংগঠনকে মার্গদর্শন করার প্রয়োজন নেই।

# ভোট পরবর্তী হিংসায় আক্রান্ত আদিবাসী তৃণমূল কর্মী ! প্রতিবাদে বনকাটি পঞ্চায়েত ঘেরাও আদিবাসীদের

দুর্গাপুর, ২৪ জুন (হি. স.): ভোট পরবর্তী হিংসা অব্যাহত আদিবাসী সমাজে। ভোট মিটতেই দলের রোষে খোদ তৃণমূল কর্মী। ফল প্রকাশ হতেই প্রতিহিংসার শিকার আদিবাসীরা। হামলার পাশাপাশি তৃণমূল কর্মী আদিবাসী যুবককে কাজ থেকে বহিস্কার করার অভিযোগ উঠল। সোমবার তার প্রতিবাদে কাঁকসার বনকাটি পঞ্চায়েত ঘেরাও করল আদিবাসীরা। পুলিশি বাধা টপকে হুড়মুড়িয়ে ঢুকে পড়ল পঞ্চায়েতে। ঘটনাকে ঘিরে চরম উত্তেজনা ছড়াল এলাকায়।

উল্লেখ্য, গত ৪ জুন লোকসভার ফলাফল ঘোষনা হয়েছে। দিল্লীতে এনডিএ জোট সরকার গঠন করলেও, রাজ্যজুড়ে তৃণমূলের ঝড়। ২৯ টি আসনে তৃণমূল জয়ী হয়েছে। ফল ঘোষনার পর থেকে উত্তেজনা ছড়িয়ে পড়ে কাঁকসার জঙ্গলমহল বনকাটি অঞ্চলে। বিজেপি কর্মীদের আক্রমন,হুমকি, ব্যাবসা বন্ধ করার পর এবার দলীয় কর্মীদের ওপর আক্রমনের অভিযোগ উঠল। আক্রান্ত বনকাটি খেঁড়োবাড়ি আদিবাসী পাড়ার লোকজন ইতিমধ্যে পুলিশের দারস্ত হয়েছে। তাদের অভিযোগ, গত ৪ জুনের পর আদিবাসী পাড়ায় দফায় দফায় হামলা চালায় গ্রামের মাল পাড়ার লোকজন। কয়েক জনকে বেধড়ক মারধর করা হয়। ঘটনায় ৩ জন আহত হয়। ঘটনার পর থেকে চরম আতঙ্কিত। যদিও খবর পেয়ে গ্রামে পৌঁছায় বিশাল পুলিশবাহিনী। এবং পরিস্থিতি সামাল দেয়। এখানেই শেষ নয়। ফল প্রকাশের পরদিনই কাজ থেকে বহিস্কার করা হয় খোদ সক্রিয় তৃণমূল কর্মী দিলীপ কিস্কুকে। খেঁড়োবাড়ি এলাকায় পিএইচই পাম্প হাউসে গত ৭ মাস ধরে কর্মরত ছিল। অ্যাকাউন্ট মাধ্যমে মাইনে পেত। গত পঞ্চায়েত নির্বাচনে বনকাটির বসুধা থেকে তৃণমূলের পঞ্চায়েত সমিতির প্রার্থী হয়েছিল। এমনকি একসময় দলের হয়ে লড়াই করতে গিয়ে আক্রান্ত হয় দিলীপ কিস্কু। বিরোধীদের আক্রমনে মাথা ফাটে। এবং ১৬ টা সেলাই হয়। আরও এক দম্পতি, সোম কিস্কু ও বাসন্তি কিস্কু। বনকাটির বনগাঁ গ্রামে পাম্প হাউসের অপারেটারের কাজে নিযুক্ত ছিল। ফল প্রকাশের পর তাদেরও কাজ থেকে বসিয়ে দেওয়া হয়। গোটা ঘটনাটি কর্মচ্যুত ওই দুই পরিবার লিখিতভাবে প্রশাসনিক দফতরে জানায়। অভিযোগ, তারপরও কাজে ফেরানো হয়নি। সোমবার, বনকাটি পঞ্চায়েত ঘেরাও করে আদিবাসীরা। এদিন দুপুর নাগাদ প্রায় পাঁচ'শ আদিবাসী পরিবার পঞ্চায়েতে ঘেরাও করে। পঞ্চায়েতের সদর গেটে পুলিশ পহারা থাকলেও, সেসব টপকে ঢুকে পড়ে পঞ্চায়েতে। প্রায় ঘন্টা দুয়েক সেখানে বিক্ষোভ চলে।

আদিবাসী জুমিত গাঁওতার সম্পাদক সুনীল কিস্কু বলেন,' ১৭ দফা দাবিতে স্মারকলিপি দিয়েছি। বনকাটি অঞ্চলে আদিবাসীদের জাহের থানা, মাঝির থানের কোনরকম গুরুত্ব দেওয়া হয়নি। পাকা নির্মান করা হয়নি। আদিবাসীদের আবাস যোজনার বাড়ির তালিকায় ঠাঁই হয়নি। উল্টে ভোট মিটতেই আদিবাসীদের ওপর আক্রমন শুরু হয়েছে। খেঁড়োবাড়িতে আদিবাসীদের মারধর করা হয়। দুটি পাম্প হাউস থেকে তিন জনকে আচমকা কোনও কারন ছাড়াই ছাটাই করা হয়েছে। আদিবাসীদের ওপর বার বার আক্রমন কেন? তাই আমরা বিক্ষোভ দেখিয়েছি।'

পশ্চিমবঙ্গ আদিবাসী গাঁওতার আহ্বায়ক সুনীল সোরেন বলেন,' ১৫ দিন সময় নিয়েছে। প্রশাসনিক সঠিক পদক্ষেপের আশায় আছি। তবে এধরনের অন্যায় হলে, আদিবাসী সমাজ নিরব থাকবে না। আবারও আদিবাসী আন্দোলন শুরু হবে। কাঁকসা জঙ্গলমহল স্তব্ধ হয়ে যাবে।' এদিকে অভিযোগ অস্বীকার করে বনকাটি পঞ্চায়েতের উপপ্রধান সোমনাথ গাঙ্গুলি বলেন,' গত ১০ মাসে আদিবাসী এলাকায় উন্নয়ন হয়েছে। ডাঙ্গাল আদিবাসী গ্রামে কমিউনিটি হল, আধাশুলিতে প্রায় ১ কিমি রাস্তা কংক্রিটের করা হয়েছে। জাহেব থানগুলিতে সৌরবিদ্যুতায়ন। চাষের জন্য সৌরবিদ্যুত সাবমার্শিবাল বসানো হয়েছে।' তিনি আরও বলেন,' আদিবাসী সমাজে কাজ হওয়ার বড় প্রমান নির্বাচনি ফলাফল। গত ২০১৯ সালে প্রায় ২৮০০ ভোটে পিছিয়ে ছিলাম। ২০২৪ সালে ভোটে মার্জিন কমিয়ে প্রায় ৫০০ ভোটে পিছিয়ে আছি।'

# বড়জোড়ার ফুলবেড়িয়ায় বচসার জেরে টোটো চালকের হাতে প্রহৃত ভ্যান চালকের মৃত্যু

বাঁকুড়া,২৪ জুন (হি. স.) : যাত্রী তোলাকে কেন্দ্র করে টোটো ও ভ্যান চালকের মধ্যে বচসা থেকে ভ্যান চালকের মাথায় লাঠির বাড়িতে মৃত্যুর জেরে ধুন্ধুমার বড়জোড়ার ফুলবেড়িয়া। অভিযুক্ত টোটো চালকের দৃষ্টান্ত মূলক শাস্তি ও ভ্যান চালকের পরিবারকে উপযুক্ত ক্ষতিপূরণের দাবিতে সোমবার সকাল থেকেই ফুলবেড়িয়া মোড়ে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায় বাউড়ি সমাজ উন্নয়ন পর্ষদ।

স্থানীয় সূত্রে জানা যায় রবিবার বড়জোড়া থানার ফুলবেড়িয়া মোড়ে ভ্যান চালক দিলীপ বাউড়ি তার কয়েকজন আত্মীয়কে ভ্যানে চাপায় ।নিয়ম ভেঙে টোটোর যাত্রী ভ্যানে নিয়ে যাচ্ছে এই অভিযোগে টোটো চালক অভিজিৎ ভুঁই-এর সাথে ভ্যান চালক দিলীপের বচসা বাঁধে। বচসা চলাকালীন উত্তেজিত অভিজিৎ ভ্যান চালকের মাথায় লাঠি মারে।লাঠির ঘায়ে গুরুতর জখম হয় ভ্যান চালক।তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।রবিবার রাতেই ভ্যান চালকের মৃত্যু হয়।টোটো চালকের দৃষ্টান্ত মূলক শাস্তি চেয়ে সোমবার সকাল থেকে ফুলবেড়িয়া মোড়ে বাঁকুড়া-দুর্গাপুর ৯ নং রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান বাউরি উন্নয়ন পর্ষদের বড়জোড়া ব্লক কমিটির সদস্যরা। ফলে এই ব্যস্ততম সড়ক পথটি অবরুদ্ধ হয়ে পড়ায় দূরপাল্লার যাত্রীবাহী বাস সহ আটকে পড়ে বড়জোড়া শিল্পাঞ্চলে যাতায়াতকারি অসংখ্য পন্যবাহী গাড়ি।

পুলিশ সূত্রে জানা গেছে মৃত দীলিপ বাউরির বাড়ি ফুলবেড়িয়ার ক্যানেল পাড়ে। পেশায় তিনি ভ্যান চালক ছিলেন। রবিবার রাতের দিকে দীলিপ বাউরির মারা যাবার খবর প্রচার হতেই বাউরি উন্নয়ন পর্ষদের নেতারা ক্ষিপ্ত হয়ে ওঠেন। বড়জোড়া ব্লক কমিটির নেতারা , বড়জোড়া বেলিয়াতোড় এলাকার সমস্ত বাউরি অধ্যুষিত গ্রামের মানুষজনকে সোমবার সকাল ৯ টায় ফুলবেড়িয়া মোড়ে রাস্তা অবরোধ করার নির্দেশ দেন। সেইমত এদিন ৯ নং রাজ্য সড়ক অবরোধ করে অভিযুক্ত টোটো চালকের দৃষ্টান্ত মূলক শাস্তি ও ক্ষতিপূরণের দাবি করা হয়।

বাউরি উন্নয়ন পর্ষদের বড়জোড়া ব্লক সভাপতি বাপি বাউরি বলেন, দীলিপ বাউরি ভ্যান চালাতেন। তার কয়েকজন আত্মীয় আসায় তিনি ভ্যানে চাপিয়ে নিয়ে যাচ্ছিলেন। তার প্যাসেঞ্জার তুলে নিয়ে যাচ্ছে বলে পেশায় টোটো চালক পাশের চাঁন্দুড়িয়া গ্রামের যুবক অভিজিৎ ভুঁই-এর সঙ্গে দীলিপের ঝগড়া বাঁধে। দুজনের বচসা চলতে চলতে আচমকা টোটোতে থাকা একটি লাঠি দিয়ে দীলিপের মাথার পিছনে আঘাত করে অভিজিৎ ভুঁই। হুমড়ি খেয়ে পড়ে অচেতন হয়ে যায় দীলিপ। সঙ্গে সঙ্গে তাকে বড়জোড়া সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। প্রাথমিক চিকিৎসার পর সেখান থেকে বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। রাতের দিকে তিনি মারা যান।

বাউরি সমাজ থেকে দাবি করা হয়েছে এখনও তথাকথিত বর্ণ হিন্দু সম্প্রদায়ের কাছে বাউরি দলিত খেটে খাওয়া মানুষ শোষণ ও নিপীড়নের শিকার। আর যেন কেউ নিম্ন শ্রেণির মানুষ জনের প্রতি অত্যাচার না করে তার জন্য দৃষ্টান্ত মূলক শাস্তি চাই অভিযুক্তের। মৃতের কাকিমা যশোদা বাউরি বলেন দীলিপের ২ টি ছেলে মেয়ে। একমাত্র রোজগেরে ছিলেন। ওদের ভবিষ্যতের জন্য অভিযুক্তকে ৩ বিঘা চাষ জমি, এবং নগদ টাকার প্রতিশ্রুতি না পেলে অবরোধ থেকে সরবেন না। শেষমেশ পুলিশ উত্তেজিত জনতাকে শান্ত করে অবরোধ তোলে। পাশাপাশি নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে অভিযুক্তকে তার বাড়ি থেকে গ্রেফতার করা হয়েছে বলেও জানায় পুলিশ।

# অন্ডালের খান্দরা পঞ্চায়েত অফিসে তালা ঝুলিয়ে বিক্ষোভ তৃণমূল কর্মীদের

দুর্গাপুর, ২৪ জুন (হি. স.) : রাজ্যের মুখ্যমন্ত্রী নবান্ন থেকে স্বচ্ছ পরিষেবার কাজে কড়া বার্তা দিচ্ছেন। অন্যদিকে তখন স্বজনপোষণের অভিযোগে পঞ্চায়েতে তালা ঝুলিয়ে বিক্ষোভ দেখাল তৃণমূলের একাধিক পঞ্চায়েত সদস্য। সোমবার ঘটনাকে ঘিরে চরম উত্তেজনা ছড়াল অন্ডালের খান্দরা পঞ্চায়েতে। ঘটনাকে ঘিরে আবারও গোষ্ঠীকোন্দল প্রকাশ্যে চলে আসায় চরম অস্বস্তিতে পড়ছে শাসকদল।

উল্লেখ্য, অন্ডালের খান্দরা পঞ্চায়েতে ২৩ টি গ্রাম সাংসদের মধ্যে ২০ জন তৃণমূলের ও ৩ জন রয়েছেন সিপিএম সদস্য। গত বুধবার সুমিতা বাউরী ও আশিস নন্দী নামে দুইজন সদস্য পঞ্চায়েত কার্যালয়ের সদর দরজায় তালা ঝুলিয়ে বিক্ষোভ দেখিয়েছিলেন। সোমবার আবারও সেই একই ঘটনার পুনরাবৃত্তি ঘটে। কখনও পঞ্চায়েতে তালা ঝুলিয়ে আবার কখনও জোরপূর্বক পঞ্চায়েতে ঢুকে বিক্ষোভ দেখাল তৃণমূলের পঞ্চায়েত সদস্যরা। তবে এবার এক- দুই জন নয়, বিক্ষোভের সামিল হলো ১০ জন তৃণমূল পঞ্চায়েত সদস্য। এদিন বেলা ১২টা নাগাদ বিক্ষোভকারীরা পঞ্চায়েত অফিসে তালা ঝুলিয়ে বিক্ষোভ দেখাতে শুরু করে। ঘন্টা খানেক পর তালা খুলে দিলেও বিক্ষোভ চালিয়ে যান তারা।

বিক্ষোভকারীদের পক্ষে আশিস ভট্টাচার্য্য, শুভাশিষ সিনহা প্রমুখ সদস্যরা জানান,' প্রধান ও উপপ্রধান স্বজন পোষন করছেন। সিপিএমের সদস্যদের নিয়ে পঞ্চায়েত চালাচ্ছে। বাকি সদস্যদের গুরুত্ব দেওয়া হয় না। মানুষ সঠিক পরিষেবা পায় না। রাত সাড়ে ১১ টা পর্যন্ত অফিস খোলা। সন্ধ্যার পর দালালদের আড্ডা হয়। দুর্নীতির আঁতুড়ঘর তৈরী হয়েছে। দলের অনুশাসনকে মান্যতা দেওয়া হয় না। তাই আজ বিক্ষোভ। আমাদের দাবি এই প্রধান উপপ্রধানকে ইস্তফা দিতে হবে।' প্রসঙ্গত, সোমবার নবান্ন থেকে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উন্নয়ন ও স্বচ্ছ পরিষেবাকে সামনে রেখে কড়া বার্তা দিয়েছেন। তখন শিল্পাঞ্চলে দলেরই প্রধান উপপ্রধানদের স্বজন পোষনের ক্ষোভ উগরে বিক্ষোভ দেখাচ্ছেন তৃণমূল সদস্যরা। স্বাভাবিকভাবেই শাসকদলের গোষ্ঠীদ্বন্দ্ব প্রকাশ্যে আশায় চরম অস্বস্তিতে পড়েছে শাসক শিবির। যদিও অভিযোগ অস্বীকার করেছে খান্দারা পঞ্চায়েতের উপপ্রধান গনেশ বাদ্যকর। তিনি বলেন,' অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। ব্যক্তিগত স্বার্থে বারবার পঞ্চায়েতে তালা দিয়ে দলের শৃঙ্খলা ভঙ্গ করছে। দলকে কালিমালিপ্ত করছে। গোটা বিষয়টি দলের শীর্ষ নেতৃত্বকে জানানো হবে।'

# কৃষক বন্ধু দুর্নীতিতে নড়েচড়ে বসলো প্রশাসন, জেলা শাসকের নির্দেশে সরজমিনে তদন্তে বিডিও এবং কৃষি আধিকারিক

মালদা, ২৪ জুন (হি.স.) : কৃষকবন্ধুর টাকা নিয়ে বিস্তর অনিয়ম সামনে এসেছে মালদায়। ফলে বঞ্চিত হচ্ছেন প্রকৃত চাষিরা। চাষীদের এমনই অভিযোগে শোরগোল উঠেছিল। এবার নড়েচড়ে বসলো প্রশাসন।

জেলাশাসকের নির্দেশে সরজমিনে তদন্ত করে আধিকারিকরা। যদিও তদন্তে গিয়ে কোনরকম দুর্নীতির প্রমাণ সামনে আসেনি।যে চাষীরা এই অভিযোগ এনেছিলেন তারাই সম্পূর্ণ ১৮০ডিগ্রী ভোল পাল্টে দিয়েছেন।

জানা গেছে, স্থানীয় সিএসপির মালিক বিভ্রান্তিকর তথ্য দিয়েছিলেন।প্রত্যেক চাষী সঠিক ভাবে তাদের টাকা পাচ্ছে।গতকালই মালদার হরিশ্চন্দ্রপুর থানা এলাকার ইসলামপুর গ্রাম পঞ্চায়েতের তেলজান্না এলাকায় কৃষকরা এই অভিযোগ এনেছিলেন।ওই এলাকায় গিয়ে সরেজমিনে অভিযোগের তদন্ত করলেন হরিশ্চন্দ্রপুর ২ নম্বর ব্লকের বিডিও তাপস কুমার পাল এবং সহকারি কৃষি অধিকর্তা প্রভাত উৎপল আচার্য।অভিযোগ উঠেছিল হরিশ্চন্দ্রপুর ২ নম্বর ব্লকের তেলজান্না সুইস গেট এলাকার প্রায় শতাধিক কৃষক, কৃষক বন্ধুর টাকা থেকে বঞ্চিত হচ্ছেন। নির্দিষ্ট জমির ভিত্তিতে সেই কৃষকদের আইডি হয়েছে। কিন্তু কৃষক বন্ধুর টাকা ঢোকে নি তাদের অ্যাকাউন্টে।স্থানীয় সিএসপিতে গিয়ে তারা জানতে পারেন তাদের টাকা ঢুকছে নাবালকদের একাউন্টে। একজনের কাছেই থাকছে ১০০ থেকে ১৫০ টি অ্যাকাউন্ট। তার মাধ্যমেই চলছে দুর্নীতি।একই পরিবারের ৫ থেকে ৬ জন নাবালোকের অ্যাকাউন্টে ঢুকে যাচ্ছে টাকা।বিহারের অ্যাকাউন্টেও টাকা যাচ্ছে বাংলার কৃষকদের।অভিযোগ ওঠার পর নড়ে চড়ে বসে ব্লক প্রশাসন। আজ ওই এলাকায় ছুটে যান প্রশাসনিক কর্তারা। তারা সমস্ত অভিযোগকারীদের সঙ্গে কথা বলেন কাগজপত্র খতিয়ে পরীক্ষা করার পর প্রশাসনিক কর্তারা জানান ভিত্তিহীন অভিযোগ তোলা হয়ে ছিল। সমস্ত কাগজপত্র ঠিক আছে এবং নির্দিষ্ট অ্যাকাউন্টে টাকা ঢুকছে। এলাকার এক সিএসপি মালিক ওয়াসিম এলাকার কৃষকদেরকে ভুল বুঝিয়ে বিক্ষোভ তৈরি করে ছিলেন।আমরা এলাকার কৃষকদের সঙ্গে কথা বলেছি।তবে প্রশ্ন উঠেছে কেন এই ধরনের ভুয়ো অভিযোগ তুলে ছিলেন কৃষকরা।তাদের উদ্দেশ্যটাই বা কি ছিল। যদিও প্রশাসনিক তৎপরতায় সামনে এসেছে প্রকৃত সত্য।

# আমরা ক-জনাকে হারিয়ে প্রথম জয়ের স্বাদ পেয়েছে উমাকান্ত কোচিং সেন্টার



ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রথম জয়ের স্বাদ পেয়েছে উমাকান্ত কোচিং সেন্টার। লীগে নিজেদের প্রথম ম্যাচে বিবেকানন্দ ক্লাবের কাছে আট গোলে হেরে অনেকটা পিছিয়ে পড়লেও আজ, সোমবার আমরা ক-জনাকে ৩-২ গোলের ব্যবধানে হারিয়ে নিজেরা অনেকটা ঘুরে দাঁড়াতে সক্ষম হয়েছে। প্রথমার্ধে বিজয়ী দল তিন -একগোলে এগিয়ে ছিল। খেলার ছয় মিনিটের মাথায় জেরি দেববর্মার প্রথম গোল উমাকান্ত কোচিং সেন্টার ১-০ তে লিড নেয়। ১১ মিনিট বাদে দ্বিতীয় গোল জেরির। দুই গোলে এগিয়ে থেকে উমাকান্ত কোচিং সেন্টার কে কিছুটা রিলাক্স মনে হলে, সুযোগ বুঝে ৩২ মিনিটের মাথায় আমরা ক-জনার মন্দির রায় একটি গোল করে ব্যবধান কমিয়ে ১-২ করে নেয়। এদিকে উমাকান্ত কোচিং সেন্টার ফের আক্রমণাত্মক খেলায় মনোযোগী হয়। ৭ মিনিট বাদেই গৌতম ত্রিপুরার গোল উপকান্ত কোচিং সেন্টার কে ৩-১ এ লিড এনে দেয়। দ্বিতীয়ার্ধে উমাকান্ত কোচিং সেন্টার রক্ষণভাগে অনেকটা জোর দিয়ে সুযোগ বুঝে আক্রমণ রচনা করতেও ছাড়েনি। কিন্তু ৭১ মিনিটের মাথায় আমরা ক-জনার মন্দির ফের আরো একটি গোল করে ব্যবধান দুই-তিন করে নেয়। পরবর্তী সময়ে দু দলের মধ্যে পরস্পর বিরোধী লড়াকু খেলা নজরে এলেও গোলের সুযোগ কেউ পায়নি। খেলায় অসদাচরণের দায়ে রেফারি দুদলের চারজনকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি সুকান্ত দত্ত, পল্লব চক্রবর্তী, লিটন সাহা ও শিবজ্যোতি চক্রবর্তী। দিনের খেলা: বেলা তিনটায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে স্বামী বিবেকানন্দ ক্লাব বনাম বিবেকানন্দ ক্লাব।

# সি-ডিভিশন লিগ ফুটবল : সিমনা ঐকতানের ম্যাচ ড্র-তে নিষ্পত্তি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। সিমনার ম্যাচ আবারও ড্র তে নিষ্পত্তি। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন আয়োজিত সি ডিভিশন ফুটবলের এ গ্রুপের খেলায় ঐকতান যুব সংস্থা ও সিমনা তামাকারী ফুটবল ক্লাবের ম্যাচটি আজ, সোমবার এক-এক গোলে ড্র তে নিষ্পত্তি হয়েছে। দু দল পয়েন্টও পেয়েছে এক- এক করে। চার দিন আগে সিমনা তামাকারী ফুটবল ক্লাব ও পান্তৌয় স্পোর্টিং সোসাইটির সঙ্গে ম্যাচটিও এক-এক গোলে ড্র তে নিষ্পত্তি হয়েছিল। স্থানীয় উমাকান্ত মিনি স্টেডিয়ামে আজ, সোমবার বেলা একটায় ম্যাচ শুরুতে প্রথম থেকেই প্রচন্ড হাড্ডাহাড্ডি লড়াই দেখা যায়। আক্রমণ প্রতি আক্রমণের মধ্য দিয়ে প্রথমার্ধের খেলা গোলশূন্য ড্র তে শেষ হলেও দ্বিতীয়ার্ধের শুরু থেকেও চেহারার কোন পরিবর্তন হয়নি। খেলার শেষ পর্যায়ে ৮৫ মিনিটের মাথায় সিমনা তামাকারী ফুটবল ক্লাবের এডিশন দেববর্মা একটি গোল করে দলকে এগিয়ে দেয়। তবে তিন মিনিট আগে সতীর্থ জুভিয়াল দেববর্মা দ্বিতীয়বার খেলায় অসদাচরণের দায়ে রেফারি লাল কার্ড দেখিয়ে মাঠ থেকে বের করে দেন। প্রথমার্ধের ২৪ মিনিটের মাথায় জুভিয়াল কে প্রথমবার হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করা হয়েছিল। গুরুত্বপূর্ণ বিষয়, দশ জনে খেলে সিমনা তামাকারীর এডিশন গোল করে দলকে এগিয়ে দিলেও বেশিক্ষণ তা ধরে রাখতে পারেনি। ৫ মিনিট বাদেই ঐকতান যুব সংস্থার লাঞ্চি কাইপাঙ গোলটি শোধ করে খেলায় সমতা ফিরিয়ে আনে। পরবর্তী সময়ে জয় সূচক গোল করার কেউ আর ফুরসৎ পায়নি। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি পল্লব চক্রবর্তী, সুকান্ত দত্ত, লিটন সাহা ও শিবজ্যোতি চক্রবর্তী। দিনের খেলা: বেলা একটায় জম্পুইজলা প্লে সেন্টার বনাম পান্তৌয় স্পোর্টিং সোসাইটি।

# বিলোনিয়াকে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন আমবাসা গন্ডাছড়াকে হারিয়ে সান্তনার জয় ধর্মনগরের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয় দিয়ে লীগ অভিযান শেষ করেছে ধর্মনগর। তবে এই জয় নিছক সান্তনার জয়। কেননা এক ম্যাচ বাকি থাকতেই বি গ্রুপ থেকে সিনিয়র স্টেট মীট প্লেট বিভাগের টুর্নামেন্টে আমবাসা ও বিলোনিয়া সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে নিয়েছে। বিলোনিয়া বিদ্যাপীঠ মাঠে খেলায় ধর্মনগর ১১৫ রানের ব্যবধানে গন্ডাছড়াকে পরাজিত করেছে। ধর্মনগর প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে ৩৭.১ ওভারে ১৪৬ রান সংগ্রহ করলে জবাবে গন্ডাছড়া ব্যাটিং বিপর্যয়ে পড়ে মাত্র ৩১ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। বিজয়ী দলের দানবীর সিং পাঁচ বলে পাঁচটি উইকেট তুলে নিয়ে প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাবও পায়।

এদিকে, সাব্রুমের ব্রজেন্দ্রনগর স্কুল গ্রাউন্ডের খেলায় আমবাসা ১০৯ রানের ব্যবধানে বিলোনিয়াকে পরাজিত করে গ্রুপ চ্যাম্পিয়নের স্বীকৃতি পেয়েছে। প্রথমে ব্যাটিংয়ের সুযোগ পেয়ে আমবাসা ৪৮.৫ ওভার খেলে ৩৩০ রানে বিশাল স্কোর গড়ে তোলে। পাল্টা ব্যাট করতে নেমে বিলোনিয়া ২২১ রানে ইনিংস গুটিয়ে নেয় ৪৪.৪ ওভার খেলে। বিজয়ী দলের করন ত্রিপুরা তার অলরাউন্ড পারফরম্যান্সের সৌজন্যে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব পায়।

# জিরানিয়াকে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন তেলিয়ামুড়া জয় দিয়ে লীগ অভিযান শেষ অমরপুরের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। গ্রুপ লিগে শেষ ম্যাচে জয় নিয়ে ঘরে ফিরলো অমরপুর। যদিও টানা দ্বিতীয় জয়।

তবুও সান্তনার জয়। কেননা এক ম্যাচ বাকি থাকতেই এ গ্রুপ থেকেও সিনিয়র স্টেট মীট প্লেট বিভাগের ক্রিকেট টুর্নামেন্টে তেলিয়ামুড়া ও জিরানিয়া সেমিফাইনালে খেলার ছাড়পত্র অর্জন করে নিয়েছে। শান্তির বাজারে বাইখোরা ইংলিশ মিডিয়াম স্কুল মাঠে খেলায় অমরপুর ৬ উইকেটের ব্যবধানে সাব্রুমকে পরাজিত করেছে। সাব্রুম প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে ৩৮.৪ ওভারে ৮২ রান সংগ্রহ করলে জবাবে অমরপুর ১২.৫ ওভার খেলে চার উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়।

বলে ব্যাটে দারুন অলরাউন্ড পারফরম্যান্সের সুবাদে দেবোত্তম ঘোষ পেয়েছে প্লেয়ার অফ দা ম্যাচের খেতাব।

উল্লেখ্য, মেলাঘরে শহীদ কাজল স্মৃতি ময়দানের খেলায় তেলিয়ামুড়া ৩০ রানের ব্যবধানে জিরাঘনিয়াকে পরাজিত করে গ্রুপ চ্যাম্পিয়নের স্বীকৃতি পেয়েছে। প্রথমে ব্যাটিংয়ের সুযোগ পেয়ে তেলিয়ামুড়া ৩০ ওভার খেলে ১৬৭ রান সংগ্রহ করে। পাল্টা ব্যাট করতে নেমে জিরানিয়া ৭১ রানে ইনিংস গুটিয়ে নেয় ১৮ ওভার খেলে। বিজয়ী দলের শুভম ঘোষ নয় রানে তিনটি উইকেট এবং ব্যক্তিগত ৪৪ রানে, অর্থাৎ তার অলরাউন্ড পারফরম্যান্সের সৌজন্যে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাবও পায়।

# ওয়েস্ট ইন্ডিজের বিদায়, সেমিফাইনালে দক্ষিণ আফ্রিকা

কলকাতা, ২৪ জুন (হি. স.): চোকার্সরা ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষেও কঠিন পরিস্থিতিতে পড়েছিল, কিন্তু সব বাধা কোনক্রমে পার করে জয় তুলে নিয়ে সেমিফাইনালের টিকিট পেল তারা।

ফেবারিট ওয়েস্ট ইন্ডিজকে বৃষ্টি আইনে ৩ উইকেটে হারাল দক্ষিণ আফ্রিকা। দক্ষিণ আফ্রিকার সামনে পরিবর্তিত টার্গেট হয় ১২৩ রান। করতে হবে ১৭ ওভারে। এই রান তারা টপকে গেল ৫ বল হাতে রেখে।

এই রান করতেই এক সময় প্রথম সারির ৫ উইকেট চলে গিয়েছিল দক্ষিণ আফ্রিকার। শুধু টিকেছিল মারকুটে ব্যাটার ত্রিস্টান স্টাবস।তাকে নিয়েই জয়ের স্বপ্ন দেখছিল প্রোটিয়ারা। কিন্তু স্বপ্নে ব্যাঘাত ঘটে স্টাবস ২৯ রানে আউট হল। এরপরেই জয়ের পাল্লা ঝুঁকে পড়ে ওয়েস্ট ইন্ডিজের দিকে।

এরপর মার্কো জানসেনের ব্যাটে জয়ের কাছে চলে যায় তারা। কিন্তু ১৫ বলে ১৩ রান দূরে থাকতে কেশভ মহারাজ আউট হয়ে যান। ওই ওভারেই অবশ্য ৮ রান নিয়ে জয়ের পথ সহজ করেন জানসেন-রাবাদা জুটি। শেষ ওভারের প্রথম বলেই ছক্কা হাঁকিয়ে জয় পেয়ে যায় প্রোটিয়ারা। ১৪ বলে ২১ রান করে অপরাজিত থাকেন জানসেন। রাবাদ ৩ বলে করেন ৫ রান।

উল্লেখ্য প্রথমে ব্যাট করে ৮ উইকেটে ১৩৫ রান করেছিল ওয়েস্ট ইন্ডিজ।

# ইতিহাসের সবচেয়ে দামি ১০ নম্বর জার্সিটি পেলেন এই তরুণ !

নিউইর্য়ক, ২৪ জুন (হি. স.): ইতিহাসে ১০ নম্বর জার্সির মাহাত্মই আলাদা। ব্রাজিলের হয়ে ১০ নম্বর জার্সি পরে খেলেছেন পেলে, জিকো, রোনালদিনহো, রিভালদো ও নেইমারের মতো তারকারা। সেই ১০ নম্বর জার্সিটি এবার উঠল রিয়াল মাদ্রিদ তারকা রদ্রিগোর গায়ে। মঙ্গলবার কোপা আমেরিকায় কোস্টারিকার বিরুদ্ধে খেলতে নামছে ব্রাজিল।তিনি ব্রাজিলের হয়ে সেদিন প্রতিনিধিত্ব করবেন।

খেলা হবে ক্যালিফোর্নিয়ার সোফি স্টেডিয়ামে ভারতীয় সময় মঙ্গলবার সকালে কোস্টারিকার বিরুদ্ধে।

এই ম্যাচ দিয়ে শুরু হচ্ছে ব্রাজিলের এই কোপা আমেরিকার মিশন।

রদ্রিগো বলেন, 'ফুটবলের ইতিহাসের সবচেয়ে দামি এই জার্সিটি পরা সম্মানের। আমি জানি এটা বিশাল দায়িত্ব এবং আমি এটা গ্রহণ করেছি।

সারা বিশ্বের চোখ থাকবে এই জার্সির দিকে। আমি এই জার্সির সম্মান রাখতে প্রস্তুতি নিচ্ছি।'

২০১৯ সালের নভেম্বরে ব্রাজিলের জাতীয় দলে অভিষেক হয় রদ্রিগোর সৌদি আরবে আর্জেন্টিনার বিপক্ষে একটি প্রীতি ম্যাচে দিয়ে।ব্রাজিলের জার্সি গায়ে ৪৯টি ম্যাচ খেলে তিনি গোল দিয়েছেন ১৭টি।

# প্রথম দল হিসেবে সেমিফাইনালে গেল ইংল্যান্ড

কেনসিংটন, ২৪ জুন (হি. স.): টি-টোয়েন্টি বিশ্বকাপের ডিফেন্ডিং চ্যাম্পিয়ন ইংল্যান্ড চলতি বিশ্বকাপে প্রথম দল হিসেবে সেমিফাইনালে গেল।অথচ এই দলটির গ্রুপ পর্ব থেকে সুপার এইটে যাওয়া নিয়ে একটা সংশয় ছিল। রবিবার রাতে ৬২ বল হাতে রেখে যুক্তরাষ্ট্রকে ১০ উইকেটে হারিয়ে সেমিফাইনালের টিকিট কেটেছে বাটলারের দল।

কেনসিংটনে টস হেরে প্রথমে ব্যাট করে ১১৫ রানেই অলআউট হয়ে যায় যুক্তরাষ্ট্র।

যুক্তরাষ্ট্রকে অলআউট করার পেছনে ছিলেন ইংলিশ পেসার ক্রিস জর্ডান।

ইংল্যান্ডের হয়ে আন্তর্জাতিক ক্রিকেটে প্রথম বোলার হিসেবে হ্যাটট্রিকের দেখা পান এই পেসার। তিনি ১৮ ওভারে ৫ বলে ৪টি উইকেট নেন।

১১৬ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে ইংল্যান্ড কোন উইকেট না হারিয়ে ৯.৪ ওভারে ১১৭ রান করে।

জয়ের মূল নায়ক হলেন ইংলিশ অধিনায়ক বাটলার। তিনি মাত্র ৩৮ বলে অপরাজিত থাকেন ৮৩ রানে। ইনিংস খেলেন তিনি।

# বিশ্ব টেবিল টেনিস: প্রথম ভারতীয় হিসেবে সৃজা আকুলা জিতলেন ডাবলসের খেতাব

লাগোস, ২৪ জুন (হি. স.): বর্তমান সময়ে ভারতীয় টেবিল টেনিস ও বিশ্ব টেবিল টেনিসে অন্যতম জনপ্রিয় একজন প্যাডলার সৃজা আকুলা। প্যারিস অলিম্পিক যাওয়ার আগে তিনি এক নজির তৈরি করেছেন। নাইজেরিয়ার লাগোসে রবিবার তিনি প্রথম ভারতীয় প্যাডলার হিসেবে ডব্লুটিটি আয়োজিত কন্টেন্ডারে সিঙ্গেলসের খেতাব জয়ের নজির গড়েছেন। সৃজার এই পারফরম্যান্স প্যারিস গেমসের আগে ভারতীয় প্যাডলারদের উৎসাহ জোগাবে। লাগোসে ফাইনালে চিনের প্রতিভাবান প্যাডলার ডিঙ্গ ইজিকে ৪-১ গেমে হারিয়ে দিয়েছেন তিনি। তবে শুধু সিঙ্গেলস নয় ডাবলসের ফাইনালেও অর্চনা কামাথের সঙ্গে জুটি বেঁধে ডাবলসের খেতাবও জিতে এক ইতিহাস রচনা করেছেন তিনি।তারা ফাইনালে হারিয়ে দিয়েছেন স্বদেশীয় দিয়া চিতালে এবং অশ্বিনী ঘোরপাদে জুটিকে। খেলার ফল সৃজাদের পক্ষে ৩-০ (১১-৯,১১-৬,১২-১০)।

# সিনিয়র রাজ্য ক্রিকেটে প্লেট গ্রুপে সেমিফাইনালের লাইন আপ চূড়ান্ত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। সিনিয়র স্টেট মীট প্লেট গ্রুপের সেমিফাইনাল এর লাইনআপ চূড়ান্ত হয়েছে। আগামী ২৬ জুন ২ জেলার, দুই মহকুমার, দুই মাঠে একই সময়ে দুটি সেমিফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে। মেলাঘরে শহীদ কাজল স্মৃতি ময়দানে গ্রুপ এ চ্যাম্পিয়ন তেলিয়ামুড়া খেলবে গ্রুপ বি রানার্স বিলোনিয়ার বিরুদ্ধে। শান্তির বাজারে বাইখোড়া ইংলিশ মিডিয়াম স্কুল মাঠে অপর সেমিফাইনালে গ্রুপ বি চ্যাম্পিয়ন আমবাসা খেলবে গ্রুপ এ রানার্স জিরানিয়ার বিরুদ্ধে। টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে ২৮ জুন মেলাঘরে শহীদ কাজল স্মৃতি ময়দানে।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

জাগরণ 25 June 2024, Tuesday আগরতলা ২৫ জুন ২০২৪ ইং, ■ ১০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ, মঙ্গলবার

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com

■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023



# শহরকে যানজট মুক্ত রাখতে অভিযান ট্রাফিক দপ্তরের



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন:** শহরকে যানজট মুক্ত রাখতে অভিযানে নামে ট্রাফিক দপ্তর। গত ৬ মাসে অভিযানে নেমে ২১ হাজার ড্রাইভিং লাইসেন্স জব্দ করা হয়েছে। তার মধ্যে প্রায় সাত হাজার লাইসেন্স বাতিল করা হয়েছে এবং বাকি লাইসেন্সগুলোর বাতিলের প্রক্রিয়া চলছে। আজ বটতলা এলাকায় অভিযানে নেমে একথা বলেন ট্রাফিক পুলিশ সুপার মানিক দাস।

এদিন তিনি বলেন,শহরের আনাচে-কানাচে যত্রতত্র এলাকায় গাড়ি মোটর বাইক স্কুটি সহ নানান যানবাহন যেখানে খুশি সেখানেই পার্কিং করে চলছে জনগণ।মূলত শহরকে যানজট মুক্ত রাখতে আজকের এই অভিযান। তাতে যানযট সৃষ্টি হচ্ছে।এদিন তিনি বলেন, আগরতলায় শুধু নয় সারা ত্রিপুরায় ট্রাফিক দফতর থেকে এই অভিযান চালানো হচ্ছে। গত ৬ মাসে অভিযান চালিয়ে ২১ হাজার ড্রাইভিং লাইসেন্স জব্দ করা হয়েছে। তার মধ্যে প্রায় সাত হাজার লাইসেন্স বাতিল করা হয়েছে এবং বাকি লাইসেন্সগুলোর বাতিলের প্রক্রিয়া চলছে।

পাশাপাশি আগামী দিনেও এরকম অভিযান জারি থাকবে বলে জানিয়েছেন তিনি।

## বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু যুবকের

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২৪ জুন:** বিদ্যুৎপৃষ্ঠ হয়ে মর্মান্তিক মৃত্যু হয়েছে এক উপজাতি যুবকের। ওই ঘটনায় খোয়াই বাইজালবাড়ীস্থিত ঈশ্বরচন্দ্র পাড়ায় শোকের ছায়া নেমে এসেছে।ঘটনার বিবরণে জানা গিয়েছে, নিজ বাড়ীতে বিদ্যুৎ সারাইয়ের কাজ করছিলেন ইলিম দেববর্মা। তখনই বিদ্যুৎপৃষ্ঠ হয়েছে সে। ওই ঘটনার সময় পরিবারের অন্যান্য সদস্যরা কেউই বাড়ীতে ছিলেন না। পরবর্তী সময় পরিবারের সদস্যরা ঘটনা প্রত্যক্ষ করে ইলিম দেববর্মাকে খোয়াই জেলা হাসপাতালে নিয়ে গিয়েছিলেন। কিন্তু শেষ রক্ষা হয়নি। কর্তব্যরত চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষনা করেন।ছেলের এই মর্মান্তিক মৃত্যু কোন ☞ ৬ এর পাতায় দেখুন

# অঙ্গনওয়াড়ি কেন্দ্রে বসানো ডিপ টিউবওয়েল নিয়ে অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন:** অঙ্গনওয়াড়ি কেন্দ্রে বসানো ডিপ টিউবওয়েল নিয়ে অভিযোগ উঠেছে। আগামী দিন এলাকাবাসীরা ধলাই জেলা শাসকের দারস্থ হবে।

জানা গিয়েছে, ডি ডাব্লিউ এস থেকে ডলুবাড়ি কমলা ছড়া ভিলেজ কমিটির ডলুবাড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে জলের সুবিধার জন্য একটি ডিপ টিউবওয়েল বসানোর কাজ শুরু করা হয়েছিল শনিবার থেকে। ডি ডাব্লিউ এস থেকে ২৮০ ফুট বরাদ্দ ধরা হয়েছিল এই ডিপ টিউবওয়েল তৈরি করার জন্য। কিন্তু ঠিকেদার ও ডিডাব্লিউএস এর ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট বিমলেন্দু দেব মিলে ১২০ ফুট করে কাজ সমাপ্ত করে দেয়।এমনকি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের দিদিমণি সহ কমিটির মেম্বাররাও জানেন না এই কাজের বিষয়ে। আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে কমিটির মেম্বার ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রের হেল্পার জানিয়েছেন, ওই অঙ্গওয়ারী কেন্দ্রে জলের সমস্যা ছিল। তাই এই ডিপ টিউবওয়েল বসানো হয়েছে। কিন্তু কাজের গুণগতমান একেবারেই খারাপ। ২৮০ ফুট বসানোর কথা থাকলেও ১২০ ফুট বসিয়েই তারা পালিয়ে যায়।অভিযোগ অঙ্গনওয়াড়ি কেন্দ্রের পরিচালন কমিটি বারবার ওয়ার্ড এসিস্ট্যান্ট বিমলেন্দু দেব কে জানালেও তারা তাদের কথায় পাত্তা দেয়নি, তড়িঘড়ি করে একদিন এই কাজ সম্পূর্ণ করে চলে যায় ঠিকেদার সহ শ্রমিকরা। এই কাজ নিয়ে এলাকাবাসীরা অভিযোগ করলে তড়িঘড়ি কাজ সমাপ্ত করে সেখান থেকে পালিয়ে যায় কাজে নিযুক্ত কর্মীরা। আরও অভিযোগ বিমলেন্দু দেবের কথায় এই কাজে ব্যাপক নয়ছয় করা হয়েছে। আগামী দিন এলাকাবাসী সহ পরিচালন কমিটি ধলাই জেলা শাসকের দারস্থ হবে এই দুর্নীতি নিয়ে।

# বাইক সহ দুই চোর পুলিশের জালে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন:** গোপন সংবাদের ভিত্তিতে চুরি যাওয়া নম্বরবিহীন বাইক সহ দুই জন কুখ্যাত চোরকে জালে তুলতে সক্ষম হয়েছে পশ্চিম আগরতলা থানার পুলিশ। তাঁদের মধ্যে একজন বাংলাদেশী বলে জানিয়েছেন পশ্চিম থানার ওসি পরিতোষ দাস।

পশ্চিম থানার ওসি পরিতোষ দাস জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে গতকাল চুরি যাওয়া নম্বর বিহীন বাইক উদ্ধার করতে সক্ষম হয়েছে পুলিশ। সাথে দুই চোরকে গ্রেফতার করা হয়েছে। তাদের জিজ্ঞাসাবাদে জানা গিয়েছে গত মাসে তারা এই বাইক চুরি করেছিলেনগতকাল জয়নগর থেকে বাইক সহ তাদের গ্রেফতার করা হয়েছে। তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট মামলা দায়ের করা হয়েছে। আজ পুলিশ রিমান্ড চেয়ে আদালতে সোপর্দ করা হবে। এদিন তিনি আরও বলেন, ধৃতরা হলেন, চান্দিনামুড়ার বাসিন্দা আলমগির হোসেন এবং বাংলাদেশী অরিজিৎ হোসেন।

# দুর্গন্ধযুক্ত, অযোগ্য পানীয় জলের প্রতিবাদে টাকি রোড অবরোধ স্থানীয়দের

বসিরহাট, ২৪ জুন (হি.স.) : রাস্তার উপর টাওয়ার জ্বালিয়ে বেঞ্চ পেতে অবরোধ পৌর নাগরিকদের।উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার বসিরহাট পৌরসভার ১২ ও ১৩ নম্বর ওয়ার্ডের ঘড়িবাড়ি ত্রিমোহিনী , কালিবাড়ি সহ একাধিক এলাকায় পানীয় জলের সমস্যায় বেশ কিছুদিন ধরে।বারবার প্রশাসনকে জানিয়ে কোন লাভ হয়নি।তাই বাধ্য হয়ে টাকি রোডের উপর টায়ার জ্বালিয়ে বেঞ্চ পেতে অবরোধ করেছে স্থানীয় বাসিন্দারা।তাদের দাবি, """বেশ কয়েকদিন ধরে জলে দুর্গন্ধ, খাবার অযোগ্য। বাধ্য হয়ে তাই আজকে আমরা অবরোধ করেছি।""" এর ফলে রাস্তায় যান চলাচলের স্তব্ধ হয়ে পরে। ঘটনাস্থলে বসিরহাট থানার পুলিশ এসে সামাল দেয় পরিস্থিতি।

# নিখোঁজ মহিলার পচাগলা দেহ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন:** নিখোঁজ মহিলার পঁচাগলা মৃতদেহ উদ্ধার হয়েছে। পানিসাগর উত্তর দেওছড়া এলাকায় মৃতদেহ উদ্ধারের ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। প্রত্যক্ষদর্শীরা পুলিশকে খবর পাঠিয়েছেন। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছে। পুলিশ জানিয়েছেন, বৃদ্ধা মানসিক ভাবে অসুস্থ ছিলেন। কিন্তু এখনো পর্যন্ত মৃত্যুর কারণ জানা যায় নি বলে জানান তিনি।

জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, আজ সকালে সানীয় মানুষ পানিসাগর উত্তর দেওছড়া এলাকার পাশের জঙ্গল থেকে দুর্গন্ধ পাচ্ছিলেন। সানীয়রা জঙ্গলে প্রবেশ করে পচাগলা একটি দেহ দেখতে পেয়েছেন। সাথে সাথে তাঁরা পুলিশকে খবর পাঠিয়েছেন। পুলিশ ঘটনাস্থলে ছুটে গিয়ে জঙ্গল থেকে মৃতদেহ উদ্ধার করে নিশ্চিত হন তাঁর মৃত্যু হয়েছে।মৃতদেহ ময়না তদন্তের জন্য হাসপাতালে পাঠানো হয়েছে।

তিনি আরও জানিয়েছেন, পুলিশী তদন্তে জানা গিয়েছে জঙ্গল থেকে জ্যোৎস্না চক্রবর্তীর মৃতদেহ উদ্ধার হয়েছে। তিনি পাঁচদিন আগে কাউকে না জানিয়ে বাড়ি থেকে বের হয়ে গিয়েছিলেন। পরিবারের সদস্যরা অনেক খোজাখুজি করার পর তাঁর হদিস পাওয়া যায়নি। আজ সকালে তাঁর মৃতদেহ উদ্ধার হয়েছে। তিনি আরও জানিয়েছেন, বৃদ্ধ মহিলা দীর্ঘদিন যাবৎ মানসিক রোগে ভুগছিলেন।

# জুভেনাইল হোমের শৃঙ্খলতা রক্ষা করতে গিয়ে রক্তাক্ত আরক্ষা কর্মীরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন:** নরসিংগড়স্থিত জুভেনাইল হোমের শৃঙ্খলতা রক্ষা করতে গিয়ে আক্রান্ত আরক্ষা কর্মীরা। উশৃংখল সাজা প্রাপ্ত অপরাধীদের নিয়ন্ত্রণ করতে গিয়ে আক্রমণের শিকার এয়ারপোর্ট থানার দুই আরক্ষা কর্মী। ঘটনা রবিবার গভীর রাতে। জানা গেছে, সাজাপ্রাপ্ত অপরাধীদের গন্ডগোল নিয়ন্ত্রণের জন্য এয়ারপোর্ট থানা থেকে দুই আরক্ষা কর্মী সেখানে গিয়ে অপরাধীদের সঙ্ঘবদ্ধ আক্রমণের মুখে পড়ে। রক্তাক্ত হয়েছেন তারা। শৌচালয়ে ঢুকে আক্রমণকারীদের হাত থেকে প্রাণ বাঁচালো আরক্ষা কর্মীরা।

গভীর রাতে নড়সিংগড়ে জুবিনাইল হোমে সাজাপ্রাপ্ত অপরাধীদের মধ্যে গন্ডগোল বাঁধে। ঘটনাস্থলে পৌঁছায় এয়ারপোর্ট থানার এক পুলিশ কনস্টেবল ও একজন টিএসআর কর্মী। সেখানে যাওয়ার পর পরিস্থিতির নিয়ন্ত্রণে আনতে ভেতরে প্রবেশ করেন আরক্ষা কর্মীরা। তখন জুবিনাইল হোমের নিরাপত্তা কর্মীরা বাইরে থেকে গেট বন্ধ করে দেয়। তখনই সাজাপ্রাপ্ত ৪ অপরাধী ২ আরক্ষা কর্মীর উপর প্রাণঘাতী হামলা চালায়। রক্তাক্ত হয়েছেন আরক্ষা কর্মীরা। একসময় শৌচালয়ে পালিয়ে গিয়ে প্রাণে বাঁচে দুই আরক্ষা কর্মী। ধারণা করা হচ্ছে জুবিনাইল হোম থেকে পালিয়ে যাওয়ার উদ্দেশ্যেই এই আক্রমণ সংঘটিত করেছিল খুনের দায়ে সাজাপ্রাপ্ত শিশু অপরাধীরা। পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে। অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর আইনে ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে। পাশাপাশি জুবিনাইল হোমে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার দাবিও উঠেছে।

# শিশুকন্যাকে ফিরে পেতে দাবী জানালেন অসহায় বাবা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন:** শাশুড়ির অমানবিক নির্যাতনের হাত থেকে সাত বছরের শিশু কন্যাকে ফিরে পেতে দাবী জানালেন এক অসহায় বাবা ঘটনার বিবরণে জানা গিয়েছে, গত ১০ বছর আগে মোহনপুর থানার অন্তর্গত মনিপুরী চৌমুনী এলাকার বুলন দাসের মেয়ে শিল্পী দাস কে ভালোবেসে বিয়ে করেছিল আমতলী থানার অন্তর্গত মধুবন রামকৃষ্ণপুর গোবিন্দ কলোনি এলাকার সূর্য মোহন মালাকারের ছেলে অসীম মালাকার। বিয়ের পর তাদের ঘরে এক কন্যা সন্তানের জন্ম হয়। সন্তান জন্মাবার পর গৃহবধূর শিল্পী দাস পরপুরুষের সাথে প্রেমের সম্পর্ক গড়ে তুলেছে বলে অভিযোগ। শিল্পী দাসের কর্মকাণ্ড নজরে আসার পর স্বামী শ্বশুর বাড়ির লোকজন অনেকবার বুঝানোর চেষ্টা করেছিল কিন্তু এই রাস্তা থেকে কোনভাবেই ফিরে আসছিল না শিল্পী দাস।পরে একটা সময় শিল্পী দাস তাদের কন্যা সন্তানকে নিয়ে পর পুরুষের হাত ধরে পালিয়ে গিয়েছিল। অভিযোগ পর পুরুষের সাথে বিশ্রামগঞ্জ এলাকায় পুলিশের হাতে ধরাও পরে ছিল শিল্পী দাস। এই ঘটনার পর অসীম মালাকার তার ছোট্ট কন্যা সন্তানকে বাড়িতে নিয়ে আসে পরে পুলিশ নিয়ে এসে গৃহবধূ শিল্পী দাস তার সন্তানকে নিয়ে বাবার বাড়িতে চলে যায় এবং সেখান থেকে অন্য এক ছেলের সাথে সন্তানকে বাবার বাড়িতে রেখে ব্যাঙ্গালোরে চলে যায়। এদিকে ছোট্ট কন্যা সন্তানটি অসীম মালাকারের শশুর বাড়িতে তার শাশুড়ি সোমা দাসের কাছে রয়েছে।স্বামী অসীম মালাকারের অভিযোগ, তার এই ছোট্ট কন্যা সন্তানকে দিয়ে তার শাশুড়ি সোমা দাস বাড়ি ঘরের এবং দোকানের সমস্ত ধরনের কাজকর্ম করাচ্ছে এমনকি ছোট্ট কন্যা সন্তানটির উপর শাশুড়ি সোমা দাস শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করে চলেছে।

অসীম মালাকার আরো অভিযোগ করেছেন, তার শাশুড়ির সোমা দাসের একটি টিফিন এবং মদের দোকান রয়েছে সেই দোকানে তার শিশু কন্যাকে দিয়ে সমস্ত ধরনের কাজকর্ম করিয়ে শিশুটির ভবিষ্যৎ অন্ধকারের দিকে ঠেলে দিচ্ছে। যার ফলে সন্তানের ভবিষ্যতের কথা চিন্তা করে অসীম মালাকার সন্তানকে ফিরে পেতে আর্জি জানিয়েছেন।

# বেসরকারি মেডিকেল কলেজের পরিকাঠামো খতিয়ে দেখার দাবিতে ডেপুটেশন এসএফআই'র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন:** প্রাইভেট সংস্থা কর্তৃক পরিচালিত শান্তিনিকেতন মেডিক্যাল কলেজের জন্য আইজিএম হাসপাতালকে ব্যবহারের সুযোগ করে দেওয়ার বিষয়ে সুস্পষ্ট তথ্য জানতে ও কলেজটির সঠিক পরিকাঠামো রয়েছে কিনা সেটা তদন্তের দাবি সহ বিভিন্ন দাবিতে মেডিকেল শিক্ষা অধিকর্তার নিকট ডেপুটেশন প্রদান করেছে এসএফআই মেডিকোস লোকাল কমিটি।

কমিটির সদস্যরা জানান, শান্তিনিকেতন মেডিকেল কলেজের বিষয় সহ বিভিন্ন বিষয় নিয়ে এদিন মেডিকেল শিক্ষা অধিকর্তার সঙ্গে দেখা করেছেন তারা। রাজ্যে নিট-পিজি পরীক্ষা কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি, হঠাৎ পরীক্ষা বাতিলের ফলে বহিঃরাজ্যে পরীক্ষা দিতে গিয়ে ছাত্রছাত্রীদের আর্থিক ক্ষতি হয় তার জন্য ক্ষতিপূরনের দাবি জানিয়ে মেডিক্যাল শিক্ষা অধিকর্তার নিকট এদিন এই ডেপুটেশন পেশ করা হয়েছে।

ডেপুটেশন শেষে নেতৃত্বরা জানান, নিট - ইউজি ও নিট - পিজি পরীক্ষাগুলি ও তার ভবিষৎ এবং নিটের কাউন্সিলিং নিয়ে সুস্পট জবাব দিতে পারেননি অধিকর্তা, কিন্তু স্বীকার করেন যে ছাত্রছাত্রী থেকে অভিভাবক সকলের মধ্যেই এক বিভ্রান্তি ও উদ্বেগের পরিস্থিতি রয়েছে। তিনি জানান আগামী এক বা দুইদিনের মধ্যে ন্যাশনাল মেডিক্যাল কাউন্সিলের একটি দল শান্তিনিকেতন মেডিক্যাল কলেজটি পরিদর্শনে আসবেন। তারাই যাচাই করে দেখবে এই কলেজকে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ছাত্রভর্তির অনুমতি দেওয়া হবে কিনা। কিন্তু এখনো অব্দি এই কলেজের কাছে ছাত্র ভর্তির অনুমতি নেই বলে জানিয়েছেন মেডিকেল শিক্ষা অধিকর্তা।

## ধর্মনগরে রক্তদান

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৪ জুন:** বিশ্ব রক্তদান দিবস ধর্মনগরে বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে পালিত হল। এই রক্তদান দিবস হচ্ছে কার্ল ল্যান্ড স্টেইনারের জন্মদিন পালন। এই উদ্দেশ্যে ধর্মনগর ভ্যালেন্টারি ব্লাড ডোনার্স অ্যাসোসিয়েশন এক অনুষ্ঠানের আয়োজন করে।উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি চম্পু সোম, সম্পাদিকা অনিতা নাথ, উত্তর জেলার মুখ্য স্বাস্থ্য অধিকারী রাজ্যশ্রী নাগ সহ বিভিন্ন কর্মকর্তারা। এই অনুষ্ঠানে মোট ৫০ জন রক্তদাতাকে বিশেষ সংবর্ধনাতে সম্মানিত করা হয়। বিভিন্ন বিদ্যালয়ের যারা এনএসএস এর কাজে জড়িত এবং মহাবিদ্যালয়ের এনএসএসের ছাত্রছাত্রীরা এই রক্তদান সেবায় যোগদান করে। যিনি এই অনুষ্ঠানে সবচেয়ে বেশিবার রক্ত দিয়েছেন তিনি ৫৬ বার রক্তদান করেছেন এবং যিনি ন্যূনতম রক্তদান করেছেন তিনিও ৩৫ বার এই মহামূল্যবান রক্ত দান করেছেন। যারা এই অনুষ্ঠানে রক্ত দান করেছেন তারা প্রত্যেকেই পূর্বে বহুবার রক্তদান করেছেন কোন নতুন ডোনার এই অনুষ্ঠানে রক্তদান করেননি বলে জানান সম্পাদিকা অনিতা নাথ।

# বিজেপি কিষান মোর্চার উদ্যোগে মেগা বীজ বিতরণ সভা

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৪ জুন:** বিজেপি কিষান মোর্চার উদ্যোগে এবং কৃষিবিজ্ঞান কেন্দ্র ঊনকোটি জেলার ব্যবস্থাপনায় ভারত সরকারের নর্থইস্ট কম্পনেন্ট প্রজেক্ট এর সহায়তায় পেচারথল মন্ডলের উগলছড়া বাজারে এক মেগা বীজ বিতরণ সভা অনুষ্ঠিত হয়। প্রদীপ প্রজ্বলন করে বীজ বিতরণ সভার উদ্বোধন করেন ত্রিপুরা সরকারের মন্ত্রী সান্তনা চাকমা। উপস্থিত ছিলেন বিজেপি কিষান মোর্চা রাজ্য সভাপতি প্রদীপ বরণ রায়, ঊনকোটি জেলা কৃষিবিজ্ঞান কেন্দ্রের উদ্যান বিশেষজ্ঞ ডঃ রতন দাস, ঊনকোটি জেলা পরিষদ কৃষি কমিটির চেয়ারম্যান শুভেন্দু দাস, ঊনকোটি জেলা ফারমার্স ক্লাবসের কো-অর্ডিনেটর তথা কুমারঘাট পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মিলন দে, প্রাক্তন কৃষি তত্ত্বাবধায়ক প্রতাপ চন্দ্র দাস প্রমূখ।

সভায় স্বাগত ভাষণ রাখেন উদ্যান বিজ্ঞানী ডঃ রতন দাস ডঃ দাস তার ভাষনে কৃষিবিজ্ঞান কেন্দ্র কি এবং কেন তার বিস্তৃত আলোচনা করেন এবং কৃষকের সহায়তায় কৃষিবিজ্ঞান কেন্দ্র ঊনকোটি নিরন্তর প্রয়াস চালিয়ে যাবে বলে তিনি কথা দেন। কিষান মোর্চার রাজ্য সভাপতি তথা অল ত্রিপুরা ফারমার্স ক্লাবসের প্রতিষ্ঠাতা সভাপতি এবং ভারতীয় কৃষি অনুসন্ধান পর্ষদ এর সংস্থান ব্যবস্থাপনা সদস্য প্রদীপ বরণ রায় উনার ভাষণে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জির ত্রিপুরার কৃষকের প্রতি যে অবদান তার বিস্তৃত আলোচনা করেন।

প্রধান অতিথির ভাষণে মন্ত্রী সান্তনা চাকমা বলেন সরকার কৃষকের প্রতি অত্যন্ত সহানুভূতিশীল এবং প্রতিনিয়ত গ্রামের উন্নয়নে সরকার কাজ করে চলেছে আগামী দিনে কোন কৃষকের কোন অসুবিধা হলে সাথে সাথে সংশ্লিষ্ট দপ্তর তথা মাননীয় মন্ত্রী সাথে যোগাযোগ করতে বলেন। সভায় প্রায় পাঁচশত কৃষক কে ৮ প্রজাতি করে বর্ষাকালী সবজি বীজ বিতরণ করা হয়। সভায় মহিলা কৃষকের উপস্থিতি ছিল লক্ষণীয়। পরবর্তী বীজ বিতরণ সভা অনুষ্ঠিত হয়। সেখানে চারশত কৃষকের মধ্যে প্রত্যেক কৃষককে আট প্রজাতির বর্ষাকালীন সবজি বীজ বিতরণ করা হয়।

# "ভরতনাট্যম"-এ জাতীয় স্তরের বৃত্তি পেলেন অদ্রিজা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন:** ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রণালয় অধীন সিসিআরটি আয়োজিত ২০২৪ সর্বভারতীয় স্তরের স্কলারশিপ পরীক্ষায় "ভরতনাট্যম" - এ বৃত্তি পেলেন অদ্রিজা ভট্টাচার্য। রাজ্যের গর্ব অদ্রিজা, নৃত্য গুরু শ্রীমতী রূপা চৌধূরী র তত্বাবধানে সঙ্গম ডান্স একাডেমী থেকে ভরতনাট্যম এর তালিম গ্রহণ করেছে। অদ্রিজা নৃত্যের পাশাপাশি সংগীত চর্চা গুরু শ্রী অমর ঘোষ, আবৃত্তি গুরু শ্রী প্রনব সাহা ' দক্ষিণী' থেকে গ্রহণ করেছেন। নৃত্যে রাজ্যে ও রাজ্যের বাইরে নৃত্য পরিবেশন করেছেন।

অদ্রিজা ছোটবেলা থেকে নৃত্যের পাশাপাশি অভিনয় ও করেছেন। চলচ্চিত্রে অভিনয়ে তিনি প্রশংসার পরিচয় দিয়েছেন। অদ্রিজার বাবা শ্রী শুভ্রাংশু শেখর ভট্টাচার্য, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে এবং মাতা শ্রীমতী করবী চক্রবর্তী আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ ও জি বি পি হাসপাতাল এ কর্মরত। আদ্রিজা , হলিক্রস



স্কুল, আগরতলার দশম শ্রেণির ছাত্রী। তার এই সাফল্যে আত্মীয়স্বজন,বন্ধু বান্ধব, সঙ্গম ডান্স একাডেমী ও হলিক্রস কর্তৃপক্ষ সহ ওর সকল শুভানুধ্যায়ী যুগপৎ আনন্দিত ও গর্বিত।

# বেসরকারি মেডিকেল কলেজ মুখ্যমন্ত্রীকে চিঠি জিতেন্দ্রর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন:** পশ্চিমবঙ্গ ভিত্তিক একটি প্রাইভেট সংস্থা দ্বারা পরিচালিত হতে যাওয়া শান্তিনিকেতন মেডিকেল কলেজের জন্য আইজিএম হাসপাতালকে ব্যবহার করার সুযোগ করে দেওয়ার বিষয়ে রাজ্যের মুখ্যমন্ত্রীকে চিঠি দিলেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। চিঠিতে তিনি মুখ্যমন্ত্রীকে বলেন বিষয়টি তিনি যেন বিবেচনা করে দেখেন।

বিরোধী দলনেতা চিঠিতে উল্লেখ করেন, একটি বিদ্যমান ও কার্যকরী, সরকার পরিচালিত রেফারেল হাসপাতালকে কোন বেসরকারী সংস্থার কাছে হস্তান্তর করা কখনই প্রশংসনীয় হতে পারে না। এটি অবশ্যই একটি অত্যাবশ্যকীয় এবং মৌলিক পরিষেবা। এরফলে স্বাস্থ্য সুবিধা, ব্যয়বহুল এবং জনগণের জন্য আরও ঝামেলাপূর্ণ করে তুলবে। রাজ্যের বিভিন্ন দূর-দূরান্ত থেকে রোগীরা এই হাসপাতালে পরিষেবা গ্রহণ করতে আসেন। একটি ডেন্টাল কলেজ এবং একটি নার্সিং কলেজও এর মধ্যে স্থান পেয়েছে। এর মধ্যে আরও একটি মেডিকেল কলেজ এখানে সংযুক্ত হলে রোগিসহ তাদের পরজনদের দুর্ভোগ আরো বৃদ্ধি পাবে বলে তিনি জানান। তাই মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা যেন এ ধরনের কোনো বেসরকারি সংস্থাকে সরকারি হাসপাতাল ব্যবহার করার অনুমতি না দেন তার দাবি জানান বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী।

# ক্ষতিগ্রস্ত জগন্নাথপুর চা বাগান পরিদর্শনে বীরজিৎ



**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৪ জুন:** সোমবার বিধায়ক বীরজিত সিনহা জগন্নাথপুর চা বাগান পরিদর্শন করেন। তিনি বাগানের যে অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে সেসব স্থানও পরিদর্শন করেন। তাছাড়া তিনি চা বাগানের শ্রমিকদের সঙ্গে মিলিত হয়ে যাবতীয় বিষয়ে অবগত হন। উল্লেখ্য, শনিবার রাতে ড্রজার মেসিন দিয়ে চা বাগানের কয়েকটি স্থানে গর্ত করে দেয় দুস্কৃতিকারীরা। পরবর্তীতে রবিবার ঘটনার পরিপ্রেক্ষিতে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায় বাগানের শ্রমিকরা। এদিন পরিদর্শন শেষে বিধায়ক বীরজিত সিনহা বলেন শাসকদলের মদতপুষ্টরাই এই কাজ করেছে। পাশাপাশি শ্রমিকদের বকেয়া পাওনা মিটিয়ে দিতে বাগান কর্তৃপক্ষকে দাবি জানান। এই চক্রান্তর পিছনে গভীর ষড়যন্ত্র কাজ করছে বলে বিধায়ক বীরজিত সিনহার অভিযোগ। বাগানের ৩০/৪০হাজার চা গাছ উপরে নষ্ট করে দিয়েছে।

## পঞ্চায়েত অধিকর্তার নিকট ডেপুটেশন সিআইটিইউ'র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ জুন:** ১১ দফা দাবি আদায়ের লক্ষ্যে রাজ্য পঞ্চায়েত অধিকর্তার নিকট ডেপুটেশন প্রদান করল সিআইটিইউ এর এক প্রতিনিধি দল।

পানীয় জল সরবরাহ এবং কৃষি ক্ষেত্রে জল সেচের সঙ্গে যুক্ত পাম্প অপারেটরদের দীর্ঘদিনের বিভিন্ন সমস্যা রয়েছে। তাদের খুবই করুন অবস্থা। মজুরি ও একেবারেই কম। পাশাপাশি কোন ধরনের নোটিশ ছাড়াই তাদেরকে ছাটাই করে দেওয়া হয় প্রায়ই। যার ফলে একপ্রকার কর্মসংশয় নিয়ে ভুগছেন তারা। এরই পরিপ্রেক্ষিতে এদিন রাজ্য পঞ্চায়েত অধিকর্তার নিকট ডেপুটেশন প্রদান করা হয়েছে।




সোমবার আগরতলায় কালিকা জুয়েলার্সের পক্ষ থেকে অক্ষয় তৃতীয়া মেগা ড্র'র বিজয়ীদের পুরস্কার তুলে দেওয়া হয়েছে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।